




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 71 Years ■ Issue-190 ■ 19 April, 2025 ■ আগরতলা ১৯ এপ্রিল, ২০২৫ ইং ■ ৫ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


### রাজধানীতে যানজট নিয়ন্ত্রণে রাশ আওয়ারে

# রিকশা ও ই-রিকশার উপর নিষেধাজ্ঞা জারি, কার্যকর হচ্ছে নতুন ট্রাফিক বিধি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** আগরতলা শহরের যানজট পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আরও একধাপ এগোল পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন। শহরের দুটি গুরুত্বপূর্ণ সড়কে রিকশা ও ই-রিকশার চলাচলের উপর রাশ আওয়ারে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এই নির্দেশিকা অবিলম্বে কার্যকর হচ্ছে বলে জানিয়েছেন জেলা শাসক ডঃ বিশাল কুমার, আইএএস।

পুলিশ সুপার (ট্রাফিক) এর সুপারিশের ভিত্তিতে জারি করা এই নির্দেশে উল্লেখ করা হয়েছে, শহরের যানজট নিরসনের জন্য সকাল ৮টা ৩০ মিনিট থেকে ১১টা এবং বিকাল ৪টা ৩০ মিনিট থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত ধীর গতির যানবাহনের চলাচলে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। নিষেধাজ্ঞা জারি করা সড়কদুটি হলো, আইজিএম হাসপাতাল থেকে RMS চৌমুহনী - বি.কে. চৌমুহনী - কর্নেল চৌমুহনী - নর্থ গেট - মন্ত্রীপ্রাঙ্গণ পর্যন্ত (মোট ২.৫ কিমি) এবং আইজিএম থেকে TRTC ক্রসিং - বি.কে. চৌমুহনী পর্যন্ত (মোট ৬৬০ মিটার)।

জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, এই উদ্যোগ জনস্বার্থে গৃহীত হয়েছে এবং শহরের ট্র্যাফিক সচল রাখতে প্রয়োজনীয়। নির্দেশ অমান্য করলে কঠোর আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে প্রশাসনের তরফে।

এছাড়াও, প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, ভবিষ্যতে শহরের অন্যান্য ব্যস্ততম সড়কগুলিতেও একই ধরনের পদক্ষেপ গ্রহণ করা হতে পারে, যদি পরিস্থিতির উন্নতি না ঘটে।




এই সিদ্ধান্তে শহরবাসীর মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। কেউ কেউ একে সাধুবাদ জানালেও, রিকশা ও ই-রিকশার উপর নির্ভরশীল মানুষজনের মধ্যে কিছুটা অসন্তোষও দেখা যাচ্ছে। তবে প্রশাসন স্পষ্ট করে বলেছে, নাগরিক নিরাপত্তা ও শহরের স্বাভাবিক যান চলাচল বজায় রাখতে এই পদক্ষেপ অত্যাবশ্যক।

### বৈদ্যনাথের মূর্তি ভাঙার প্রতিবাদে বিক্ষোভ সভা

# জুলুমবাজ প্রশাসনের বিরুদ্ধে লড়াই জোরদার করার ডাক জিতেন্দ্রের



**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৮ এপ্রিল।।** শ্রীরামপুরে প্রয়াত উপ-মুখ্যমন্ত্রী তথা বিশিষ্ট বাম নেতা বৈদ্যনাথ মজুমদারের মূর্তি ভাঙার ঘটনার প্রতিবাদে উত্তাল হয়ে উঠল কৈলাশহর। ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বৃহস্পতিবার সিপিআই (এম) কৈলাশহর মহকুমা কমিটির উদ্যোগে এক বিশাল প্রতিবাদ মিছিল ও বিক্ষোভ সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন দলের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য শীর্ষ নেতৃত্ব।

সভায় বক্তব্য রাখতে গিয়ে জিতেন্দ্র চৌধুরী বলেন, "এই ঘটনা শুধুমাত্র কৈলাশহরের মানুষকে নয়, গোটা ত্রিপুরার মানুষের আবেগকে আঘাত করেছে। এটা শুধুমাত্র রাজনৈতিক প্রতিহিংসা নয়, ইতিহাস ও সংস্কৃতির উপর সরাসরি আঘাত।"

তিনি কড়া ভাষায় রাজ্য সরকারের সমালোচনা করে বলেন, "২০১৮ সালের পর ত্রিপুরায় কার্যত ভারতের সংবিধান অচল হয়ে পড়েছে। বিরোধী দলের পার্টি অফিসে হামলা, কর্মীদের উপর নির্যাতন ও সম্পত্তি ধ্বংস আজ নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে।" ☛ ৬ এর পাতায় দেখুন

## ওয়াকফ সহ একাধিক ইস্যুতে উদয়পুরে বামেদের বিক্ষোভ মিছিল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** ওয়াকফ আইন বাতিল, রান্নার গ্যাস, ঔষধ সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম হ্রাসের দাবিতে উদয়পুরে সিপিআইএম বিক্ষোভ মিছিলে সামিল হয়েছে। এদিনের মিছিলটি জামতলা থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় জামতলায় গিয়ে শেষ হয়েছে।

প্রসঙ্গত, বর্তমানে সারাদেশে কেন্দ্রীয় সরকারের নয়া ওয়াকফ আইন বাতিল করার দাবিতে সারা দেশে বিভিন্ন রাজনৈতিক দল আন্দোলন সংঘটিত করার আহ্বান জানিয়ে কর্মসূচি পালন করছে। এরই অংশ হিসেবে আজ উদয়পুর মহকুমায় সিপিআইএমের ডাকে অনুষ্ঠিত হয় এক মিছিল। মিছিলটি জামতলা ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যেও পালিত পবিত্র দিন গুড ফ্রাইডে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** গুড ফ্রাইডে খ্রিস্টান ধর্মালম্বীদের অন্যতম পবিত্র দিন। ধর্মীয় বিশ্বাস মতে এদিন প্রভু যীশু ক্রুশবিদ্ধ হয়ে প্রাণ দিয়েছিলেন। রাজ্যেও গুড ফ্রাইডে খ্রিস্টান ধর্মাবলম্বীরা নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালন করেন ।সকালে এ উপলক্ষে ব্যাপিস্ট চার্জে ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকালে প্রার্থনা সভার মধ্য দিয়ে দিনটির সূচনা হয় ।ধর্মীয় প্রার্থনা সভায় উপস্থিত ছিলেন খ্রিস্টান ধর্মাবলম্বী আবাল-বৃদ্ধ -বনিতারা।

গুড ফ্রাইডে তাৎপর্য বিশ্লেষণ করে বিস্তারিত আলোচনা করেন উদ্যোক্তারা। গুড ফ্রাইডে মূলত খ্রিষ্টানদের দ্বারা পালিত একটি ধর্মীয় ছুটির দিন। খৃষ্টীয় ধর্ম বিশ্বাস অনুযায়ী যিশু ☛ ৬ এর পাতায় দেখুন

# রাজ্যে উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিষয়ে শাহ ও নাড্ডার দরবারে মুখ্যমন্ত্রী





**নয়াদিল্লি, ১৮ এপ্রিল।।** কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সাথে নয়াদিল্লিতে সাক্ষাৎ করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা। এদিন রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে আলোচনা হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী।

এদিন মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে লেখেন, নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। তিনি রাজ্য সরকারের মূল উন্নয়নমূলক উদ্যোগগুলি নিয়ে আলোচনা করেন। পাশাপাশি, অগ্রগতির জন্য কেন্দ্রের কাছ থেকে তাঁর মূল্যবান দিক নির্দেশনা ও সমর্থন চাইলেন তিনি।

এদিকে, নতুন দিল্লিতে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সর্বভারতীয় সাধারণ সম্পাদক (সংগঠন) বি.এল. সন্তোষের সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ড. মানিক সাহা।

এই সাক্ষাৎ সম্পর্কে মুখ্যমন্ত্রী তাঁর সামাজিক মাধ্যমের পোস্টে লিখেছেন, সর্বভারতীয় সাধারণ সম্পাদক (সংগঠন) ☛ ৬ এর পাতায় দেখুন

# ঠিকাদারী কাজ নিয়ে গোষ্ঠীদ্বন্দ্ব কৈলাসহরে নাশকতার আগুনে পড়ল ৭০ লাখের মেশিন

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৮ এপ্রিল।।** কৈলাশহরে ঠিকাদারী কাজকে কেন্দ্র করে চরম উত্তেজনার সৃষ্টি হয়েছে। বিটুমিন প্লান্ট মেশিনসহ প্রায় ৭০ লক্ষ টাকার মেশিনারি আগুনে পুড়ে ছাই হয়ে গেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার রাতে দুর্গাপুর নেতাজি ক্লাব সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। আগুন দেওয়ার পেছনে চিহ্নিত দুষ্কৃতী চক্রের জড়িত থাকার অভিযোগ উঠেছে।

ঘটনার শিকার ঠিকাদার আব্দুল মান্নান জানান, মনু নদীর বাঁধ নির্মাণের কাজের বরাত পাওয়ার পর থেকেই তাঁকে একের পর এক হুমকি দেওয়া হচ্ছিল। ফোন, সামাজিক যোগাযোগমাধ্যমে হুমকি, মোটরবাইকে অগ্নিসংযোগ থেকে শুরু করে অফিস পাহারাপ্রতিটি ক্ষেত্রেই নিগো মাফিয়াদের তৎপরতা দেখা যায়। তবুও জনসম্পদ বিকাশ দপ্তরের তরফ থেকে কাজের ওয়ার্ক অর্ডার দেওয়া হয় এবং কাজও শুরু হয়।

ঘটনার রাতে সাদা রঙের একটি ওয়াগনার গাড়ি নিয়ে এসে দুষ্কৃতীরা বিটুমিন প্লান্ট মেশিন ও অন্যান্য যন্ত্রে পেট্রল ঢেলে আগুন লাগিয়ে দেয় বলে অভিযোগ। এলাকাবাসী গাড়িটি থামাতে চেষ্টা করলেও দ্রুত গতিতে গাড়িটি পালিয়ে যায়। খবর পেয়ে কৈলাশহর অগ্নি নির্বাপন দপ্তর ঘটনাস্থলে পৌঁছালে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। কিন্তু অভিযোগ, দুষ্কৃতীরা ফের আগুন লাগানোর চেষ্টা করে। শুধু তাই নয়, সিংগির বিল এলাকায় আব্দুল মান্নানের আরও কিছু মূল্যবান যন্ত্রপাতি ভাঙচুর করা হয় বলে তিনি জানান।

এই ঘটনার ফলে প্রায় ৭০ থেকে ৮০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করেন ভুক্তভোগী ঠিকাদার। তিনি বলেন, "যদি এই অরাজকতা চলতেই থাকে, তাহলে ভবিষ্যতে কোনও ঠিকাদারের পক্ষেই এখানে কাজ করা সম্ভব হবে না।"

সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে আব্দুল মান্নান বলেন, ঘটনার পেছনে কয়েকজনের সম্পৃক্ততা রয়েছে, যাদের নাম দিয়ে তিনি থানায় অভিযোগও দায়ের করেছেন। যদিও প্রাথমিকভাবে পুলিশ সক্রিয় ভূমিকা নিলেও পরবর্তীতে অদৃশ্য চাপে অভিযুক্তদের গ্রেপ্তার করা যায়নি বলে তাঁর অভিযোগ। তবে তিনি ☛ ৬ এর পাতায় দেখুন

### জাতীয় হেরাল্ড ইস্যু শহরে বিজেপির মিছিল

# রাহুল-সোনিয়ার জন্য দেশ আজ কলঙ্কিত হয়েছেঃ সাংসদ রাজীব




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** জাতীয় হেরাল্ড কেলেঙ্কারির দোষী হলেন সোনিয়া গান্ধি এবং রাহুল গান্ধি। তাঁদের কারণে আজ গোটা দেশ কলঙ্কিত। এমনটাই দাবি করলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য্য। এরই প্রতিবাদে আজ ভারতীয় জনতা যুব মোর্চার ত্রিপুরা প্রদেশের উদ্যোগে শহরে বিক্ষোভ মিছিল বের করা হয়েছে। এদিনের মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে শেষে পথসভার আয়োজন করা হয়েছে।

এদিনের মিছিলে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য্য, পাপিয়া দত্ত সহ অন্যান্যরা। এদিন শ্রী ভট্টাচার্য্য বলেন, গত ১৫ এপ্রিল ন্যাশনাল হেরাল্ড মামলায় সনিয়া গান্ধী এবং রাহুল গান্ধীর বিরুদ্ধে আদালতে চার্জশিট দিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। গত চারবছর ধরে ইডি অনুসন্ধান করে কংগ্রেসের সাধারণ সম্পাদক রাহুল গান্ধী এবং নেত্রী সোনিয়া গান্ধীর বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে। তাতে, হাজার হাজার কোটি টাকার আর্থিক লেনদেনের হদিশ পাওয়া গিয়েছে।

এদিন তিনি আরও বলেন, দ্য ন্যাশনাল হেরাল্ড হল দ্য অ্যাসোসিয়েটেড জার্নালস লিমিটেড দ্বারা প্রকাশিত একটি ভারতীয় সংবাদপত্র এবং রাহুল গান্ধীক এবং সোনিয়া গান্ধী একটি কোম্পানি ইয়াং ইন্ডিয়া লিমিটেডের মালিকানাধীন। এটি ১৯৩৮ সালে ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু তার জয়ের হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠা করেছিলেন। আজ গোটা দেশ তাঁদের জন্য কলঙ্কিত হয়েছে।

তাঁর কথায় 'অ্যাসোসিয়েটেড জার্নালস লিমিটেড' নামে যে সংস্থার হাতে সংবাদপত্রটির মালিকানা ছিল, বাজারে ৯০ কোটি টাকা দেনা ছিল তাদের। যার বেশির ভাগটাই কংগ্রেসের কাছ ☛ ৬ এর পাতায় দেখুন

# উন্নয়নের কাজে প্রভাবশারীদের বাঁধা বরদাস্ত করা হবে নাঃ মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** জনগণের উন্নয়নমূলক কাজে প্রভাবশালীদের বাঁধা বরদাস্ত করা হবে না। তারপরও বাঁধা দেওয়ার চেষ্টা করলে আইনি পথে হাটতে বাধ্য হবে নিগম। আজ আগরতলা আইজিএমচৌমুহনী থেকে ওরিয়েন্ট চৌমুহনী কভার ড্রেইনের কাজ পরিদর্শনে গিয়ে এমনটাই হুশিয়ারী দিয়েছেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

এদিন তিনি বলেন, বেশ কিছুদিন ধরে আগরতলা স্মাট সিটির অধীনে আইজিএম চৌমুহনী থেকে ওরিয়েন্ট চৌমুহনী কভার ড্রেইনের কাজ চলছে। আসলে প্রাকৃতিক দূর্যোগে জলমগ্ন শহরে বাঁচাতেই এই উদ্যোগ নিয়ে নিগম। কিন্তু আশ্চর্য্যের বিষয়, সরকারি কাজে বাঁধা দেওয়ার চেষ্টা করছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী সমীর রঞ্জন বর্মণ ও তার পরিবার। এমনটাই অভিযোগ মেয়র দীপক মজুমদারের।

তাঁর আরও অভিযোগ, আইজিএম চৌমুহনী থেকে ওরিয়েন্ট চৌমুহনী পর্য্যন্ত যে কভার যে নির্মাণ হচ্ছে তার মধ্যে বাধা দিচ্ছেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী সমীর রঞ্জন বর্মন। বেশ কিছু ☛ ৬ এর পাতায় দেখুন

# সিলিন্ডার ফেটে পুড়লো ৩টি দোকান, ক্ষতি প্রায় ৬ লাখ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** আজ সকালবেলা কাকড়াবন বাজারে একটি রেস্টুরেন্টে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ফলে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের বক্তব্য অনুযায়ী, বিস্ফোরণের তীব্র শব্দে গোটা এলাকা কেঁপে ওঠে এবং মুহূর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশেপাশের দোকানগুলিতে।

দমকলের একাধিক ইঞ্জিন দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। আগুনে অন্তত ২ থেকে ৩টি দোকান সম্পূর্ণভাবে ভস্মীভূত হয়েছে বলে জানা গেছে।

প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, এই অগ্নিকাণ্ডে প্রায় ৫ থেকে ৬ লক্ষ টাকার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ☛ ৬ এর পাতায় দেখুন

## পাচারকালে আটক দুই যুবতী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ এপ্রিল।।** সীমান্ত রক্ষীবাহিনীর চোখে ধুলো দিয়ে ত্রিপুরায় অনুপ্রবেশের দায়ে দুইজন বাংলাদেশী যুবতীকে আটক করে জিআরপি। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে।

প্রসঙ্গত, ত্রিপুরায় প্রতিনিয়তই বাংলাদেশি অনুপ্রবেশ চলছে। সীমান্ত সুরক্ষা বাহিনী কঠোর নজরদারি থাকা সত্ত্বেও বাংলাদেশি অনুপ্রবেশ বন্ধ করা যাচ্ছে না। দালালদের মারফতে কাঁটাতারের বেড়া অতিক্রম করে রাজ্যে বাংলাদেশের অনুপ্রবেশ এর ঘটনা নিত্যদিনের হয়ে দাঁড়িয়েছে। গতকাল জিআরপি থানা আগরতলা রেলস্টেশন থেকে চারজন বাংলাদেশী নাগরিককে গ্রেফতার করেছে।

জিআরপি থানার ওসি তাপস দাস জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে ☛ ৬ এর পাতায় দেখুন

### তেলিয়ামুড়ায় নেটওয়ার্ক বিভ্রাট

# ইঞ্জিনিয়ারকে আটকে রাখলো ক্ষুব্ধ জনতা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৮ এপ্রিল।।** রাঙ্খল কৃষ্ণ-হাউ পাড়া এলাকার বাসিন্দারা নেটওয়ার্ক সমস্যায় দীর্ঘদিন ধরে চরম ভোগান্তির শিকার। প্রায় তিন বছর আগে ভারত সঞ্চার নিগম লিমিটেড ওই এলাকায় একটি টাওয়ার বসালেও, এখন পর্যন্ত টাওয়ারটি চালু না হওয়ায় ক্ষোভে ফুঁসছেন সাধারণ মানুষ।

স্থানীয়রা জানিয়েছে, টাওয়ার বসানোর খবর পেয়ে এলাকাবাসী আশায় বুক বেঁধেছিলেন যে, এবার তাঁদের মোবাইল নেটওয়ার্ক ও টেলিফোনিক যোগাযোগের সমস্যা দূর হবে। অনেকেই বিএসএনএল-এর সিম কার্ডও সংগ্রহ করেছিলেন। কিন্তু বাস্তবে টাওয়ারের কার্যকারিতা আজও অধরাই থেকে গেছে।

শুক্রবার টাওয়ারের সমস্যার কারণ খতিয়ে দেখতে এক ইঞ্জিনিয়ার ঘটনাস্থলে এলে ক্ষুব্ধ এলাকাবাসীরা তাকে আটকে রেখে প্রতিবাদ জানান। দীর্ঘ সময় ধরে ইঞ্জিনিয়ারকে আটকে রাখার পর তেলিয়ামুড়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ঘটনার পর ইঞ্জিনিয়ার জানান, টাওয়ারটি চালু না হওয়ার পেছনে রয়েছে নানা প্রযুক্তিগত জটিলতা। তিনি আরও বলেন, "মানুষের ক্ষোভ স্বাভাবিক, তবে সমস্যাগুলি সমাধানে আমরা সচেষ্ট।"

এদিকে এলাকায় এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। বহু বাসিন্দার অভিযোগ, বারবার অনুরোধ করার পরেও টাওয়ার কার্যকর না হওয়ায় তাঁরা প্রতারিত বোধ করছেন। অনেকেই বিকল্প অপারেটরে চলে যাওয়ার কথাও ভাবছেন।

এই সমস্যার দ্রুত সমাধান ও টাওয়ার চালু করার জন্য এলাকাবাসীরা বিএসএনএল এবং প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেছেন।

জাগরণ
আগরতলা,১৯ এপ্রিল, ২০২৫ ইং
৫ বৈশাখ, শনিবার ১৪৩২ বঙ্গাব্দ

# শুল্ক যুদ্ধে শ্রীবৃদ্ধি

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির লোকাল ফর ভোকাল প্রকল্প যথেষ্ট গুরুত্বপূর্ণ হইয়া উঠিয়াছে। আর্থিক উন্নয়নে এই প্রকল্প সারাদেশেই ব্যাপক সাড়া পরিলক্ষিত হইতেছে। এমনকি এই মিশন গোটা বিশ্বজুড়ে সমাদৃত হইয়াছে। শুল্ক যুদ্ধে শ্রীবৃদ্ধি ঘটিয়াছে ভারতের। অ্যাপেল এর কাছ থেকেও ইহার সাফল্য মিলিয়াছে। আইফোন উৎপাদনে ভারত ইতিমধ্যেই সাফল্যের নজির গড়িয়াছে।বিশ্ব বাজারে সব থেকে বেশি চাহিদা রহিয়াছে অ্যাপল নির্মিত ফোনের। অ্যাপল তাহার আইফোন উৎপাদনের ক্ষেত্র হিসেবে এতদিন চিনকেই প্রাধান্য দিয়াছে। কিন্তু বর্তমানে তাহার কাছে প্রাধান্য পাইয়াছে ভারত। তাই মাত্র ১০ বছরেই চিনকে টপকে ভারত হইয়া উঠিয়াছে পণ্য উৎপাদনের শ্রেষ্ঠ বাজার হিসেবে। অ্যাপল এখন চিনের থেকে ভারতকে বেশি গুরুত্ব দিতেছে। যাহার প্রমাণ এই মুহূর্তে অ্যাপলের ২০ শতাংশ আইফোন ভারতে উৎপাদিত হয়। অ্যাপলের এই পছন্দের কারণ হিসেবে আর্থিক বিশ্লেষকেরা মোদীর পরিকল্পনাকেই প্রাধান্য দিয়াছেন। তাঁহাদের মতে, ১১ বছর আগে অর্থাৎ ২০১৪ তে প্রধানমন্ত্রীর কুর্সিতে বসিবার পর নরেন্দ্র মোদী 'মেক ইন ইন্ডিয়া'-যে ডাক দিয়াছিলেন তাহার ফল হিসেবেই ভারতের এই উন্নতি।ভারতে পণ্য উৎপাদনের জন্য বিদেশী সংস্থার সঙ্গে সু-সম্পর্ক গড়িয়া তুলিবার তাঁসার বার্তাই কাজ করিয়াছে। মোদীর ডাকে সাড়া দিয়াছে গত ১১ বছরে ভারতে পণ্য উৎপাদন বৃদ্ধি নজর কাড়িয়াছে। বর্তমানে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শুল্ক ঘোষণার যে রীতি চালু করিয়াছেন সেটি ভারতকে আরও অবসর করিয়া দেবে বলিয়া ধারণা আর্থিক বিশ্লেষকদের। তাঁহারা বলিয়াছেন, চিনের সঙ্গে আমেরিকায় শুল্কযুদ্ধ শুরু হইয়াছে। চিনে উৎপাদিত পণ্য আমেরিকায় রফতানি করা হইলে যে শুল্ক দিতে

হইবে, ভারতে উৎপাদিত পণ্যের ক্ষেত্রে সেই শুল্ক লাগিবে না। ফলে চিনের স্থানে ভারত অগ্রাধিকার পাইতেছে অ্যাপলের কাছে। এই পরিস্থিতিতে ভারতকে তাহাদের আইফোন উৎপাদনের ক্ষেত্র হিসাবে বিছিয়া নিবে অ্যাপল।২০২৪-২৫ অর্থবর্ষে ভারতে ২২ বিলিয়ন মার্কিন ডলার মূল্য আইফোন উৎপাদন হয়। তাহার আগের অর্থবর্ষের চাইতে যাহা ৬০ শতাংশ বেশি। ট্রাম্পের শুল্ক যুদ্ধ যেমন ভারতকে ব্যবসায় গতি দেবে আবার অন্যদিকে করোনার সময় চিনের বিরুদ্ধে ওঠা মহামারী ছড়ানোর অভিযোগও সেই একই কাজ করিয়াছে। করোনার সময় চিনে লকডাউন থাকাকালীন ভারতে আইফোন উৎপাদন বাড়াইতে পদক্ষেপ করে অ্যাপল। সেটাই এখন আরও বাড়িয়াছে। ব্লুমবার্গের রিপোর্ট বলছে, অ্যাপল তাহাদের উৎপাদিত আইফোনের ২০ শতাংশ ভারতে উৎপাদন করে। অর্থাৎ বিশ্বের ৫টি আইফোনের মধ্যে একটি আইফোন উৎপাদিত হয় ভারতে। ইহা ভারতের কাছে অন্যতম সাফল্যের নজির হিসেবে উপস্থাপিত হইয়াছে। ভবিষ্যতেও যে ভারত নানা ক্ষেত্রে সাফল্যের নজির গড়িবে তাহা বলাই বাহুল্য।

## মুর্শিদাবাদে অভয়া ক্লিনিক জুনিয়র চিকিৎসকদের

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): মুর্শিদাবাদের উপদ্রুত এলাকায় অভয়া ক্লিনিক খুলতে চলেছেন ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্টের সদস্যরা। সংগঠনের তরফে বলা হয়েছে সামশেরগঞ্জ, ধুলিয়ান এলাকায় এই ক্লিনিক খোলা হবে। জানা গেছে, শুক্রবারই রাতে কলকাতা থেকে রওনা দিচ্ছেন জুনিয়র চিকিৎসকদের একাংশ। উল্লেখ্য, ওয়াকফ ইস্যুতে গত শুক্রবার থেকে অশান্ত হয়ে ওঠে মুর্শিদাবাদের একাংশ। মানুষ আক্রান্ত, তিনজনের মৃত্যুও হয়েছে। এছাড়া ঘর-বাড়ি পোড়ানো থেকে শুরু করে ভাঙচুর, পুলিশের ওপরও হামলার ঘটনাও ঘটেছে।

## ২০০ টাকা না পাওয়ায় মাকে হত্যা, পলাতক ছেলে

রায়পুর, ১৮ এপ্রিল (হি.স.) : ছত্তিশগড়ের রায়পুরের অন্তর্গত নাগেশ্বর নগরে বৃহস্পতিবার রাতে এক মর্মান্তিক ঘটনা ঘটেছে। মাত্র ২০০ টাকা না পাওয়ায় মায়ের মাথায় হাতুড়ি দিয়ে আঘাত করে হত্যার অভিযোগ ছেলের বিরুদ্ধে। ঘটনার পর থেকে অভিযুক্ত পলাতক। শুক্রবার মৃতদেহের ময়নাতদন্ত হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্ত প্রদীপ দেবাঙ্গন (৪৫), পেশায় একজন ই-রিকশা চালক। বৃহস্পতিবার রাতে সে তার মা গনেশী দেবাঙ্গন (৭০)-এর কাছে একটি কুকুর কেনার জন্য ২০০ টাকা চায়। টাকা দিতে অস্বীকার করলে দুজনের মধ্যে বচসা বাধে এবং রাগের বশে প্রদীপ হাতুড়ি দিয়ে মায়ের মাথায় একাধিকবার আঘাত করে। এতে গুরুতর আহত হয়ে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

## দিলীপ ঘোষের বিয়ে নিয়ে মস্করা নয়, কড়া প্রতিক্রিয়া সুকান্ত মজুমদারের

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): দিলীপ ঘোষের বিয়ে বলে কথা! বৃহস্পতিবার বিকেল থেকেই শুভেচ্ছার বন্যা বয়ে যাচ্ছে রাজ্য রাজনীতিতে। নেট মাধ্যমও তার ব্যতিক্রম নয়। বেশি বয়সে বিয়ে করা নিয়ে অনেকে হাসি মস্করাও করছেন। শুক্রবার সকালে নিউটাউনে দিলীপবাবুর বাড়িতে শুভেচ্ছা জানাতে এসে নেতিবাচক মন্তব্যের তীব্র প্রতিবাদ জানালেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

ঝাঁঝের সুরেই সুকান্তবাবু উপস্থিত সংবাদমাধ্যমকে বলেন, 'দিলীপ ঘোষের বিয়ে, এর মধ্যে অস্বাভাবিক কী রয়েছে? বিশেষ করে আমরা যেখানে কলকাতায় থাকি!' সুকান্তবাবু বোঝাতে চান, বয়সটা কোনও ফ্যাক্টরই নয়, আসল হল মনের মিল!

সাংবাদিকদের কাছে তাঁর ব্যাখ্যা, 'এর আগে বহু রাজনৈতিক ব্যক্তিত্ব বেশি বয়সে বিয়ে করেছেন। প্রিয়রঞ্জন দাশমুন্সি, ইন্দ্রজিৎ গুপ্তর কথা মনে করুন। ইন্দ্রজিৎবাবু তো আবার ধর্ম পরিবর্তন করে বিয়ে করেছিলেন। ফলে বিয়ের মধ্যে অস্বাভাবিক কিছু নেই। রাজনীতিতে যাঁরা থাকেন, তাঁদের সমাজের কাজ, রাজনীতির কাজ করতে করতে কিছুটা দেরি হয়ে যায়। যেমন প্রিয়রঞ্জনদার অনেক পরে বিয়ে হয়েছিল। এরকম অনেক রাজনৈতিক ব্যক্তিত্ব রয়েছে।'

আইনি এবং বৈদিক মতে সুকান্তবাবু দিলীপ ঘোষের বিয়ের কথা জানান। এরপরই কৌতূহলী সংবাদমাধ্যমের তরফে বিয়ের আচার, অনুষ্ঠান নিয়ে একাধিক প্রশ্ন করা হয়। জবাবে অভিভাবকসুলভ ভঙ্গিতে সুকান্ত বলেন, 'বিয়ে বিষয়টা সবার জীবনের ব্যক্তিগত পরিসর, এতে কারও বেশি না ঢোকাই ভাল!'

## হরিয়ানার নূহ কোর্টের স্টেনোগ্রাফারের উপর হামলায় ৩ অভিযুক্ত গ্রেফতার

ফরিদাবাদ, ১৮ এপ্রিল (হি.স.) : ফরিদাবাদ জেলার নূহ কোর্টের স্টেনোগ্রাফারের উপর হামলার ঘটনায় গ্রেফতার ৩ অভিযুক্ত। শুক্রবার অভিযুক্তদের আদালতে পেশ করে, যেখান থেকে তাদের জেল হেফাজতে পাঠানো হয়েছে। এক পুলিশ আধিকারিক জানান , নূহ কোর্টের স্টেনোগ্রাফার পদে কর্মরত বিজয় কুমারের গাড়িতে ধাক্কা মেরে তার মোবাইল ছিনতাই এবং গাড়ির কাচ ভেঙে দেয় অভিযুক্তরা। পুলিশের জিজ্ঞাসাবাদে অভিযুক্তরা স্বীকার করেছে, নিয়ন্ত্রণ হারিয়ে এ ঘটনা ঘটে। পুলিশ ছিনতাই হওয়া মোবাইল ও স্করপিও গাড়ি বাজেয়াপ্ত করেছে।

# নিউরাল নেটওয়ার্কের সূচনা

মশিউর রহমান

কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির সঙ্গে আমরা কম-বেশি সবাই পরিচিত। যারা এই টুল এখনও ব্যবহার করেননি বলে মনে করেছেন, তাঁরাও কিন্তু নিজের অজান্তেই এ প্রযুক্তি ব্যবহার করছেন। আপনি যখন ফেসবুক দেখছেন, তখন ফেসবুক অ্যাপের কৃত্রিম বুদ্ধিমত্তা সিস্টেমটি আপনার আগ্রহের বিষয়গুলো মুহূর্তের মধ্যেই সংগ্রহ করে আপনাকে দেখাচ্ছে। অর্থাৎ নিজের অজান্তেই এ প্রযুক্তি আপনাকে ঘিরে রেখেছে। বর্তমানে বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহৃত হলেও কে প্রথম এই প্রযুক্তি ব্যবহার করেছিল? বিশ্ববাসীকে কে দেখিয়েছিল যে যন্ত্রকে দিয়েও বুদ্ধিবৃত্তিক কাজ করানো যায়? আপনি হয়তো ওয়াল্টার হ্যারি পিটস এবং অ্যালান ট্যুরিংয়ের নাম শুনেছেন। কৃত্রিম বুদ্ধিমত্তা শুরুর গল্পের নায়ক এই দুজন। ১৯৪৩ সালে প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তার ধারণাটি দেন তাঁরা। সঙ্গে কিছু মৌলিক তাত্ত্বিক কাজও করেন। কিন্তু সত্যিকারের এমন একটি মেশিন বানিয়ে বিশ্ববাসীকে তাক লাগিয়ে দিয়েছিলেন কে? এই প্রশ্নের উত্তর পেতে হলে আমাদের একটু পেছনে যেতে হবে।

১৯৫৮ সালের গ্রীষ্মকালে বিশ্বজুড়ে একটি পরিবর্তনের হাওয়া বইছিল। মাত্র তিন বছর আগে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়েছে। যুদ্ধের পরে যে ক্ষতি হয়েছে, তা বয়ে যাচ্ছে বিশ্বজুড়ে। যুদ্ধ থেমে গেলেও তৎকালীন সোভিয়েত ইউনিয়ন আর যুক্তরাষ্ট্রের মধ্যে শুরু হয়েছে একটা শীতল যুদ্ধ। বিশেষ করে প্রযুক্তি জগতে কে কার থেকে বেশি এগিয়ে আছে, সেটাই একে অপরকে প্রমাণ করতে ব্যস্ত। মাত্র এক বছর আগে স্পুটনিক উৎক্ষেপণ করে গোটা বিশ্বকে চমকে দিয়েছে সোভিয়েত ইউনিয়ন। যুক্তরাষ্ট্র বিপরীতে কিছু একটা দেখিয়ে বিশ্ববাসীকে বোঝাতে চাইছে যে তারাও পিছিয়ে নেই। সেই প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আইজেনহাওয়ার স্থাপন করলেন মহাকাশ গবেষণা সংস্থা নাসা। পাশাপাশি কম্পিউটার প্রযুক্তিও সমান তালে এগিয়ে যাচ্ছিল। যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ে তৈরি হলো প্রথম কম্পিউটার এনিয়াক। তখন বাণিজ্যিকভাবে কম্পিউটার তৈরির প্রতিযোগিতাও শুরু হয়েছে। সেই সময়ে নিউইয়র্ক শহর থেকে ৬০০ কিলোমিটার দূরে বাফালো শহরে এক বিজ্ঞানী তাঁর গবেষণাগারে বসে ভাবছেন, মেশিন কি মানুষের মতো চিন্তা করতে পারে? মেশিন দিয়ে কি কোনো বুদ্ধিমত্তার কাজ করিয়ে নেওয়া যায়? দুই বছর আগে তাঁর পিএইচডি গবেষণা শেষ করেছেন মানুষের শেখার প্রক্রিয়ার ওপর। তিনি পিটস এবং ট্যুরিংয়ের গবেষণাপত্রটি পড়ে খুব উদ্বুদ্ধ হয়েছেন। তবে তাত্ত্বিক ভাবে নয়, তিনি হাতে-কলমে তা তৈরি করার স্বপ্নে বিভোর। কীভাবে এমন একটি যন্ত্র তৈরি করা যায়, যার বুদ্ধি রয়েছে? অনেক ভাবনা-চিন্তা করে তিনি খুব সাধারণ একটা পরীক্ষা করে দেখতে চাইলেন, আদৌ যন্ত্রকে শেখান যায় কিনা? ভাবলেন, প্রথমে যন্ত্রকে কিছু ছবি দেখাবেন। তারপর প্রশ্ন করে দেখবেন যন্ত্র উত্তর দিতে পারে কিনা। যন্ত্র যদি ভুল করে, তাহলে তা শুধরে দেবেন। ঠিক বলতে পারলে জানাবেন যে ঠিক আছে। এভাবে অনেকবার ভুল করতে করতে মেশিন নিশ্চয়ই শিখতে পারবে। আর ধীরে ধীরে কমবে ভুলের পরিমাণ। এমনটা হলে বিজ্ঞানী প্রমাণ করতে পারবেন যে মেশিন শিখছে। ধারণাটি চমৎকার, কিন্তু করবেন কীভাবে? আর যে বিজ্ঞানী এই কাজটা করেছেন, তাঁর নাম ফ্র্যাঙ্ক রোজেনব্লাট।

রোজেনব্লাট যে গবেষণাগারে কাজ করেন, তার নাম কর্নেল অ্যারোনটিক্যাল ল্যাবরেটরি। মূলত গাড়ির দুর্ঘটনা ঘটলে মানবদেহে কী ধরনের প্রভাব পড়ে তা নিয়ে কাজ করা হয় ওই ল্যাবরেটরিতে। কিন্তু রোজেনব্লাট একটি অদ্ভুত প্রস্তাব নিয়ে দেখা করেন সেই ল্যাবরেটরির পরিচালক জন এম. কেলেহেরের সঙ্গে। রোজেনব্লাট জানান, 'আমি এমন একটি যন্ত্র তৈরি করতে চাই, যা মানুষের মতো শিখতে পারবে'।

কেলেহের ভাবলেন, এমন একটি যন্ত্র তৈরি হলে প্রতিরক্ষা ক্ষেত্রে বেশ প্রয়োগ করা যাবে। তখন যুক্তরাষ্ট্রে গবেষণাগারের বেশিরভাগ টাকা বিনিয়োগ করা হতো প্রতিরক্ষা ক্ষেত্রে। এমন একটি যন্ত্র তৈরি করতে পারলে দুর্দান্ত হয়। আর সেটি যদি হয় তাঁর পরিচালিত গবেষণাগারে, তাহলে তো মন্দ হয় না। রোজেনব্লাটের কথা পাগলাটে শোনালেও তিনি বিজ্ঞানীদের চিনতেন। ফলে তিনি রাজি হয়ে গেলেন। নৌবাহিনীর কাছে আবেদন করে রোজেনব্লাটের জন্য এক মিলিয়ন ডলারের অর্থায়ন করে দিলেন। রোজেনব্লাট একটি বড় টিম নিয়ে শুরু করলেন কাজ।

সে কালে কম্পিউটারে পোগ্রামিং করা এখনকার মতো সহজ ছিল না। এই প্রোজেক্টের জন্য রোজেনব্লাট পেয়ে গেলেন আইবিএমের সিপিসি নামে একটি কম্পিউটার। আজকের দিনের কম্পিউটারের তুলনায় সেটি ছিল অনেক বড়। একটি বিশাল রুমের প্রায় পুরোটা জুড়ে ছিল এই কম্পিউটার। আর ওটায় প্রোগ্রাম করার জন্য ব্যবহৃত হতো বিশেষ ধরনের পাঞ্চ কার্ড। সেসময় কম্পিউটারে ভ্যাকুয়াম টিউব দিয়ে গাণিতিক হিসাব ও লজিক্যাল অপারেশনের কাজ করা যেত। তখনও সেমিকন্ডাক্টরের ব্যবহার শুরু হয়নি। পাঞ্চকার্ডে হিসেব কষে নির্দিষ্ট জায়গাতে ফুটো করে তা দিয়েই কম্পিউটারে নির্দেশনা দিত। কাজটি অনেক শ্রমসাধ্য। আবার সামান্য ভুল হলে সব পণ্ডশ্রম। মানে নতুন করে আবার কাজটা করতে হতো। এছাড়া ভ্যাকুয়াম টিউবগুলো প্রায় প্রতিদিনই নষ্ট হয়ে যেত। সেজন্য প্রতিটি কম্পিউটার দেখাশোনার জন্য কয়েকজন টেকনিশিয়ান রাখা হতো। তাদের কাজ ছিল সেই নষ্ট টিউবগুলো পরিবর্তন করে দেওয়া। আজকের যুগের কম্পিউটার ব্যবহারকারীদের সেই সময়ের পরিশ্রমের কথা ভাবাটা একটু কঠিনই। আমাদের আজকের গল্পের নায়ক রোজেনব্লাট ছিল কাজ পাগলাটে টাইপের। দিন রাত তিনি পড়ে থাকলেন তাঁর ল্যাবরেটরিতে। মাঝে মধ্যে তাঁর টিমকে নিয়ে চলে যেতেন খামার বাড়িতে। সেখানে সবাই মিলে রাতের আকাশে নক্ষত্র দেখতেন। পুরো টিমকে তিনি স্বপ্ন দেখাতে ভালোবাসতেন। তবে কর্মীদের খাটিয়ে নিতেও ভুলতেন না। এর মধ্যে একদিন রোজেনব্লাট ভাবলেন, যন্ত্রকে দিয়ে কোনো কিছু শেখানোর প্রথম ধাপ হবে যন্ত্রকে একটি বৃত্ত ও চতুর্ভুজ বোঝানো। মানব মস্তিষ্কের নিউরনের মতো কাজ করে এমন একটি গাণিতিক মডেল তিনি তৈরি করলেন। নাম দিলেন পার্সেপট্রন এটি একটি নিউরাল নেটওয়ার্ক মডেল, যা একটি সংখ্যা নিয়ে কাজ করতে পারে। এটি সহজেই দুটি শ্রেণিকে আলাদা করতে পারে। আজকের যুগের কৃত্রিম বুদ্ধিমত্তার প্রথম যাত্রা শুরু হতে যাচ্ছে তার হাত দিয়েই। বিভিন্ন ধরনের ইনপুট বা তথ্য ঢুকিয়ে ধীরে ধীরে যন্ত্রকে শেখান হয়। যখন ভুল হয় তখন যন্ত্রটিকে বলে দেওয়া হয় যে এটি ভুল হয়েছে। মানব মস্তিষ্ক ভুল থেকে ধীরে ধীরে যেভাবে শেখে, সেভাবে যন্ত্রটি শিখতে পারে। যন্ত্রটি ভুলগুলো থেকে নিজের ভুল শুধরে নেয়, প্যারামিটারগুলো পরিবর্তন করেও নিতে পারে। কিন্তু যন্ত্রটিতে ছবির তথ্য কীভাবে ঢোকানো যায়, তা নিয়ে বাধে সমস্যা। আজকের মতো তখন ডিজিটাল ক্যামেরা ছিল না। তাই ছবি তুলে সরাসরি যন্ত্রে প্রবেশ করাও সম্ভব হয়নি। রোজেনব্লাট সেজন্য ব্যবহার করেছিলেন ফটোসেন্সর। এই সেন্সরগুলোতে যে কোনো আলো পড়লে তা বৈদ্যুতিক সংকেত তৈরি করে। অনেক কঠোর পরিশ্রমের পরে রোজেনব্লাটের টিম তৈরি করলেন প্রথম 'পারসেপট্রন মেশিন। নাম দিলেন মার্ক। রোজেনব্লাট তার সৃষ্টিকে বিশ্বের সামনে উপস্থাপন করার সিদ্ধান্ত নেন। কর্নেল অ্যারোনটিক্যাল ল্যাবরেটরির পরিচালক কেলেহের এই যন্ত্র নিজ হাতে ব্যবহার করে দেখলেন। আসলেই যন্ত্রটি ধীরে ধীরে তার ভুলগুলো থেকে শিখতে পারছে এবং পরে বৃত্ত ও চতুর্ভুজকে নির্ভুল ভাবেই চিহ্নিত করতে পারছে। এই আবিষ্কারের গুরুত্ব বুঝতে পেরে তিনি নিউইয়র্ক টাইমস এবং অন্যান্য প্রধান সংবাদমাধ্যমকে আমন্ত্রণ জানান। তাঁর বার্তাটি ছিল সংক্ষিপ্ত, কিন্তু আকর্ষণীয়, 'আমরা এমন একটি যন্ত্র উপস্থাপন করতে যাচ্ছি, যা মানুষের মতো শিখতে পারে'। একটি ছোট ঘরে প্রায় ৬০ জন অতিথি উপস্থিত। সামনে রয়েছে 'মার্ক পারসেপট্রন'। একটি ডেস্ক আকারের যন্ত্র, যার মধ্যে ফটোসেল, তার এবং মোটর রয়েছে। রোজেনব্লাট শান্ত, কিন্তু উত্তেজিত। যদিও তিনি অনেকবার পরীক্ষা করে দেখেছেন, তবুও সবার সামনে যন্ত্রটি ঠিকভাবে কাজ করবে তো? ব্যাপারটা নিয়ে তাঁর চাপা টেনশন ছিল বৈকি। হলরুমে অনেক ফ্যানের ব্যবস্থা থাকলেও তাঁর কপালে বিন্দু বিন্দু ঘাম। তিনি রুমাল দিয়ে ঘামটা মুছলেন। তারপর একটা কার্ড তুলে ধরেন ফটোসেন্সরে।

কার্ডটির মাঝখানে একটা উল্লম্ব কালো লাইন রয়েছে। যন্ত্রটি প্রথমে ভুল উত্তর দেয়। রোজেনব্লাট মেশিনের 'X' সুইচটি চাপ দিয়ে মেশিনটিকে জানিয়ে দেন ভুল হয়েছে। এরপরে ফটোসেন্সরে আরেকটি একইরকম কার্ড তুলে ধরেন। দেখতে একই রকম হলেও এটা আগেরটার তুলনায় ভিন্ন ছিল। এবার যন্ত্রটি ঠিক উত্তর দেয়। তিনি টিক চিহ্নের সুইচ চাপ দিয়ে মেশিনটিকে জানিয়ে দেন উত্তর ঠিক হয়েছে। এভাবে বেশ কয়েকবার চেষ্টা চালিয়ে, সংশোধন করে যন্ত্রকে শেখাতে থাকেন। পঞ্চম বা ষষ্ঠ কার্ডের পর মেশিনটি সঠিকভাবে শনাক্ত ছবি শনাক্ত করতে পারে। শ্রোতারা বিস্মিত, ভবিষ্যৎ যেন তাদের সামনে উদ্ভাসিত হচ্ছে।

যুক্তরাষ্ট্র জুড়ে আলোড়ন সৃষ্টি হয় এই আবিষ্কার নিয়ে। মার্কিন সামরিক দপ্তর পেন্টাগনও আগ্রহী হয়ে ওঠে, কীভাবে যন্ত্রটা প্রতিরক্ষা ক্ষেত্রে ব্যবহার করা যায়? আমজনতা ও দার্শনিকরা মেশিনের চেতনা নিয়ে বিতর্ক শুরু করে। শুরু হয় মেশিনের মধ্যে 'বুদ্ধি' ঢোকানোর মানুষের নতুন যাত্রা। আর এই যাত্রা শুরু হয় ফ্র্যাঙ্ক রোজেনব্লাটের হাত ধরে। তিনিই সর্বপ্রথম প্রমাণ করে দেখান, যন্ত্রকেও শেখানো সম্ভব। বর্তমানে মোবাইলে ছবি তোলার সময় মোবাইল ফোন স্বয়ংক্রিয়ভাবে মানুষের মুখ শনাক্ত করতে পারে। তারপর সে অনুযায়ী মোবাইল ফোন বিভিন্ন ধরনের অ্যালগরিদম দিয়ে ছবিটি আরও সুন্দর করে তোলে। কিন্তু যন্ত্রকে দিয়ে এই বুদ্ধিবৃত্তিক কাজও যে করানো সম্ভব, সে ভাবনাটা প্রথম করেন ফ্র্যাঙ্ক রোজেনব্লাট। ব্যবহারিক প্রয়োগ করিয়েও দেখান তিনি। তাঁর সার্থকতা এখানেই। স্বপ্ন তো যে কেউই দেখতে পারে, তবে তা প্রমাণ করে দেখানো আরোও চ্যালেঞ্জিং। আর সেই চ্যালেঞ্জটাই নিয়েছিলেন ফ্র্যাঙ্ক রোজেনব্লাট।

এই আবিষ্কারের পর রোজেনব্লাটকে নিয়ে সবাই মাতামাতি শুরু করে। টিভি আর সংবাদপত্রে তাঁকে নিয়ে বড় বড় ফিচার হয়। কিন্তু তাঁর মন পড়ে থাকে গবেষণাগারে। তিনি আরও বড় স্বপ্ন দেখা শুরু করেন। যন্ত্রকে দিয়ে কার্ড দেখিয়ে শেখানো যেহেতু সম্ভব, তাহলে কি শব্দ দিয়েও শেখানো যাবে। এরপর তিনি গবেষকদের নিয়ে শব্দ দিয়ে যন্ত্রকে শেখানোর কাজে হাত দিলেন। মার্ক পারসেপট্রন নিয়ে তাঁর সফলতার কারণে আরও বড় ফান্ড পেতে কোনো সমস্যা হয়নি। কিন্তু তাঁর সেই সুখের দিন বেশি দিন রইল না।

একদিন তাঁর সঙ্গে দেখা করতে আসলেন তাঁরই হাই স্কুলের এক জুনিয়র, মারভিন মিনস্কি। মিনস্কি মূলত গণিতের প্রতি আকৃষ্ট। রোজেনব্লাট কলেজে থাকতেই মিনস্কিকে চিনতেন। কোনো এক অজানা কারণে ছেলেটাকে তিনি পছন্দ করতেন না। রোজেনব্লাটের সঙ্গে দেখা করে মিনস্কি বোঝানোর চেষ্টা করলেন, পারসেপট্রন একটি নিয়ন্ত্রিত পরিবেশে শিখতে পারলেও তাঁকে অন্যান্য ক্ষেত্রে প্রয়োগ করার জন্য আরও ভালো গাণিতিক মডেল তৈরি করতে হবে। পারসেপট্রনের ক্ষমতা অতিরঞ্জিত করা হয়েছে। তাঁর তৈরি পারসেপট্রনের সমালোচনা রোজেনব্লাট গ্রহণ করতে পারলেন না। এরপর তাঁদের দুজনার মধ্যে শুরু হলো এক বৈজ্ঞানিক বিতর্ক। সেই বিতর্ক শুধু পেশাগত নয়, ব্যক্তিগত পর্যায়েও পৌঁছে গেল অচিরেই। বিতর্ক চলে প্রায় ১০ বছর। এদিকে রোজেনব্লাট শব্দ দিয়ে যন্ত্রকে শেখানোর কাজ করলেও বারবার ব্যর্থ হচ্ছিলেন। অন্যান্য নতুন গাণিতিক মডেল তৈরি করেও সফল হতে পারছিলেন না। শুরুর দিকে তাঁর যন্ত্র ভালোভাবে কাজ করলেও শেষ দিকে সব গোলমেলে হয়ে যাচ্ছিল। এ ব্যর্থতার কারণ অনেক পরে, আশির দশকে বুঝতে পারলেন বিজ্ঞানীরা। চুপিচুপি আপনাদের রোজেনব্লাটের সেই ভুলটা বলে দিই। রোজেনব্লাট নিউরাল নেটওয়ার্কের যে বিশেষ ধরনটি তৈরি করেছিলেন, তা মূলত এক স্তরের। পরে বিজ্ঞানীরা বুঝতে পারেন, যন্ত্রকে শেখানো জন্য এক স্তর যথেষ্ট নয়, বরং অনেক স্তর দিয়ে শেখাতে হবে। এছাড়া পরে বিজ্ঞানীরা ব্যাকপ্রোপাগেশন নামে এক ধরনের ফিডব্যাক লুপ প্রয়োগ করেন। এর ফলেই আজকের দিনের কৃত্রিম বুমিত্তা সফল হয়েছে। আশির দশকের বিজ্ঞানীদের সেই গল্পটি বলব অন্য কোনো দিন। আপাতত রোজেনব্লাটের গল্পে ফেরা যাক।

১৯৬৯ সালে মিনস্কি এবং তাঁর একজন সহকর্মী সেমুর প্যাপার্ট পারসেপট্রনস নামে একটি বই প্রকাশ করেন। এই বইয়ে তাঁরা প্রমাণ করেন, এক স্তরবিশিষ্ট পারসেপট্রন XOR ফাংশন সমাধান করতে অক্ষম। আপাতদৃষ্টিতে মনে হতে পারে, মিনস্কি ব্যক্তিগত ঈর্ষা থেকে এই সমালোচনা করেছেন। রোজেনব্লাটও এটিকে ঈর্ষা বলেই মনে করেছিলেন। তাই মানতে নারাজ ছিলেন। কিন্তু বিজ্ঞানীরা ব্যক্তিগত বিষয়ের থেকে বৈজ্ঞানিক ভুলকে নির্দ্বিধায় প্রকাশ করতে দ্বিধা করে না। ব্যক্তিগত পরিচয়, পক্ষপাতিত্ব কিংবা ঈর্ষা নয়, বরং যা সঠিক বলে মনে করেন, তা-ই যুক্তিতর্ক দিয়ে প্রমাণ করেন। আর এ কাজটি বিজ্ঞানীরা যুগের পরে যুগ করে এসেছেন। মিনস্কি যে ভুল বলেননি, তা রোজেনব্লাট বুঝতে পারেন অনেক পরে। এ ছাড়া তখনকার কম্পিউটার প্রযুক্তি বর্তমান সময়ের মতো এত দক্ষ ছিল না। তাই কারিগরি কিছু সীমাবদ্ধতাও ছিল।

এরপর কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে মানুষের হৈচৈ কমে গেল। কেননা কারিগরিভাবে অনেক কিছুই করা সম্ভব হল না। আশির দশক পর্যন্ত কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে আর কোনো কাজ হয়নি। এই সময়টা 'কৃত্রিম বুদ্ধিমত্তার শীতকাল' বা 'এআই উইন্টার' নামে পরিচিত। মারভিন মিনস্কি কি তাহলে এই গল্পের ভিলেন? মোটেও না। পারসেপট্রনসের সীমাবদ্ধতা প্রকাশ করতে দ্বিধা করেননি তিনি। এই সীমাবদ্ধতার কারণেই যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষার বাজেটে যন্ত্রের বুদ্ধিমত্তার জন্য অর্থ বিনিয়োগ প্রায় বন্ধ হয়ে গেল। কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে গবেষকদের আগ্রহও গেল কমে।

পরে মিনস্কি অবশ্য কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে অনেক চমৎকার কাজ করেন। ১৯৮৬ সালে তিনি 'দ্য সোসাইটি অব মাইন্ড থিওরি' প্রকাশ করেন। এই তত্ত্বে তিনি বলেনমানুষের বুদ্ধিমত্তা আসলে কোনো একক বা একটিমাত্র প্রক্রিয়া নয়, বরং এটি অনেকগুলো ছোট ও সহজ প্রক্রিয়ার সমন্বয়ে গঠিত। এই ছোট ছোট প্রক্রিয়াগুলোকে মিনস্কি বলতেন এজেন্ট। প্রতিটি এজেন্ট একেকটি সহজ কাজ করে, কিন্তু তারা যখন একসঙ্গে কাজ করে, তখন অনেক জটিল চিন্তাভাবনা বা বুদ্ধিমত্তা সৃষ্টি হয়। বর্তমানে আমরা কৃত্রিম বুদ্ধিমত্তাতে এই এজেন্ট শব্দটি ব্যবহার করি, যা মূলত মিনস্কির দেওয়া। তিনি কৃত্রিম বুদ্ধিমত্তার জনক হিসেবে পরিচিত এবং এমআইটি মিডিয়া ল্যাবের প্রতিষ্ঠাতা। এখানে বিজ্ঞানীরা শুধু গবেষণা করেন না, শিল্পী, ডিজাইনার, লেখক, সমাজবিজ্ঞানীসবাই একসঙ্গে কাজ করেন। এরপর রোজেনব্লাট কৃত্রিম বুদ্ধিমত্তার যন্ত্র তৈরির কাজে ইস্তফা দিয়ে কর্নেল বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা শুরু করেন। প্রাণীর বুদ্ধিমত্তা কীভাবে কাজ করে, তা জানার জন্য ইঁদুর নিয়ে গবেষণা শুরু করেন তিনি। তাঁর হাতে তৈরি মার্ক পারসেপট্রনস যন্ত্রটি বর্তমানে ওয়াশিংটনের স্মিথসোনিয়ান ইনস্টিটিউশনের জাদুঘরে সংরক্ষিত আছে। তবে রোজেনব্লাটের নাম কৃত্রিম বুদ্ধিমত্তার ইতিহাসের পাতায় লেখা থাকবে সোনার অক্ষরে। কেননা তাঁর হাত দিয়েই যন্ত্রে বুদ্ধি প্রয়োগের প্রথম কাজটি সম্পন্ন হয়। সেই সময় তিনি একটু বাড়িয়ে বললেও আশি কিংবা নব্বইয়ের দশকে এসে বিজ্ঞানীরা বুঝতে পারলেন, রোজেনব্লাট মোটেও বাড়িয়ে বলেননি।

# রক্তকরবী ফুটেছিল আজি হতে শতবর্ষ আগে

মহম্মদ শাহাবুদ্দিন

রক্তকরবী প্রকাশিত নাটকের শতবর্ষ। ১৯২৩-এ প্রথম শিলং পাহাড়ে রক্তকরবী ফুটিয়েছিলেন রবীন্দ্রনাথ। এ নাটক মানবিক রবীন্দ্রনাথের ভাবনার সাংকেতিক প্রকাশ। বিশ শতকের আগে থেকেই পৃথিবীর শ্রমিক মানুষের ওপর শোষণ যন্ত্রণা এবং তাদের সংগ্রাম রবীন্দ্রনাথের কাছে এক অন্য পৃথিবীকে সামনে এনে দিয়েছিল। মাদ্রাজ, কলকাতা, অসমের শ্রমিকদের বঞ্চনা কবিকে নাড়া দিয়েছিল। ততদিনে আমেরিকায় ১৮৮৬-র শ্রমিক ধর্মঘট, ১৯১৭-র বলশেভিক বিপ্লব ইতিহাসে এক নতুন অধ্যায় গড়েছে। সারা বিশ্বে মেহনতী মানুষের ওপর নিপীড়ন, বা শোষণ, জীবনের অপচয় আবার মানুষকে প্রকৃতির সুমধুর লালন রক্তকরবীর মূল্য এর উপজীব্য বিষয় হিসেবে গ্রহণ করেছিলেন। রবীন্দ্রনাথ। ১৯২৩ সাল তেকেই নাটকের গঠনশৈলী রূপলাভ করেছিল। গ্রন্থাকারে প্রকাশ পেয়েছিল ১৯২৫-এ। কোথাও নে নাট্যকার দেখিয়েছেন পুঞ্জ পুঞ্জ বস্তুর পর্বত কেমন করে মানুষকে গভীর অন্ধকারে তার ঠেলে দিতে পারে। আবার একই সঙ্গেব। দেখিয়েছেন "ধরণীর গর্ভ হতে সাধনার ধন" আহরণ করে যারা মানুষকে অনায়াসে সংখ্যায় পরিণত করছে, তাদেরই রক্তচক্ষুকে উপেক্ষা করে ফুটে উঠছে "রক্তকরবী"। এই আলোকেই এ নাটকের কালজয়ী অবস্থান। রবীন্দ্রনাথ চিরকাল সমাজ সচেতন। রাজনৈতিক তথ্য সন্ধানী সাহিত্যিক। প্রথম বিশ্বযুদ্ধ শ্রমজীবী মানুষের ওপর যে আঘাত হেনেছিল, তারই প্রকাশ এই নাটক। প্রথমে নাটকটির নাম দেওয়া হয়েছিল যক্ষপুরী। মাটির তলায় তলায় সঞ্চিত সোনা আহরণ করার জন্য গ্রামের সহজ সরল মানুষদের কাজে লাগানো হয়েছিল, তাদের ভুলিয়ে দেওয়া হয়েছিল পাকা ফসলের গান, চিরহরিৎ শস্যক্ষেত্র কিংবা সোনার চেয়েও দামি সোনালী রোদ। দ্রুত শিল্পবিপ্লব এক্ষেত্রে রবীন্দ্রনাথের সচেতন মনে ক্রিয়াশীল ছিল, তাই সংকেতে বোঝাতে চেয়েছেন জালের অন্তরালে থাকা এক ভয়ঙ্কর শক্তিকে। শোষণের যন্ত্র তৈরি করে একটা বিশেষ শ্রেণির মানুষকে ক্রমাগত শ্রমের যুপকাষ্ঠে বেঁধে মারছে। যক্ষপুরী নাটক রূপকের আধারে রবীন্দ্রনাথ এই সংকেতই দিয়েছেন। কিন্তু পরবর্তী কিছু মাস পরেই রবীন্দ্রনাথ অনুভব করেছিলেন,দেবতার হাসি, সূর্য্যের আলো, তাতে বরফ গলে, কিন্তু পাথর টলে না। অধ্যাপক চরিত্রের এই কথায় রবীন্দ্রনাথ খুঁজে পেয়েছিলেন জীবনের এক অমোঘ সত্যকে। প্রাণ এক অনিবার্য শক্তি। সেই শক্তির রূপ নন্দিনী। তাই যক্ষপুরী নাটকের নাম বদলে রেখেছিলেন নন্দিনী। নন্দিনী এখানে মধ্যবির্তিনী। জালের আড়ালে থাকা রাজা আর শ্রমজীবী মানুষের সমবেত অবস্থানের মাঝখানে দাঁড়িয়ে আছে সে। নন্দিনী চেয়েছিল অন্ধকার গুহা থেকে প্রতীকী রাজাকে বারকরে এনে প্রকৃতির আস্বাদ দিতে আর শ্রমিকদের ভয় ভাঙিয়ে স্বপনতরীর দিক চেনাতে। অদৃশ্য সেই অন্ধকারের রাজা চেয়েছিল নন্দিনীকে ভয় দেখাতে। রাজার প্রতি নন্দিনীর মূর্ত প্রতিবাদ শোনা গেছে যে শ্রমিকরা একদিন রাজাকে ভয় পেতে পেতে রাজাকে ভয় করতে ভুলে যাবে। রূপক ও সংকেতের এমন মিশ্রণ বোধহয় অন্য কোনও নাটকে দেখা যায়নি।

খনির শ্রমিকরা নাম হারিয়ে ৪৭-এর ফ অথবা ৬৯-এর ও হয়ে গেছে। তবুও রাজার ভয় যায়নি। মানুষগুলো যখন ১০, ২৫-এর ছক হয়ে গেছে, তখন আবার সর্দার এনেছে কেনারাম গোঁসাইকে শ্রমিক পাড়ায় ধর্মতত্ত্ব আলোচনার জন্য। রবীন্দ্রনাথের দূরদর্শীতা এখানেই। কালজয়ী দৃষ্টিতে তিনি দেখেছিলেন অসন্তুষ্ট মানুষকে নিরূপ করে দিয়ে তাকে ধর্মের নেশায় ডুবিয়ে দাও। সেই সঙ্গে রবীন্দ্রনাথ বুঝেছিলেন ব্যক্তি, নাম নয়, প্রকৃতিই সত্য। তাই পাথরের পুঞ্জীভূত আড়াল ভেদ করে ফুটে ওঠা রক্তকরবীর লালিমাই হয়েছিল তার প্রতিবাদের অমোঘ হাতিয়ার। তাই নন্দিনী নাটকের নাম বদলে হল "রক্তকরবী"। রক্তকরবীর এই ভাবনা আমাদের আজও নাড়া দেয়। ধনতন্ত্র ও শোষণের বিরুদ্ধে অসম লড়াইয়ের এক বিমূর্ত প্রাতিষ্ঠানিকতা, এই নিয়েই রক্তকরবী নাটকের একশ বছরের পরিক্রমণ। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে সারাদেশ জুড়ে নিরস্ত্র শান্তিপূর্ণ আন্দোলনের ডাক শোনা গিয়েছিল। অসহযোগ আন্দোলন থেকে গান্ধিজির লবণ আইন ভঙ্গের ডাক মানুষের মধ্যে এনেছিল প্রতিস্পর্ধী প্রতিবাদ। আমরা রবীন্দ্রনাথের রক্তকরবী নাটকেও দেখেছি জালের অন্তরালে থাকা রাজার অসীম ক্ষমতার সামনে নন্দিনী ও রঞ্জন খনি গর্ভের শ্রমিকদের প্রকৃতির প্রতি আকৃষ্ট করতে সাহস জুগিয়েছে। গত একশ বছরে পাশ্চাত্য দেশগুলি অগ্রগতির নামে মুখলুকিয়ে মুখোশ পরে শোষণ ও সন্ত্রাসের যে প্রয়াস চালাচ্ছে, তার সঙ্গে নাটকে জালের অন্তরালে বসে থাকা রাজার তুলনা প্রাসঙ্গিক হয়ে পড়ে। রক্তকরবী একশ বছর ধরে সচেতন মানুষকে নাড়া দিয়ে চলেছে, যে নাটকে বিশু পাগলের কাছ থেকে আমরা শিখেছি "কাছের পাওনাকে নিয়ে বাসনার যে দুঃখ তাই পশুর, দূরের পাওনাকে নিয়ে আকাঙক্ষার যে দুঃখ তাই মানুষের।" এ হল শতবর্ষব্যাপী নাট্য অস্তিত্বের বিজয়কেতন। রক্তকরবী নাটকের পটভূমিতে রয়েছে সমসাময়িক সময়ের পুঁজিবাদ এবং সমাজব্যবস্থার মুষ্টিতে আবদ্ধ উপনিবেশগুলি থেকে পণ্য লুণ্ঠনের প্রবণতা। মূলত পাশ্চাত্যের বাণিজ্যপুঁজি ও শিল্পপুঁজির প্রসারে মানুষের ঐশ্বর্য নেশা এবং বিত্তশালীদের অর্থলোলুপতা মানবিক জীবনকে কীভাবে ভেঙে ফেলতে পারে আবার এর বিরুদ্ধে প্রতিবাদ কিরূপ আকার ধারণ করতে পারে তারই রূপায়ণ ঘটেছে রক্তকরবী নাটকে। ধনতন্ত্রের আঘাত যেমন ভীষণ, তেমনই রক্তকরবীর জয়গান যে অপরিহার্য, এই নাটকের শেষ পর্বে সেই অপরিহার্য তাই ক্রিয়াশীল হয়েছে। বাতাসের মতো দুর্বার আকাশের মতো অনিবার্য রঞ্জন রাজার সামনে দাঁড়িয়ে নিজের পরিচয় অস্বীকার করতে পেরেছে। সে ভেঙেছে, কিন্তু নত হয়নি। সর্দার রঞ্জনকে রাজার কাছে নিয়ে গিয়েছিল মিথ্যা পরিচয় দিয়ে। রঞ্জনের প্রতিস্পর্ধী উপস্থিতি রাজাকে ক্রুদ্ধ করেছিল। মৃত্যু হয়েছিল রঞ্জনের। আর এই মৃত্যুর মধ্যে দিয়ে সংঘটিত হয়েছিল প্রতিবাদ। জালের অন্তরাল থেকে রাজাকে বের করে এনেছিল যৌবনের অভিশাপ। রাজা তার পূর্ণ সত্তায় জেগে উঠেছিল, সাথী হতে চেয়েছিল নন্দিনীর। তার নিজের গড়া অচলায়তনকে ভাঙতে চেয়েছিল রাজা। ধ্বজা, দণ্ড, কেতন ছিড়ে ফেলে প্রকৃতির নির্মম মারকে বুক পেতে নেওয়ার সাহস দেখিয়েছিল সে। রাজার নিজের তৈরি করা সৈন্যদল এই পরিবর্তন মানতে পারেনি। তার মধ্যেও নাট্যকার নতুন এক আশ্বাসবাণী শুনিয়েছেন। রসকষহীন অধ্যাপক পুঁথিপত্র ফেলে পরিবর্তনের সঙ্গ দিতে ছুটে এসেছেন। পরিবর্তনের এই ধারা তৎকালীন সময়ে যেমন সত্য, আজও তেমনই সত্য। এই সত্যকেই সময় দাবি করে। যে দাবি আমাদের মহৎ নাট্যকারের কাছেও থাকে। এ দাবি মেটাতে নাট্যকার তার আদর্শকে আলোকিত সমাধানে ভাস্বর করে তোলেন। মানুষের চিরন্তন কোনও সমস্যাকে আত্মোপলব্ধিতে জারিত করে আপন দার্শনিকতায় দ্বন্দ্ব উত্তরণের সূত্রটি আমাদের ধরিয়ে দেন। রবীন্দ্রনাথ এই মহৎ কাজটিই করেছেন। এই লক্ষ্যেই একশ বছর ধরে রক্তকরবীর অলক্ষিত চরণের আবরণ পথ চলা।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।




শুক্রবার আগরতলায় দুই বাংলাদেশী মহিলাকে আটক করে রেল পুলিশ।

# এবিভিপি প্রতিবাদীদের আটক করে রাখার বিরুদ্ধে অভিযোগ এনএইচআরসি-কে

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): তাদের ২০ জনকে আটক করে রাখার বিরুদ্ধে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ (এবিভিপি) শুক্রবার অভিযোগ জানিয়েছে জাতীয় মানবাধিকার কমিশনে (এনএইচআরসি)।
অভিযোগ, কোচবিহার জেলাশাসকের অফিসে গণতান্ত্রিকভাবে আন্দোলন ও স্মারকলিপি দেওয়ার সময় পুলিশ অন্যায়ভাবে অত্যাচার চালিয়েছে এবিভিপি সমর্থকদের ওপর। শিক্ষকদের চাকরি যাওয়াকে ঘিরে দুর্নীতি, মুর্শিদাবাদে অশান্তি-সহ বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগের দাবিতে কোচবিহারে জেলাশাসকের অফিসে ওই অভিযানের ডাক দিয়েছিল এবিভিপি।
বৃহস্পতিবার সকালে মিছিল করে এসে ব্যারিকেড ভেঙে ডিএম অফিসে ঢোকার চেষ্টা করেন বিক্ষোভকারীরা। তাঁদের ছত্রভঙ্গ করতে পুলিশ লাঠি চালালে অনেকেই দৌড়তে গিয়ে সাগরদিঘির জলে ঝাঁপ দেন। পরে পুলিশ তাঁদের আটক করে। এই ঘটনায় কয়েক জনকে আটক করে কোতোয়ালি থানার পুলিশ।
এবিভিপি নেতা দীপ্ত দে বলেন, 'তৃণমূলের দলদাস পুলিশ আমাদের শান্তিপূর্ণ আন্দোলনের উপর যেভাবে লাঠি চালালো, মানুষ এর জবাব দেবে।

# ব্রহ্মচারী থেকে গৃহী, নেপথ্যের কাহিনী জানালেন দিলীপ

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): সারা জীবন ব্রহ্মচারী থেকে যাওয়ার শপথ নিয়ে যে মানুষটা দাপিয়ে বেড়াচ্ছিলেন, সেই দিলীপ ঘোষের মন হঠাৎ করে সিক্ত হয়ে উঠল কীসে?
দিলীপবাবু জানান, বিয়ের প্রস্তাবটা দিয়েছিলেন রিঙ্কুই। তিনি নন। রিঙ্কু তাঁকে বলেন, তিনি সংসারের সব দায়িত্ব সামলেছেন। ছেলেও বড় করে নিজের পায়ে দাঁড় করিয়েছেন। এখন তিনি বড় একা। তাঁর একজন সঙ্গী প্রয়োজন।
দিলীপবাবু জানান, রিঙ্কু তাঁকে বলে, দিলীপ দা তুমিও কেন সারাজীবন একা থাকবে! তোমারও একজন সঙ্গী দরকার। তুমি চাইলে আমরা বিয়ে করতে পারি। আমি তোমাকে আর তোমার সংসার সামলে রাখব।
দিলীপ ঘোষের বর্তমান সংসার বলতে তিনি আর তাঁর ৮৪ বছরের মা। দিলীপবাবুর কথায়, "আমি সেই কোন ছোটবেলায় পড়াশুনার জন্য বাড়ি ছেড়েছি। জীবনের ৫৫টা বছর বাড়ি ছেড়ে মাকে ছেড়ে দূরে দূরে থেকেছি। এখন মা সঙ্গে থাকেন। বাড়িতে পরিচারিকা রয়েছে ঠিকই। তবু মনে হত, মাকে এক গ্লাস জল গড়িয়ে দেওয়ার তো কেউ নেই। আমাকেই বা কে দেখবে?" তাঁর কথায়, রিঙ্কু বিয়ের প্রস্তাব দেওয়ার পর মাকে বলি। মা সায় দেন। তার পরই বিয়েতে সম্মতি দিই। এটা একদিনের ব্যাপার। আমি আমার আদর্শে অবিচল থাকব।

## পবিত্র প্রকাশ পরব উপলক্ষে গুরু তেগ বাহাদুরকে শ্রদ্ধার্ঘ্য প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পবিত্র প্রকাশ পরব উপলক্ষে শুক্রবার শ্রী গুরু তেগ বাহাদুরকে শ্রদ্ধা নিবেদন করেছেন। তিনি বলেছেন, শ্রী গুরু তেগ বাহাদুরের জীবন সাহস এবং অন্যকে সহায়তা করায় উৎসর্গীকৃত। তিনি জানান, শ্রী গুরু তেগ বাহাদুরজির পবিত্র প্রকাশ পরব উপলক্ষে আমি দেশের মহান এক আধ্যাত্মিক গুরুকে আমার বিনম্র শ্রদ্ধা জানাই। তাঁর জীবন সাহস এবং অন্যকে সহায়তা করায় উৎসর্গীকৃত। তিনি অন্যায়ের বিরুদ্ধে নিরলস সংগ্রাম করে গেছেন। যে সমাজ গঠনের স্বপ্ন তিনি দেখেছিলেন, তা গঠন করতে তাঁর শিক্ষা আমাদের আজও অনুপ্রাণিত করে।

## যাত্রীবাহী বাসের সঙ্গে ট্রাকের সংঘর্ষ, আহত ৩

শিলিগুড়ি, ১৮ এপ্রিল (হি.স.): শুক্রবার সকালে শিলিগুড়ির খড়িবাড়িতে একটি ট্রাক একটি যাত্রীবাহী বাসকে ধাক্কা দিলে তিনজন গুরুতর আহত হন। ঘটনাটি ঘটেছে খড়িবাড়িতে ভারত-নেপাল সীমান্ত সংলগ্ন পানিট্যাঙ্কিতে।
স্থানীয় সূত্রে জানা গেছে, শিলিগুড়ি থেকে আসা একটি দ্রুতগামী ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে বিপরীত দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাসকে ধাক্কা দেয়। এর পর এটি একটি ই-রিকশাকে ধাক্কা দিয়ে দোকানে ঢুকে পড়ে। এই ঘটনায় বাসে থাকা তিন যাত্রী আহত হন। তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ট্রাক চালক পলাতক। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## প্লাস্টিকের ব্যাগে নবজাতক শিশু, চাঞ্চল্য

শিলিগুড়ি, ১৮ এপ্রিল (হি.স.): মাল্লাগুড়ি এলাকায় প্লাস্টিকের ব্যাগে নবজাতক শিশু। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। জানা গেছে, শুক্রবার মাল্লাগুড়ির হনুমান মন্দিরের কাছে একটি প্লাস্টিকের ব্যাগ নিয়ে ঘোরাফেরা করতে দেখা যায় এক ব্যক্তিকে। লোকজনের সন্দেহ হলে তারা পুলিশে খবর দেয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ওই ব্যক্তির ব্যাগ তল্লাশি করে। ব্যাগ থেকে একটি জীবিত নবজাতক শিশুকে উদ্ধার করা হয়। এরপরই নবজাতককে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। নবজাতকের অবস্থা গুরুতর হওয়ায় তাকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে স্থানান্তর করা হয়। জানা যাচ্ছে, ওই ব্যক্তি মানসিকভাবে অসুস্থ। পুলিশ নবজাতকের পরিবারের খোঁজ শুরু করেছে।

# মুর্শিদাবাদের ঘটনায় এনআইএ তদন্তের দাবি বিশ্ব হিন্দু পরিষদের

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): মুর্শিদাবাদের ঘটনায় এনআইএ তদন্তের দাবি করেছে বিশ্ব হিন্দু পরিষদ।
শুক্রবার কলকাতায় সংগঠনের সর্ভারতীয় সভাপতি আলোক কুমার এই প্রসঙ্গে বলেন, মুখ্যমন্ত্রী যখন নিজেই বলছেন এই ঘটনার পিছনে ষড়যন্ত্র রয়েছে, বাংলাদেশ থেকে আগতদের মধ্যে থেকে অশান্তি হয়েছে, সেই কারণে এই মুহূর্তে ওই ঘটনার তদন্ত এনআইএ কে দিয়েই করানো হোক। তিনি আরও বলেন, ঘরছাড়া মানুষদের প্রতি বিশ্ব হিন্দু পরিষদের ত্রাণ সামগ্রী দেওয়া বন্ধ করেছে সরকার, যা একান্তই অমানবিক।
কাজেই রাজ্যের বর্তমান পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাষ্ট্রপতি শাসন জারি করা উচিত। কেন্দ্রের আইন মানি না এই বলে তিনি যে দাবি করছেন মুখ্যমন্ত্রী তাও সম্পূর্ণ অসাংবিধানিক বলে জোরালো দাবি করেন বিশ্ব হিন্দু পরিষদের সর্বভারতীয় সভাপতি আলোক কুমার।
এদিন জাতীয় গ্রন্থাগারের ভাষা ভবনে হিন্দু সম্প্রদায়ের মানুষদের আরও ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য একে অপরের পাশে থাকার আবেদন করেছেন। সেইসঙ্গে রাজ্যের পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি। উপস্থিত ছিলেন সুবীর কুমার সান্যাল সহ অন্যান্য নেতৃবৃন্দ।

# স্বামী হিসাবে দিলীপকে আগাম একশ নম্বর দিয়ে রেখেছেন রিঙ্কু

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): "যে মানুষটা ব্যক্তিজীবনে ও রাজনীতিতে এতটা সুশৃঙ্খল, তিনি নিশ্চয়ই স্বামী হিসাবে ভাল হবেন"। এতেই দিলীপকে আগাম একশ নম্বর দিয়ে রেখেছেন রিঙ্কু মজুমদার। রিঙ্কুর কথায়, "দিলীপ ঘোষকে বাইরে থেকে ওরকম কঠিন মনে হয়। ভিতরটা তাঁর খুব নরম। প্রেমিক হিসাবে একশ নম্বর তাঁকে দেওয়া যায়।" রিঙ্কু বলেন, তাঁদের দেখা সাক্ষাৎ অনেক দিনের। তবে সে অর্থে কনে দেখা হয়েছিল গত সেপ্টেম্বরে। তখন ভাদ্র মাস। তিনি নিজেই বিয়ের প্রস্তাব দিয়েছিলেন। সেই সাহস সঞ্চয় করারও কারণ ছিল। তিনি বুঝতে পারতেন, তাঁকে পছন্দ করেন দিলীপবাবু। তাই সাহস করে বিয়ের কথাটা পেড়ে ফেলেন। বস্তুত দিলীপ-রিঙ্কুর বিয়ে যতটা ঘরোয়া যতটা সাদামাটা হবে মনে করা হচ্ছিল, ব্যাপারটা এখন তাতে থেমে নেই।

## ফরিদাবাদে অনলাইন প্রতারণার অভিযোগে গ্রেফতার ১

ফরিদাবাদ, ১৮ এপ্রিল (হি.স.) : অনলাইন প্রতারণার অভিযোগে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনাটি ঘটেছে হরিয়ানার ফরিদাবাদ জেলার কুলানা গ্রামে। এক মহিলা অভিযোগে জানান, হোয়াটসঅ্যাপে অনলাইনে কাজের প্রস্তাব পেয়ে তিনি টেলিগ্রাম গ্রুপে যুক্ত হন। শুরুতে ২০৩ টাকা পেলেও পরে বিভিন্ন টাস্কের নামে তিনি মোট ৬.৮২ লক্ষ টাকা পাঠান। টাকা ফেরত না পেয়ে থানায় অভিযোগ জানান।
তদন্তে উঠে আসে, অভিযুক্ত কমল নিজের অ্যাকাউন্ট প্রতারকদের ব্যবহার করতে দিয়েছিলেন। তার অ্যাকাউন্টে ২৫ হাজার টাকা জমা পড়েছিল। শুক্রবার তাঁকে আদালতে পেশ করা হয়েছে।

## শুভ দাসের চিকিৎসায় সহযোগিতার হাত সৌরভের

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): অসুস্থ ফুটবলারের পাশে দাঁড়ালেন সৌরভ গঙ্গোপাধ্যায়। অসুস্থ ফুটবলার শুভ দাসের চিকিৎসার খরচ যোগাতে পাশে দাঁড়ানোর উদ্যোগ নেয় একটি সংস্থা। এই উদ্যোগে সামিল সৌরভ গঙ্গোপাধ্যায়ও। তাঁর হাতে চেক তুলে দেন সৌরভ গঙ্গোপাধ্যায়। সৌরভ গঙ্গোপাধ্যায়ের বাড়িতেই এই অনুষ্ঠানটি হয়। শুভ দাসের পাশে থাকার আশ্বাস দেন সৌরভ। একটা সময় ময়দানে দাপিয়ে খেলেছেন শুভ দাস। মহমেডান স্পোর্টিং ক্লাব, কালীঘাট মিলন সঙ্ঘ, ইস্টার্ন রেল ও টালিগঞ্জ অগ্রগামীর মতো দলের প্রাক্তন ফুটবলার।

## উত্তরাখণ্ডে নদীতে ঝাঁপ দিয়ে মহিলার আত্মহত্যার চেষ্টা, প্রাণে বাঁচলেন ডুবুরি

হরিদ্বার, ১৮ এপ্রিল (হি.স.) : শুক্রবার উত্তরাখণ্ডে এক মহিলা আত্মহত্যার উদ্দেশ্যে নদীতে ঝাঁপ দেন। তবে সেখানে উপস্থিত থাকা ডুবুরি মনু দ্রুত তাঁকে নিরাপদে উদ্ধার করেন। পুলিশ সূত্রে জানা গেছে, মহিলা পারিবারিক অশান্তির জেরে মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন। আত্মহত্যার উদ্দেশ্যেই ঝাঁপ দেন। তবে সেখানে উপস্থিত থাকা ডুবুরি মনু দ্রুত তাঁকে উদ্ধার করেন। তাঁকে উদ্ধার করে পুলিশ পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

## "পূর্ণ সম্মতি আছে" বলেও মায়ের বিয়েতে এলেন না পুত্র প্রীতম

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): "দিলীপ ঘোষকে আমার খুব ভাল লাগে। মায়ের বিয়েতে পূর্ণ সম্মতি আছে।" এই মন্তব্য করেও মা রিঙ্কু মজুমদারের বিয়েতে এলেন না তাঁর পুত্র প্রীতম মজুমদার।
দীর্ঘদিনের বিজেপি কর্মী রিঙ্কু। তাঁর ২৫ বছরের ছেলে প্রীতম কাজ করেন সল্টলেকের তথ্য প্রযুক্তি সেক্টরে। মায়ের বিয়েতে নেই ছেলে। রয়েছেন কলকাতার বাইরে। ব্যাপারটা কী? কেন গরহাজির প্রীতম? বাড়তে থাকে জল্পনা।
যদিও সংবাদমাধ্যমকে প্রীতম জানিয়েছেন, তিনি দিনটার জন্য খুব খুশি। মায়ের জন্য খুব খুশি। বলেন, "মায়ের সিদ্ধান্তে আমি খুবই সাপোর্ট করে এসেছি। আগামীতেও করব।" কিন্তু, এই দিনই কলকাতার বাইরে কেন চলে গেলেন তিনি? প্রীতম বলেন, "মাল্টি ন্যাশনাল কোম্পানিতে কাজ করি। ছুটি তো খুব একটা পাই না। গুড ফ্রাইডের ছুটি পেয়েছি। তাই কলকাতার বাইরে এসেছি। আমি থাকলে ভাল হতো। কিন্তু, আগে থেকে প্ল্যান ছিল আমার।" তাঁর সাফ কথা, "আমার কলকাতায় না থাকা নিয়ে কোনও জল্পনার প্রয়োজন নেই। আমি কলকাতায় থাকলে ওখানে থাকতাম। মা খুব খুশি হতো, উনিও (দিলীপ ঘোষ) খুশি হতেন। গোটা বিষয়ে আমার পূর্ণ সম্মতি আছে।"
ইডেনে যে তাঁরা একসঙ্গে খেলা দেখতেও গিয়েছিলেন এদিন সে কথাও বলেন। বলেন, "ইডেনে একসঙ্গে খেলা দেখতে গিয়েছিলাম। সেখানে কথা হয়। তার আগেও হয়, পরেও হয়।"

## হিন্দু নারী নির্যাতনের অভিযোগের তদন্তে মালদায় জাতীয় মহিলা কমিশনের ৬ সদস্য

মালদা, ১৮ এপ্রিল (হি.স.): হিন্দু মহিলাদের উপর সাম্প্রতিক অত্যাচারের অভিযোগ উঠেছে মালদা-মুর্শিদাবাদে। তার তদন্তে শুক্রবার মালদায় যান জাতীয় মহিলা কমিশনের ৬ সদস্যের প্রতিনিধি দল।
প্রতিনিধিদের মধ্যে ছিলেন কমিশনের চেয়ারপার্সন বিজয়া রোহতকারও। কলকাতা থেকে গাড়িতে বহরমপুরে পৌঁছন তাঁরা। সার্কিট হাউস অতিথি আবাসে মধ্যাহ্নভোজন সেরে তাঁরা যান মালদার বৈষ্ণবনগরে।
তার আগে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে পুলিশের দিকে আঙুল তোলেন কমিশনের অন্যতম সদস্য অর্চনা মজুমদার। তিনি বলেন, "ক্যাম্পে যাচ্ছি। খবর পাচ্ছি আমরা যাওয়ার আগেই পুলিশ সবাইকে ঘরে ফেরাতে চাইছে। কিন্তু ওদের ইন্টিলিজেন্স কাজ করলে এমনটা হত না।"

## দুর্যোগে হুগলির বিস্তীর্ণ অঞ্চলের জনজীবন বিপর্যস্ত

হুগলি, ১৮ এপ্রিল (হি.স.): শুক্রবার সকাল থেকে আকাশ মেঘাচ্ছন্ন ছিল হুগলির বিস্তীর্ণ অঞ্চলে। এ দিন সকালেও হালকা ঝড় বৃষ্টি শুরু হয় কিছু জায়গায়। তাতে উদ্ধার কাজে সমস্যা দেখা দেয়।
বৃহস্পতিবার সন্ধ্যায় হঠাৎ ঘূর্ণিঝড়ে লন্ডভন্ড হয়ে যায় দাদপুরের মাকালপুর পঞ্চায়েতের আলিপুর গ্রাম। প্রশাসন সূত্রে খবর, অনেকের বাড়ির চাল উড়ে গিয়েছে আলিপুর গ্রামে। গ্রামের এক বাসিন্দা আহত হয়েছেন বলে খবর। তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়।
শুক্রবার ঘটনাস্থলে যান পোলবা দাদপুর-এর বিডিও, ওসি দাদপুর-সহ স্থানীয় পঞ্চায়েত ও ব্লক প্রশাসনের লোকজন।

## প্রেমিকার বাড়ির বারান্দায় প্রেমিকের ঝুলন্ত দেহ উদ্ধার

জৌনপুর, ১৮ এপ্রিল (হি.স.) : প্রেমিকার বাড়ির বারান্দায় প্রেমিকের ঝুলন্ত দেহ উদ্ধার। ঘটনাটি ঘটেছে উত্তর প্রদেশের জৌনপুর জেলার চিতরসরি
এলাকায়। মৃত কিশন মৌর্য (২৮)-র দেহ তার প্রেমিকার বাড়ির বারান্দায় পাওয়া যায়। কিশনের বাড়ির লোকের অভিযোগ, প্রেমিকার আত্মীয়রা তাকে খুন করে দড়িতে ঝুলিয়ে দিয়েছে।
এক পুলিশ আধিকারিক জানান , কিশনের মোবাইলে প্রেমিকার সঙ্গে হোয়াটসঅ্যাপ চ্যাটিংয়ে একটি সুইসাইড নোট পাওয়া গেছে, যেখানে সে নিজের মৃত্যুর জন্য নিজেকে দায়ী করেছে। দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠায় পুলিশ।

## নতুন কায়দায় ক্রিপ্টোকারেন্সির নামে কোটি টাকার প্রতারণা, ধৃত এক

দুর্গাপুর, ১৮ এপ্রিল (হি.স.): আবার ডিজিটাল প্রতারণার অভিযোগ। ক্রিপ্টোকারেন্সির নামে আরকেআর নামে একটি সংস্থা কোটি কোটি টাকা আত্মসাৎ করেছে বলে অভিযোগ উঠেছে শিল্পশহর দুর্গাপুরে। বৃহস্পতিবার রাতে আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের হাতে ধরা পড়েছে চক্রের অন্যতম অভিযুক্ত কমল বনিক।
পুলিশ সূত্রে জানা গেছে, অভিযুক্ত দুর্গাপুরের কমলপুরের বাসিন্দা। অভিযোগ, রোহিত মোদী, কমল বনিক ও রাহুল বনিক মিলে ২০১৭ সাল থেকে আরকেআর সংস্থার মাধ্যমে ' আরএসইডিইডিডিএস ' নামে একটি টোকেন ছেড়ে মোটা মুনাফার লোভ দেখিয়ে বহু মানুষকে বিনিয়োগে উৎসাহিত করে। বহু অবসরপ্রাপ্ত ব্যক্তি ও ব্যবসায়ীরা এই স্কিমে টাকা ঢালেন। অভিযোগ, মাসিক রিটার্ন দেওয়ার কথা বললেও হঠাৎ একসময় টাকা দেওয়া বন্ধ করে দেয় সংস্থাটি। এরপর আচমকাই বেপাত্তা হয়ে যান সংস্থার কর্ণধাররা।
প্রতারিত বিনিয়োগকারী সুদীপ্ত গরাই এনটিপিএস থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। তিনি জানান, ২০১৭ থেকে ২০২৩ সালের মধ্যে তিনি মোট ১৬ লক্ষ ৩১ হাজার টাকা বিনিয়োগ করেছিলেন। সব লেনদেনই হয়েছে ব্যাঙ্ক মারফত। আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি (হেডকোয়ার্টার) অরবিন্দ আনন্দ জানান, "প্রাথমিক তদন্তে প্রতারণার প্রমাণ মিলেছে। ধৃতের বিরুদ্ধে কড়া আইনি ব্যবস্থা নেওয়া হবে।"

## কমিশনের সদস্যেরা আশ্রয়শিবির ছাড়তেই ক্ষোভ আশ্রিতদের

মালদা, ১৮ এপ্রিল (হি.স.): শুক্রবার আশ্রয়শিবির থেকে জাতীয় মানবাধিকার কমিশনের তদন্তকারীরা বেরিয়ে যেতেই বিক্ষোভ শুরু হয়। পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান আশ্রিতরা। পারলালপুর হাই স্কুল চত্বরে উত্তেজনা ছড়ায়।
মালদায় পৌঁছে কমিশনের তদন্তকারীরা সোজা যান বৈষ্ণবনগরের পারলালপুর হাইস্কুলে। সুতি, সামশেরগঞ্জ ছেড়ে এখানেই আশ্রয় নিয়েছেন অশান্তিতে আক্রান্ত ৪০০ পরিবার।
স্কুল থেকে বাইরে বেরতে না দেওয়ার অভিযোগ তোলেন আশ্রিতরা। এমনকী তাঁদের আত্মীয়দের ভেতরে ঢুকতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ। অন্যদিকে, পুলিশের তরফে এই অভিযোগ অস্বীকার করে দাবি করা হয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতির কথা মাথায় রেখে বাড়তি সতর্কতা নেওয়া হয়েছে।

## স্কোয়াশ বিশ্ব চ্যাম্পিয়নশিপ এশিয়া বাছাইপর্বের সেমিফাইনালে প্রবেশ করেছেন ভারতের বীর ছোটরানি

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.) : শুক্রবার ভারতের ফেভারিট মহম্মদ সায়ফিক কামালকে হারিয়ে বিশ্ব চ্যাম্পিয়নশিপ কোয়ালিফাইং ইভেন্টের (এশিয়া) সেমিফাইনালে উঠেছেন ভারতের স্কোয়াশ খেলোয়াড় বীর ছোটরানি। দ্বিতীয় বাছাই ছোটরানি ষষ্ঠ বাছাই প্রতিপক্ষকে ৯-১১, ১১-৬, ১১-৬, ১১-৭ গেমে হারিয়ে শেষ চারে জায়গা করে নিয়েছেন।
তবে, তানভি খান্না কোয়ার্টার ফাইনালে হংকংয়ের হেলেন ট্যাংয়ের কাছে ৫-১১, ৬-১১, ১২-১০, ৯-১১ ব্যবধানে হেরে মহিলা একক প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছেন। তানভি আগের ম্যাচে হংকংয়ের শীর্ষ বাছাই এন চিং চেংকে হারিয়েছিলেন।



রাজধানীতে নির্মিত হচ্ছে কভার ড্রেন। শুক্রবার সড়েজমিনে তা খতিয়ে দেখলেন মেয়র দীপক মজুমদার।

# কাজের সন্ধান

## ৮ম শ্রেণি পাশদের থেকে শুরু আর্মিতে র‍্যালীর অনলাইনে আবেদন

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা সহ পুর্বোত্তর ভারতের সব ক'টি রাজ্যের প্রার্থীদের জন্য ইন্ডিয়ান আর্মিতে নিয়োগ র‍্যালী শুরু হতে যাচ্ছে। ভারতীয় সেনা বাহিনীতে অগ্নিবীর জেনারেল ডিউটি, অগ্নিবীর টেকনিক্যাল, অগ্নিবীর অফিস অ্যাসিস্ট্যান্ট/ স্টোরকীপার টেকনিক্যাল, অগ্নিবীর ট্রেডসম্যান (ড্রেসার, শেফ, স্টুয়ার্ড, ওয়াশারম্যান, সাপোর্ট স্টাফ, মেসকীপার, হাউসকীপার) ইত্যাদি বিভিন্ন পদে নিয়োগের জন্য এক নিয়োগ র‍্যালী অনুষ্ঠিত হবে। দিনক্ষণ এখনও ঘোষণা হয়নি। আগরতলায় র‍্যালী হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। তবে এর জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। চলবে ২৪ এপ্রিল পর্যন্ত। উপযুক্ত প্রার্থীরা ইতিমধ্যে অনলাইনে নিজেদের নাম রেজিস্ট্রেশন করে নিচ্ছেন। আর্মিতে নিয়োগ র‍্যালীর পদ্ধতিতে এখন অনেক পরিবর্তন আনা হয়েছে। এখন থেকে ওপেন র‍্যালীতে অংশ নিতে হলে অবশ্যই আগে থেকে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করার পর অনলাইনে দরখাস্তও পাঠাতে হবে। অনলাইনে দরখাস্ত পাঠানোর শেষ তারিখ ২৪ এপ্রিল। এর পর অনলাইনে আবেদন করা যাবে না। যথাসময়ে অর্থাৎ র‍্যালির ৫ দিন আগে আবার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে এডমিট কার্ডও বের করে নিতে হবে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্তের প্রিন্ট আউট বের করে রাখার পাশাপাশি পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। র‍্যালীতে যাওয়ার সময় সমস্ত মূল প্রমানপত্রের (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সাথে এডমিট কার্ডও নিয়ে যাবেন। অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউটের কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

ভারতীয় সেনা বাহিনীতে অগ্নিবীর জেনারেল ডিউটি, অগ্নিবীর টেকনিক্যাল, অগ্নিবীর অফিস অ্যাসিস্ট্যান্ট/ স্টোরকীপার টেকনিক্যাল, অগ্নিবীর ট্রেডসম্যান (ড্রেসার, শেফ, স্টুয়ার্ড, ওয়াশারম্যান, সাপোর্ট স্টাফ, মেসকীপার, হাউসকীপার) ইত্যাদি বিভিন্ন পদে নিয়োগের জন্য এক নিয়োগ র‍্যালী অনুষ্ঠিত হবে। এই নিয়োগ র‍্যালীর স্থান, সময় সহ বিস্তারিত যথাসময়ে জানানো হবে।

পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা, বয়স, শারীরিক গঠন কেমন প্রয়োজন তার বিস্তারিত বিবরণ এঁদের ওয়েবসাইট থেকে দেখে নিতে হবে। তবে, ক্রমিক সংখ্যা (এ) ঃ পদের নাম - অগ্নিবীর (জেনারেল ডিউটি) ঃ শিক্ষাগত যোগ্যতা - প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর নিয়ে এবং মোট হিসেবে গড়ে অন্তত ৪৫ শতাংশ নম্বর নিয়ে মাধ্যমিক পাশ হতে হবে। বৈধ এলএমভি ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাবেন। ক্রমিক সংখ্যা (বি) ঃ পদের নাম - অগ্নিবীর (টেকনিক্যাল) ঃ শিক্ষাগত যোগ্যতা - প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ নম্বর নিয়ে এবং মোট হিসেবে গড়ে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে, ফিজিক্স - কেমিস্ট্রি - ম্যাথ - ইংরেজি সহ উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। অথবা, প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ নম্বর নিয়ে এবং মোট হিসেবে গড়ে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে, বিজ্ঞান, ম্যাথ ইংরেজি সহ ডিপ্লোমা অথবা নির্দিষ্ট কিছু ট্রেড নিয়ে আইটিআই পাশ হতে হবে। ক্রমিক সংখ্যা (সি) ঃ পদের নাম - অগ্নিবীর (ক্লার্ক/ স্টোরকীপার টেকনিক্যাল) ঃ শিক্ষাগত যোগ্যতা - প্রতি বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে এবং মোট হিসেবে গড়ে অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে, আর্টস, কমার্স, সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। ক্রমিক সংখ্যা (ডি) ঃ পদের নাম - অগ্নিবীর (ট্রেডসম্যান, ১০ম শ্রেণি পাশ) ঃ শিক্ষাগত যোগ্যতা - প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর নিয়ে ৫টি বেসিক বিষয় সহ মাধ্যমিক পাশ হতে হবে। ক্রমিক সংখ্যা (ই) ঃ পদের নাম - অগ্নিবীর (ট্রেডসম্যান, ৮ম শ্রেণি পাশ) ঃ শিক্ষাগত যোগ্যতা - প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর নিয়ে ৫টি বেসিক বিষয় সহ ৮ম শ্রেণি পাশ হতে হবে। প্রতি ক্ষেত্রেই বয়স ঃ ১-১০-২০২৫ হিসেবে সাড়ে ১৭ বছর থেকে ২১ বছর। অর্থাৎ জন্ম তারিখ ১ অক্টোবর ২০০৪ থেকে ১ এপ্রিল ২০০৮-এর মধ্যে হতে হবে। শারীরিক মাপ ঃ উচ্চতা - ১৫৭ সেমি, ওজন - উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। বুকের ছাতির মাপ ন্যূনতম ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে।

সফল প্রার্থীদের ধাপে ধাপে অ্যাপটিটিউড টেস্ট এবং মেডিক্যাল টেস্ট নেওয়া হবে। মেডিক্যাল সহ অন্যান্য টেস্টের জন্য নির্দিষ্ট দিন স্থির রাখা হবে। প্রার্থীদের উক্ত র‍্যালীতে অংশ গ্রহণের আগে নিজ আগ্রহে নিজস্ব মেডিক্যাল চেকআপ, যেমন বিশেষ করে চওড়া পা, দৃষ্টিশক্তির দুর্বলতা, শারীরিক মাপ, বিকলাঙ্গতা, অসঙ্গতি ইত্যাদি ঠিক আছে কিনা পরীক্ষা করে আসবেন। র‍্যালীতে শারীরিক সক্ষমতার পরীক্ষা হিসেবে নিম্নলিখিত পরীক্ষাগুলি নেওয়া হবে — দূরপাল্লার দৌড়, পুল আপ, আঁকাবাঁকা ভারসাম্যতা, লং জাম্প। পরে নেওয়া হবে মেডিক্যাল পরীক্ষা ও লিখিত পরীক্ষা। দূর পাল্লার দৌড়ে নতুন নিয়ম করা হয়েছে — ৬ মিনিট ১৫ সেকেন্ডের মধ্যে ১.৬ কিমি. দৌড় শেষ করতে হবে কোয়ালিফাইং-এর জন্য। ন্যূনতম ৬ বার পুল আপ, ৯ ফুট ডিচিং, জিগ-জাগ ব্যালেন্স এগুলো র‍্যালিতে জানানো হবে। অর্থাৎ অন্তত ৬ বার পুল আপ না করতে পারলে অনুপযুক্ত হিসেবে বাতিল করে দেয়া হবে। ৯ ফিট দূরত্বের লংজাম্প ও আঁকাবাঁকা ভারসাম্যতায় হাঁটার বিষয়ে কোয়ালিফাই করতে হবে।

উপযুক্ত প্রার্থীরা স্থায়ী বাসিন্দার সার্টিফিকেট, ভোটার তালিকা (যদি থাকে), কাস্ট সার্টিফিকেট, সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের ২০ কপি রঙীন ছবি, এডমিট কার্ড, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণি পাশের সার্টিফিকেট, সার্ভিসম্যান ও এক্স-সার্ভিসম্যানের পুত্র হলে ডিসচার্জ বুক, রিলেশন সার্টিফিকেট ইত্যাদির অরিজিনাল ও জেরক্স কপি সহ নির্দিষ্ট দিনক্ষণ অনুযায়ী এডমিট কার্ড নিয়ে নিয়োগ র‍্যালিতে উপস্থিত থাকবেন। উপযুক্ত এবং ইচ্ছুক সংশ্লিষ্ট সকল প্রার্থীদের এই র‍্যালীতে অংশগ্রহণ করার জন্য এঁদের ওয়েবসাইটে লগ অন করে আগে থেকে আবেদন পাঠাতে হবে। এবং যথাসময়ে কল লেটার ডাউনলোড করে নিতে হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার (সিএসআইআর),**
শূন্যপদ ঃ ২০৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, স্টেনোগ্রাফি জানলে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ এপ্রিল,
বাছাইকৃতদের পরীক্ষা ও স্কিল টেস্টের কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস, ট্রেনি (ইসরো),**
শূন্যপদ ঃ ৭৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, যে-কোনও বিষয়ে ডিগ্রি, বিই, বিটেক পাশ হতে হবে,
বয়স ঃ ১৮-৩৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র সিস্টেম ইঞ্জিনিয়ার (ত্রিপুরা),**
টিপিএসসি পরিচালিত পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে,
লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তবে দিনক্ষণ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিস্টেম এনালিস্ট (ত্রিপুরা),**
নিয়োগ হবে ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে,
শূন্যপদ ঃ ৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ পাশ হতে হবে, অভিজ্ঞতা থাকা আবশ্যক,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে,
লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা, দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অপারেটর, অ্যাসিস্ট্যান্ট (রেল নিগম, কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১৪১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ হতে হবে,
বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল,
সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজার (রেল নিগম, কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৭১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ হতে হবে,
বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল,
সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৭২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, বিসিএ, বিএসসি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল,
বাছাইকৃতদের কম্পিউটারভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজমেন্ট ট্রেনি (এক্সিম ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ২৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ, বিই, বিটেক, পিজি পাশ হতে হবে,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ এপ্রিল,
বাছাইকৃতদের মে-তে পরীক্ষা, এছাড়াও সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর (আর্মি),**
শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৭.৫-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ এপ্রিল,
বাছাইকৃতদের শারীরিক পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, এমটিএস (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৬৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ এপ্রিল,
লিখিত পরীক্ষা ও কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র বহিঃরাজ্যে, দিনক্ষণ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ত্রিপুরা),**
টিপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ,
শূন্যপদ ঃ ২০১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৫৫ শতাংশ নম্বর নিয়ে মাস্টার্স পাশ, নেট কোয়ালিফাইড সহ নির্দিষ্ট যোগ্যতা আবশ্যক,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে,
বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এক্সিকিউটিভ ট্রেনি (কেন্দ্রীয় নিগম),**
শূন্যপদ ঃ ৪০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

০--০--০--০০০--০--০--০

## ডিগ্রি কলেজে ২০১ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বিষয় ও শেষ তারিখ বাড়িয়ে সুযোগ বৃদ্ধি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে। রয়েছে। একাধিক বিষয়ও বাড়ানো হয়েছে। এখনও যাঁরা আবেদন করেননি, ৩০ এপ্রিলের মধ্যে অবশ্যই আবেদন করতে পারবেন। মোট কথা, রাজ্যের গভর্ণমেন্ট (জেনারেল) ডিগ্রি কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের জন্য অনলাইনে আবেদন করার শেষ তারিখ পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে ৩০ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে। এখনও যাঁরা আবেদন করেননি, তাঁরা অবশ্যই আবেদন করতে পারেন এঁদের ওয়েবসাইটে লগ অন করে। উপযুক্ত প্রার্থীদের সুবিধার্থে বিজ্ঞপ্তির গুরুত্বপূর্ণ অংশ এখানে প্রকাশ করা হলো। রাজ্য সরকারের শিক্ষা (উচ্চ) দপ্তরের অধীনে গভর্ণমেন্ট (জেনারেল) ডিগ্রি কলেজের জন্য অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবে ২০১টি শূন্যপদে এপিআই স্কোরের মাধ্যমে স্ক্রিনিং এবং পার্সোনালিটি টেস্টের মাধ্যমে নিয়োগের জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন ৩০ জানুয়ারি, ২০২৫ তারিখে এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। বিজ্ঞপ্তি নং - ০৫/২০২৫। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে আগামী ৩০ এপ্রিল, ২০২৫ তারিখ বিকেল সাড়ে ৫টার মধ্যে কেবলমাত্র অনলাইনে দরখাস্ত জমা করতে পারেন। পরীক্ষার ফি — সাধারণ পরীক্ষার্থীদের জন্য ৪০০ টাকা, তফশিলি জাতি/ উপজাতি ভুক্ত, বিপিএল কার্ডধারী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫০ টাকা।এই নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য, আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বাছাই পদ্ধতি বিস্তারিত পাবেন এঁদের ওয়েবসাইটে। প্রার্থিবাছাই হবে বিভিন্ন প্যারামিটার অনুযায়ী এ পি আই স্কোরের ভিত্তিতে এবং স্ক্রিনিং টেস্ট / পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। এ সমস্ত স্ক্রিনিং টেস্ট / পার্সোন্যালিটি টেস্টের সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে পত্রিকায় জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, ৩০ এপ্রিল বকেল সাড়ে ৫টার মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ সময় ৩০ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে। অনলাইনে দরখাস্তের পর সমস্ত প্রয়োজনীয় ডকুমেন্টসের স্বপ্রত্যয়িত জেরক্স কপি সহ টিপিএসসি অফিসে নির্দিষ্ট সময়ে জমা করতে হবে। বলা বাহুল্য, অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙ্গিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। সাক্ষাৎকারের সময় ডকুমেন্টসের মূল কপি ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। সাক্ষাৎকারের ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে দরখাস্ত করার আগে অবশ্যই এঁদের ওয়েবসাইটে বিস্তারিত দেখে নেবেন। শূণ্যপদগুলি হল — পদের নাম ঃ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ঃ শূন্যপদ ২০১টি। পদগুলি গ্রুপ-এ, গেজেটেড, শিক্ষা (উচ্চ) দপ্তরের অধীনে, গভর্ণমেন্ট (জেনারেল) ডিগ্রি কলেজের জন্য। দপ্তরের প্রয়োজনে শূন্যপদের সংখ্যা পরে বাড়তেও পারে। মোট ২০১টি শূন্যপদের মধ্যে অসংরক্ষিত ৮৭টি। অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি উপযুক্ত যে-কেউ আবেদন করতে পারেন। এছাড়া, এসসি বা তফশিলি জাতিভুক্ত প্রার্থীর জন্য ২৪টি এবং এসটি বা তফশিলি উপজাতিভুক্ত প্রার্থীর জন্য ৯০টি পদ সংরক্ষিত। বিষয় বা ডিসিপ্লিন অনুযায়ী শূন্যপদ এইরকম — বাংলা ঃ ৯টি, ইংরেজি ঃ ১০টি, এডুকেশন ঃ ১২টি, ইতিহাস ঃ ১১টি, পলিটিক্যাল সায়েন্স ঃ ১৪টি, ফিলোসফি ঃ ১৪টি, সংস্কৃত ঃ ১৩টি, ইকোনমিক্স ঃ ৬টি, সাইকোলজি ঃ ৩টি, হিন্দি ঃ ২টি, ফিজিক্স ঃ ১২টি, কেমিস্ট্রি ঃ ১০টি, ম্যথমেটিক্স ঃ ১৫টি, স্ট্যাটিসটিক্স ঃ ৩টি, হিউম্যান ফিজিওলজি ঃ ১৪টি, জুলজি ঃ ১৫টি, বোটানি ঃ ১১টি, কমার্স ঃ ৯টি, ফিজিক্যাল এডুকেশন ঃ ৮টি, ইটিসিই ঃ ১টি, এনভাইরনমেন্ট সায়েন্স ঃ ৫টি, জিওগ্রাফি ঃ ২টি, ডিফেন্স স্টাডিস ঃ ১টি, সোশ্যালজি ঃ ১টি। সামগ্রিক হিসেবে ১৬টি পদ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের জন্য সংরক্ষিত। এছাড়া, ৮৭টি অসংরক্ষিত শূন্যপদের মধ্যে ৩১টি, এসসি-র জন্য সংরক্ষিত ২৪টি শূন্যপদের মধ্যে ১টি এবং এসটি-র জন্য সংরক্ষিত ৯০টি শূন্যপদের মধ্যে ৩৩টি শূন্যপদ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত। পরবর্তী সময়ে সংযোজনী বিজ্ঞপ্তির মাধ্যমে কমার্স, পলিটিক্যাল সায়েন্স, এনভায়রণমেন্টাল সায়েন্স, বোটানি বিষয় সংযুক্ত করা হয়েছে। তবে বিস্তারিত বিভাজন এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। শিক্ষাগত যোগ্যতা - নির্দিষ্ট বিষয়ে ৫৫ শতাংশ নম্বর সহ মাস্টার্স ডিগ্রি পাশ হতে হবে। এছাড়াও আবশ্যকীয় যোগ্যতা, বিশেষ ক্ষেত্রে ছাড়, প্রয়োজনীয় অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত জানার জন্য টিপিএসসি'র ওয়েবসাইট দেখে নিতে হবে। পিআরটিসি থাকতে হবে। বয়স ঃ ০৭-০৩-২০২৫ তারিখের হিসেবে অনূর্ধ্ব ৪০ বছর। এস সি/ এস টি / শারীরিক প্রতিবন্ধী/ সরকারি চাকুরিরত প্রার্থীরা বয়সের উর্ধ্বসীমায় সরকারি নিয়ম অনুযায়ী যথারীতি ৫ বছরের ছাড় পাবেন। বেতনক্রম ঃ পে ব্যান্ড লেভেল-১০ অনুযায়ী ৫৭,৭০০ - ১,৮২,৪০০ টাকা। উল্লেখ্য, সংরক্ষণ ও বয়সের শিথিলতা শুধুমাত্র ত্রিপুরায় বসবাসকারী তফশিলি জাতি/উপজাতি ভুক্ত প্রার্থীদের জন্যই প্রযোজ্য। সরকারি চাকরিরতপ্রার্থীরা আবেদন করতে পারেন যথারীতি নিয়ম মেনে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**
* সিএসআইআর-এ **সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, স্টেনোগ্রাফি জানলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ এপ্রিল, বাছাইকৃতদের পরীক্ষা ও স্কিল টেস্টের কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* ইসরো-তে **এপ্রেন্টিস, ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, যে-কোনও বিষয়ে ডিগ্রি, বিই, বিটেক পাশ হতে হবে, বয়স ঃ ১৮-৩৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ এপ্রিল, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় অর্থ দপ্তরে **জুনিয়র সিস্টেম ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। টিপিএসসি পরিচালিত পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তবে দিনক্ষণ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় অর্থ দপ্তরে **সিস্টেম এনালিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। নিয়োগ হবে, ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে, শূন্যপদ ঃ ৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ পাশ হতে হবে, অভিজ্ঞতা থাকা আবশ্যক, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে, লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা, দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টর রেল নিগমে **অপারেটর, অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ হতে হবে, বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টর রেল নিগমে **ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ হতে হবে, বয়স ঃ ২০-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল, সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, বিসিএ, বিএসসি পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ এপ্রিল, বাছাইকৃতদের কম্পিউটারভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* এক্সিম ব্যাঙ্কে **ম্যানেজমেন্ট ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ, বিই, বিটেক, পিজি পাশ হতে হবে, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ এপ্রিল, বাছাইকৃতদের মে-তে পরীক্ষা, এছাড়াও সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* ভারতীয় সেনাবাহিনীতে **অগ্নিবীর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৭.৫-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ এপ্রিল, বাছাইকৃতদের শারীরিক পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **অ্যাসিস্ট্যান্ট, এমটিএস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ এপ্রিল, লিখিত পরীক্ষা ও কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র বহিঃরাজ্যে, দিনক্ষণ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় বিভিন্ন কলেজের জন্য **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। টিপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ, শূন্যপদ ঃ ২০১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৫৫ শতাংশ নম্বর নিয়ে মাস্টার্স পাশ, নেট কোয়ালিফাইড সহ নির্দিষ্ট যোগ্যতা আবশ্যক, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে, বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় নিগমে **এক্সিকিউটিভ ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে।

## কেন্দ্রীয় সরকারের অধীনে পাওয়ার কর্পোরেশনে ৪০০ এক্সিকিউটিভ ট্রেনি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় সরকারের অধীনে বিশেষ করে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে এক্সিকিউটিভ ট্রেনিপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেকপাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ কল লেটারে জানানো হবে। ত্রিপুরার প্রার্থীদের অনলাইনে দরখাস্ত পাঠানো সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

কেন্দ্রীয় সরকারের অধীনে বিশেষ করে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে চাকরির ক্ষেত্রে এধরনের এক্সিকিউটিভ ট্রেনি পদের যথেষ্ট গুরুত্ব রয়েছে। নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে এক্সিকিউটিভ ট্রেনি হিসেবে ৪০০ জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে এক্সিকিউটিভ ট্রেনি হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩০-০৪-২০২৫-এর হিসেবে ১৮ থেকে ২৬ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। শূন্যপদের বিশদ বিভাজন ডিসিপ্লিন বা ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'ক্যারিয়ার' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - এনপিসিআইএল/ এইচকিউ/ এইচআরএম/ ইটি/ ২০২৫/ ০২, তারিখ ৮ এপ্রিল, ২০২৫।

দরখাস্ত করবেন কেবল অনলাইনে এঁদের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ৩০ এপ্রিলের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙ্গিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সুরক্ষিত করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। ফর্ম ফিলাপের প্রয়োজনে, গার্জিয়ানের সই, আধার কার্ড, প্যান কার্ড, মার্কশিট ইত্যাদিরও স্ক্যান করা কপি আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত করার কাজ একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা এবং মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্তের প্রিন্ট আউট ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন।

মোট শূন্যপদ ৪০০টি। এর মধ্যে ১৫৭টি অসংরক্ষিত। এছাড়া, ৩৯টি ইডব্লিওএস, ৬১টি এসসি, ৩২টি এসটি এবং ১১১টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ডিসিপ্লিন ও ট্রেড অনুযায়ী শূন্যপদের বিশদ বিভাজন এই রকম — ক্রমিক নং - ১ ঃ মেকানিক্যাল ডিসিপ্লিনে মোট শূন্যপদ ১৫০টি। এর মধ্যে ৫৮টি অসংরক্ষিত। এছাড়া, ১৫টি ইডব্লিওএস, ২৩টি এসসি, ১২টি এসটি এবং ৪২টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং - ২ ঃ কেমিক্যাল ডিসিপ্লিনে মোট শূন্যপদ ৬০টি। এর মধ্যে ২৩টি অসংরক্ষিত। এছাড়া, ৬টি ইডব্লিওএস, ৯টি এসসি, ৫টি এসটি এবং ১৭টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং - ৩ ঃ ইলেকট্রিক্যাল ডিসিপ্লিনে মোট শূন্যপদ ৮০টি। এর মধ্যে ৩২টি অসংরক্ষিত। এছাড়া, ৮টি ইডব্লিওএস, ১২টি এসসি, ৬টি এসটি এবং ২২টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং - ৪ ঃ ইলেকট্রনিক্স ডিসিপ্লিনে মোট শূন্যপদ ৪৫টি। এর মধ্যে ১৮টি অসংরক্ষিত। এছাড়া, ৪টি ইডব্লিওএস, ৭টি এসসি, ৪টি এসটি এবং ১২টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং - ৫ ঃ ইন্সট্রুমেন্টেশন ডিসিপ্লিনে মোট শূন্যপদ ২০টি। এর মধ্যে ৮টি অসংরক্ষিত। এছাড়া, ২টি ইডব্লিওএস, ৩টি এসসি, ১টি এসটি এবং ৬টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং - ৬ ঃ সিভিল ডিসিপ্লিনে মোট শূন্যপদ ৪৫টি। এর মধ্যে ১৮টি অসংরক্ষিত। এছাড়া, ৪টি ইডব্লিওএস, ৭টি এসসি, ৪টি এসটি এবং ১২টি ওবিসি প্রার্থীর জন্য সংরক্ষিত। যোগ্যতা নির্দিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয় নিয়ে বিই/ বিটেক পাশ হতে হবে। তবে অধিক নম্বর ও গেইট স্কোর করা থাকলে অগ্রাধিকার পাবেন। প্রতি ক্ষেত্রে গ্রেড সায়েন্টিফিক অফিসার সি, লেভেল ১০ পে মেট্রিক্স, মূল মাইনে প্রতি মাসে ৫৬,১০০ - ১,৬০,০০০ টাকা স্কেলে। ডিএ ধরা হবে পে মেট্রিক্সের ৫৩ শতাংশ।



খ্রীষ্টান ধর্মলম্বিদের মধ্যে শুক্রবার আগরতলার বিভিন্ন চার্চে পালিত হয় গুড ফ্রাইডে।

# প্রতিদ্বন্দ্বী হয়েও দিলীপের বিয়েতে আনন্দে মেতে উঠলেন তৃণমূলের ওজনদার সাংসদ

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): ''মেরে ইয়ার কি শাদী হ্যায়'' গানে গলা মেলালেন! নাচলেন, করলেন মিষ্টি বিলিও! দিলীপবাবুর বিয়ের খুশিতে আনন্দে মাতলেন তাঁর ''ঘোর প্রতিদ্বন্দ্বী'' এই তৃণমূলনেতা।

রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী! কিন্তু তাতে কী? দিলীপ ঘোষের বিয়েতে আনন্দে মেতে উঠতে বাধা কোথায়? এটাই তো সৌজন্য! আর সেই সৌজন্যই দেখালেন তৃণমূল সাংসদ কীর্তি আজাদ।

একদা দিলীপবাবুকে হারিয়ে জেতা কীর্তি আজাদ, এখন তৃণমূল সাংসদ, দিলীপের বিয়ের খবরের আনন্দে মজলেন। আনন্দে মজলেন তৃণমূলের নেতাকর্মীরাও।

২০২৪ লোকসভা নির্বাচনে বর্ধমান-দুর্গাপুরের বিজেপি প্রার্থী হয়ে দাঁড়িয়েছিলেন দিলীপ ঘোষ, আর তৃণমূলের প্রার্থী হয়েছিলেন কীর্তি আজাদ।

এই দুই যুযুধান প্রতিপক্ষ একে অপরকে তীব্র আক্রমণ করলেও দু''জন দু''জনের প্রতি কোনও অশালীন মন্তব্য প্রয়োগ করেননি বলেই জানে সকলে। শুধু তাই নয়, নির্বাচনের দিনে বর্ধমানের এই দুই প্রতিপক্ষ মুখোমুখি হয়ে করেছিলেন কোলাকুলিও।

# বিশ্ব ঐতিহ্য দিবসে ভারতের পুরাতাত্ত্বিক সর্বেক্ষণের অধীনে থাকা স্মারকগুলিতে বিনামূল্যে প্রবেশের সুযোগ

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): শুক্রবার বিশ্ব ঐতিহ্য দিবস বা 'ইন্টারন্যাশনাল ডে অফ মনুমেন্টস অ্যান্ড সাইটস'-এ ভারতীয় পুরাতাত্ত্বিক সর্বেক্ষণের আওতায় থাকা পর্যটন স্থলগুলিতে বিনামূল্যে প্রবেশের সুযোগ। এমনটাই জানিয়েছে ভারত সরকারের প্রেস ইনফরমেশন ব্যুরো।তাদের তরফে জানানো হয়েছে, 'ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সাধারণ মানুষের আগ্রহ আরও বাড়াতে এই সিদ্ধান্ত নিয়েছে পুরাতাত্ত্বিক সর্বেক্ষণ বা আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া। বর্তমানে তাদের আওতায় রয়েছে ৩,৬৯৮টি স্মারক স্থল।

এ বছর 'ইন্টারন্যাশনাল ডে অফ মনুমেন্টস অ্যান্ড সাইটস'-এর থিম হল 'হেরিটেজ আন্ডার থ্রেট ফ্রম ডিজাস্টার অ্যান্ড কনফ্লিক্টস'- বিপর্যয় এবং সংঘর্ষের জেরে বিপন্ন ঐতিহ্য। এই বিষয়টিতে সচেতনতার প্রসার ঘটিয়ে ঐতিহ্য মণ্ডিত স্মারক ও পরিসরগুলির সংরক্ষণে সাধারণ মানুষকে উদ্যোগী করে তোলার চেষ্টা হচ্ছে। প্রবেশমূল্য মকুব করে ঐতিহ্য সংরক্ষণে তৎপর হওয়ার জন্য সাধারণ মানুষকে বার্তা দিতে চায় পুরাতাত্ত্বিক সর্বেক্ষণ।

বস্তুত, আমাদের সংবিধানে বর্ণিত মৌলিক দায়িত্বগুলির মধ্যেও ঐতিহ্যমণ্ডিত পরিসর ও স্মারক রক্ষা করায় যত্নশীল হয়ে ওঠার কথা বলা হয়েছে।'

## আইএসএসএফ বিশ্বকাপ লিমা: মহিলাদের ৫০ মিটার রাইফেল থ্রিপিতে শ্রিয়াঙ্কা সদাঙ্গী অষ্টম স্থানে

লিমা, ১৮ এপ্রিল (হি.স.) : প্যারিস অলিম্পিকের শ্যুটার শ্রিয়াঙ্কা সদাঙ্গী আইএসএসএফ বিশ্বকাপ রাইফেল / পিস্তল / শটগান পর্বের তৃতীয় দিনে মহিলাদের ৫০ মিটার রাইফেল ৩ পজিশন (৩পি) ফাইনালে অষ্টম স্থান অর্জন করেছেন। প্রতিযোগিতার তৃতীয় দিনে ভারত দুটি স্বর্ণপদক এবং একটি রৌপ্য ও একটি ব্রোঞ্জ পদক নিয়ে দ্বিতীয় স্থানে ছিল। দক্ষিণ আমেরিকার এই দ্বি-পাক্ষিক সফরে সাদঙ্গী সর্বশেষ ভারতীয় শ্যুটার হিসেবে প্রথমবারের মতো ব্যক্তিগত বিশ্বকাপ ফাইনালে জায়গা করে নিয়েছিলেন, কিন্তু স্ট্যান্ডিং পজিশন রাউন্ডের ১০ম শট, ৪৫-শট ফাইনালের ৪০তম শটের পর তিনি বিদায় নেন।

প্যারিস গেমসে রৌপ্যপদকজয়ী মার্কিন যুক্তরাষ্ট্রের সেগেন ম্যাডালেনা স্বর্ণ জিতেছেন। সেগেনের প্রচেষ্টা তিনটি স্বর্ণ এবং ৬ টি পদক নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রকে পদক তালিকার শীর্ষে নিয়ে যায়। ভারতীয় শ্যুটারদের সামগ্রিকভাবে একটি চ্যালেঞ্জিং দিন ছিল, তাদের কেউই পুরুষদের ৩পি ফাইনালে উঠতে পারেনি এবং পুরুষদের ২৫ মিটার র‍্যাপিড-ফায়ার পিস্তল ইভেন্টে যোগ্যতা অর্জনের প্রথম রাউন্ডের পরে তাদের অনেক কিছু করার ছিল।

## "রাজনীতি চলবে আগের মতোই", বিয়ের সকালে মন্তব্য দিলীপের

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): সংসারী হলে কি দলের কাজে ভাঁটা পড়বে? বিয়ের সকালে এই প্রশ্নের উত্তরে চটজলদি মন্তব্য করলেন প্রাক্তন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ। জবাবে তিনি জানান, "একেবারেই তেমনটা হবে না। রাজনীতি চলবে আগের মতোই"।

এই সঙ্গে তিনি বলেন, "এখন শুধু জীবনে একটা নতুন অধ্যায় যোগ হল। স্ত্রীও বিজেপিরই নেত্রী, ফলত সমস্যা হওয়ার কোনও কারণই নেই।" তিনি বলেন, "এ জীবনে সব করেছি, শুধু একটা কাজই বাকি ছিল। মা বরাবর বিয়ের জন্য বলতেন। মায়ের কথাতেই অবশেষে সিদ্ধান্ত নিলাম।"

শুক্রবার সন্ধেয় নিউটাউনে নিজের বাসভবনে চারহাত এক হবে দিলীপ ঘোষ ও রিঙ্কু মজুমদারের। বৃহস্পতিবারই বিয়ের কথা স্বীকার করে নিয়েছিলেন রিঙ্কুদেবী।

## রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক দফতরে জাল নোট, অভিযোগ দায়ের

লখনউ, ১৮ এপ্রিল (হি.স.) : লখনউর গোমতীনগরে অবস্থিত রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক দফতরে ২০টি জাল নোট পাওয়া গেছে। বিষয়টি নিয়ে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

এক পুলিশ আধিকারিক জানান, ঘটনাটির পর আরবিআই কর্তৃপক্ষ সতর্কতা এবং নজরদারি আরও জোরদার করেছে। কোন সংস্থা থেকে নোট এসেছে, তা খতিয়ে দেখা হচ্ছে। নোটগুলোর মূল্য কত, সে বিষয়েও তদন্ত চলছে।

# চার্চিল ব্রাদার্স নাম প্রত্যাহারের পর মোহনবাগান সুপার কাপের কোয়ার্টার ফাইনালে উঠেছে

কলকাতা, ১৮ এপ্রিল(হি. স.) : মোহনবাগান সুপার জায়ান্ট কলিঙ্গ সুপার কাপ ২০২৫ কোয়ার্টার ফাইনালে বাই পেয়েছে, কারণ তাদের ১৬ নম্বর রাউন্ডের প্রতিপক্ষ চার্চিল ব্রাদার্স টুর্নামেন্ট থেকে প্রত্যাহার করে নিয়েছে। 'চার্চিল ব্রাদার্স এফসি গোয়ার কলিঙ্গা সুপার কাপ ২০২৫ থেকে প্রত্যাহারের কারণে, ২০ এপ্রিল রাত ৮ টায় মোহনবাগান এসজি-র বিরুদ্ধে তাদের রাউন্ড অফ ১৬ ম্যাচটি বাই হিসেবে ঘোষণা করা হবে,' অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন (এআইএফএফ) শুক্রবার এক বিবৃতিতে জানিয়েছে। প্রধান কোচ জোসে মোলিনার অধীনে মেরিনার্স ঘরোয়া টুর্নামেন্টে ডাবল জয়লাভ করে, এই মরসুমে ইন্ডিয়ান সুপার লিগ (আইএসএল) শিল্ড এবং কাপ জিতেছে। সুপার কাপের ড্র তে মোহনবাগানের সঙ্গে চার্চিল ব্রাদার্সের খেলা পড়ে ছিল। তবে চার্চিল এবং ইন্টার কাশির মধ্যে আই-লিগ বিজয়ীর সিদ্ধান্ত এআইএফএফ আপিল কমিটিতে চলমান থাকায়, গোয়ান দল টুর্নামেন্ট থেকে সরে যাওয়ার সিদ্ধান্ত নেওয়ায় মোহনবাগান বাই পেল।

# দিলীপ ঘোষের বিয়ে, বিজেপির নেতাদের দল বেঁধে তাঁর বাড়িতে গিয়ে শুভেচ্ছা

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): উপহার হাতে শুক্রবার দিলীপ ঘোষের বাড়িতে গেলেন বঙ্গ বিজেপি নেতৃত্ব।

ছিলেন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার থেকে শুরু করে মহিলা মোর্চার সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায়, জ্যোতির্ময় সিং মাহাতো-সহ অন্যান্যরা।

দিলীপবাবুর নিউটাউনের বাড়িতে বেশ কিছুক্ষণ থাকেন তাঁরা। দিলীপবাবুর হাতে তুলে দেন ফুল, উপহার।

কথা বলেন তাঁর মায়ের সঙ্গে।

সংঘের সঙ্গে যুক্ত দিলীপ সংসারী! দল কী বলছে? এই প্রশ্ন উঠতেই সুকান্তবাবু বলেন, ''বিয়েতে আপত্তি কীসের?'

দিলীপবাবুর বিবাহের খবর জানাজানি হওয়ার পর থেকে শুভেচ্ছার ঢল নেমেছে। রাজ্য বিজেপির নেতারা শুক্রবার দল বেঁধে তাঁর বাড়িতে গিয়ে শুভেচ্ছা জানিয়েছেন। শুক্রবার বিকেলে ঘরোয়া এবং অনাড়ম্বর অনুষ্ঠানে বিবাহবন্ধনে আবদ্ধ হতে চলেছেন দিলীপ ঘোষ।

বিকেল সাড়ে ৫টায় বিবাহের সময় স্থির হয়েছে।

দিলীপের জননী-সহ অন্য পরিজন এবং পাত্রী রিঙ্কু মজুমদারের পরিজনেরা থাকবেন। দু'-একজন বন্ধুবান্ধবও থাকবেন। ওই সময়টুকু বাদ দিলে বিয়ের কারণে দিলীপবাবুর কর্মসূচির কোনও অদলবদল হচ্ছে না।

# দিলীপ ঘোষের বিয়ে, এক্সবার্তায় প্রতিক্রিয়া তথাগত, দেবাংশু, তরুণজ্যোতির

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি তথা প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষের বিয়ে নিয়ে প্রতিক্রিয়া দিলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, তৃণমূলের দেবাংশু ভট্টাচার্য্য ও বিজেপি নেতা তরুণজ্যোতি তিওয়ারি। শুক্রবার তথাগতবাবু লিখেছেন, "আমি চল্লিশ বছরের উপর রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বয়ংসেবক। সে হিসেবে একজন সংঘপ্রচারক তেষট্টি বছর বয়সে বিয়ে করতে চলেছেন, শুনে হেঁচকি খেলাম বই কি। তবে যাই হোক, ওঁর ব্যক্তিগত ব্যাপার। নবদম্পতির সুখী বিবাহিত জীবন কামনা করছি।"তৃণমূলের দেবাংশু ভট্টাচার্য্য লিখেছেন, ''অনেক অভিনন্দন দিলীপ ঘোষ দা। মন থেকে খুশি হয়েছি। খুব ভালো হোক। নতুন বৌদি আপনার হাত থেকে তরোয়াল কেড়ে নিয়ে গোলাপ তুলে দিক। ভালো থাকুন দুজনে। জ্জুদ্র 'এর প্রতিক্রিয়ায় বিজেপি যুব মোর্চার রাজ্য সহ সভাপতি তথা আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি লিখেছেন, "সেই ঘোষ বাবু যদি তার স্ত্রীর সাথে সংসার করতে পারতেন তাহলে আজকে তার স্ত্রী হিজাব পড়ে হিন্দুদের নরসংহার করতেন না। সেই আইনজীবীর সাথে যেটা হয়েছে ঠিক হয়নি।। তিনি যদি তার স্ত্রীকে একটু সময় দিতেন তাহলে তার স্ত্রী হয়তো অনেকটা সুস্থ থাকতেন।"

# পুঞ্চে জঙ্গি দমন অভিযান অব্যাহত

পুঞ্চ, ১৮ এপ্রিল (হি.স.)। জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলার লসানা বনাঞ্চলে লুকিয়ে থাকা জঙ্গিদের ধরতে নিরাপত্তা বাহিনী যৌথ অভিযান চালাচ্ছে। সোমবার রাতে নিরাপত্তা বাহিনী ও জঙ্গিদের মধ্যে গুলি বিনিময়ের পর মঙ্গলবার তল্লাশি অভিযান শুরু হয় এবং শুক্রবারও তা অব্যাহত রয়েছে। শুক্রবার জম্মুর নিরাপত্তা বাহিনীর এক আধিকারিক জানিয়েছেন, কয়েকটি এলাকায় জঙ্গিদের উপস্থিতি নিশ্চিত হয়েছে। অভিযান চলবে। গোটা এলাকায় তল্লাশি জোরদার করা হয়েছে।

## ঝাড়খণ্ডে খুনের মামলায় গ্রেফতার ৩ অভিযুক্ত

সেরাইকেলা, ১৮ এপ্রিল (হি.স.) : ঝাড়খণ্ডের সেরাইকেলা জেলাতে এক খুনের ঘটনায় পুলিশ ৩ অভিযুক্তকে গ্রেফতার করেছে। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে পুলিশের উচ্চ পদস্থ এক আধিকারিক জানান , ঘটনাটি ঘটে ১৫ এপ্রিল গভীর রাতে। তাজনগরের মহম্মদ হুসেন নামে এক ব্যক্তিকে পাথর ও ইঁট দিয়ে পিটিয়ে খুন করা হয়।

মৃতের স্ত্রীর অভিযোগের ভিত্তিতে অভিযোগ দায়ের করা হয়। প্রাথমিক তদন্ত ও প্রমাণের ভিত্তিতে মো.সলাউদ্দিন, মো. আবদুল আনসারি এবং মো. কালীমকে গ্রেফতার করা হয়। খুনে ব্যবহৃত পাথর, ইঁট ও নিহতের ভাঙা ফোন উদ্ধার করা হয়েছে। এছাড়াও ৩ জনের কাছ থেকে আরও ৩ টি ফোন বাজেয়াপ্ত করা হয়েছে।

## শুক্রবার প্রধানমন্ত্রীর বই প্রকাশ

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): শুক্রবার দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংস্কৃতি বিষয়ক চিন্তাভাবনা ও ভাষণের সংকলিত গ্রন্থ 'সংস্কৃতি কা পাঁচওয়া অধ্যায়' প্রকাশিত হবে। বিভিন্ন অনুষ্ঠানে ভারতীয় সংস্কৃতি, ঐতিহ্য, আধ্যাত্মিক মূল্যবোধ বিষয়ক নরেন্দ্র মোদীর নির্বাচিত ভাষণগুলি তুলে ধরা হয়েছে বইটিতে। জুনা আখড়ার প্রধান স্বামী অভদেশানন্দ গিরি মহারাজ আনুষ্ঠানিকভাবে গ্রন্থটির উদ্বোধন করবেন। বইটির মুখবন্ধ লিখেছেন রাম বাহাদুর রাই। বইটি সংকলন করেছেন ডঃ প্রভাত ওঝা। বইটি প্রকাশ করছে প্রভাত প্রকাশন।

## রাঁচিতে বিএসএনএল অফিসে আগুন

রাঁচি, ১৮ এপ্রিল (হি.স.) : রাঁচিতে বিএসএনএল অফিসে বৃহস্পতিবার রাতে আগুন লাগে। গ্রাউন্ড ফ্লোর থেকে আগুনের সূত্রপাত হয়। রাত ১১টা নাগাদ ধোঁয়া দেখে স্থানীয়রা পুলিশ ও দমকলকে খবর দেন। দমকলের ৩ টি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনে। শুক্রবার এক আধিকারিক জানান , প্রাথমিকভাবে শর্ট সার্কিট থেকেই আগুন লেগেছিল বলে জানা গেছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।

## হরিয়ানা বাসের ধাক্কায় বাবা-ছেলের মৃত্যু

পানিপত, ১৮ এপ্রিল (হি.স.) : হরিয়ানায় বাসের ধাক্কায় মৃত বাবা-ছেলে। ঘটনাটি ঘটে পানিপতের জিটি রোডে। স্থানীয় বাসিন্দা নীলম জানান, তার স্বামী চরণ সিং ও দুই ছেলে নিতিন ও যতিন রাস্তা পেরিয়ে যাচ্ছিলেন। সেই সময় একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে। ঘটনাস্থলেই ৩ জন গুরুতর আহত হন।

স্থানীয়দের সহায়তায় আহতদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে রাস্তাতেই চরণ সিং ও তার ছেলে নিতিনের মৃত্যু হয়। ছোট ছেলে যতিনকে পরে পিজিআই -তে স্থানান্তর করা হয়েছে।

# হরিয়ানায় পথ দুর্ঘটনায় মৃত পুলিশকর্মী

সোনিপত, ১৮ এপ্রিল (হি.স.) : সোনিপতের রোহতক রোডের ঝরোঠ টোল প্লাজার কাছে বৃহস্পতিবার রাতে পথ দুর্ঘটনায় পুলিশ আধিকারিক রামনিবাস (৫৫) নিহত হন। তিনি সোনিপত সদর থানায় ইআরভি ডিউটিতে নিযুক্ত ছিলেন ও ডিউটি শেষে বাড়ি ফিরছিলেন।

গুরুতর আহত অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয় কিন্তু চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। দুর্ঘটনার জেরে পুলিশ বিভাগে শোকের ছায়া নেমে এসেছে।

## হুগলিতে অপহৃত ব্যবসায়ীকে উদ্ধার, গ্রেফতার ৫

হুগলি, ১৮ এপ্রিল (হি.স.): অভিযোগ পাওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই অপহৃত এক ব্যবসায়ীকে উদ্ধার করল পুলিশ। ঘটনায় গ্রেফতার ৫। বৃহস্পতিবার বেশি রাতে ঘটনাটি ঘটেছে হরিপাল থানা এলাকায়।

সূত্রের খবর, পুরনো শত্রুতার জেরে ব্যবসায়ীকে অপরহণ করা হয়! পরে ৫ লক্ষ টাকা মুক্তিপণ চেয়ে তাঁর স্ত্রীকে দেওয়া হয় হুমকি ফোন। এর পর এফআইআর রুজু করে তদন্তে নামে পুলিশ। সাহায্য নেওয়া হয় সাইবার সেলের। জানা যায়,অপহরণকারীরা শুকুর আলিকে পাণ্ডুয়া থানা এলাকায় লুকিয়ে রেখেছে।

বিষয়টি জানানো হয়, পাণ্ডুয়া থানার ওসিকে। মোবাইল ফোনের সূত্র ধরে পুলিশ পাণ্ডুয়া থানা এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে ব্যবসায়ীকে উদ্ধার করে। সেখান থেকেই দুই অভিযুক্তকে গ্রেফতার করা হয়। তাঁদের জিজ্ঞাসাবাদ করে আরও তিনজনকে গ্রেফতার করে পুলিশ। তারা প্রত্যেকেই জয়েরবাজার থানা এলাকার বাসিন্দা। পুরনো শত্রুতার জেরে এই অপরহণ বলে মনে করছে পুলিশ।

## মদ্যপ পুলিশকর্মীর গাড়ির ধাক্কায় গুরুতর জখম ২

হুগলি, ১৮ এপ্রিল (হি.স.): এক গ্রামীণ পুলিশকর্মীর গাড়ির ধাক্কায় গুরুতর জখম হলেন দুই নিরীহ সাধারণ মানুষ। শুধু তাইই নয়, নিয়ন্ত্রণ হারিয়ে সেই গাড়ি একটি গাছেও ধাক্কা মারে। আকণ্ঠ মদ্যপান করে গাড়ি চালাচ্ছিলেন তিনি।

চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে পাণ্ডুয়া থানার শিবরাই গ্রামে। জখমদের দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অভিযোগ, যে গাড়িটি চালানো হচ্ছিল, সেটিরও ফিটনেস সার্টিফিকেট, বৈধ ইন্সিওরেন্স নেই।

অভিযুক্তর নাম গৌতম দাস। তিনি পাণ্ডুয়া থানায় কর্মরত। জানা গিয়েছে, ওই অভিযুক্ত বৃহস্পতিবার সারারাত একটি অনুষ্ঠান চলাকালীন মদ্যপান করেছিলেন। এরপর নিজেই মদ্যপ অবস্থায় গাড়ি চালিয়ে পাণ্ডুয়ার দিকে রওনা হন।

শুক্রবার সকালে শিবরাই গ্রামের রাস্তায় ঢোকার পরেই আর গাড়ির নিয়ন্ত্রণ রাখতে পারেননি তিনি। প্রথমে এক প্রৌঢ়াকে ধাক্কা মারে ওই গাড়ি। এরপর আরও একজনকে ধাক্কা মারা হয়। শুধু তাই নয়, এরপর ওই গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারের একটি গাছে ধাক্কা মারে।

# সুকমায় আত্মসমর্পণ ২২ নকশালের

সুকমা, ১৮ এপ্রিল (হি.স.): কেন্দ্রীয় বাহিনী এবং পুলিশের যৌথ অভিযানে ছত্তিশগড়ের সুকমা জেলার ২২ জন নকশাল নেতা-কর্মী আত্মসমর্পণ করলো। যাঁদের মধ্যে ১২ জনের মাথার মোট দাম ছিল ৪০ লক্ষ ৫০ হাজার টাকা।

সুকমার পুলিশ সুপার কিরণ চহ্বাণ বলেন, কেন্দ্রীয় বাহিনী সিআরপিএফের কাছে আত্মসমর্পণ করেছেন ন'জন মহিলা-সহ ২২ জন নকশাল। সরকারি নীতি মেনে আত্মসমর্পণকারীদের এককালীন ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা এবং পুনর্বাসনের সুযোগ দেওয়া হবে। উল্লেখ্য, গতবছর সুকমা-সহ বস্তার ডিভিশনের সাতটি জেলায় ৭৯২ জন নকশাল আত্মসমর্পণ করেছিলেন।

# হাড়োয়া থেকে উদ্ধার আগ্নেয়াস্ত্র ও গুলি

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): আগ্নেয়াস্ত্র-সহ চার দুষ্কৃতীকে গ্রেফতার করল এসটিএফ। বৃহস্পতিবার হাড়োয়া থানার হাড়োয়া-রাজারহাট রোডে জোকারবিল এলাকায় এই অভিযান চালানো হয় বলে এসটিএফ সূত্রে জানা গিয়েছে। ধৃতদের বাড়ি হাড়োয়ার গোপালপুরের পুকুরিয়া এলাকায়। শুক্রবার তাদের বসিরহাট মহকুমা আদালতে পেশ করা হবে। চারজনকেই হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করতে চায় এসটিএফ। জানা গেছে, গাড়িতে তল্লাশি চালিয়ে উদ্ধার হয় দুটি বন্দুক ও পিস্তল এবং বেশ কয়েক রাউন্ড গুলি।

# বকেয়া বিদ্যুৎ বিল দিতে বলায় খুনের অভিযোগ, ধৃত দুই

জামালপুর, ১৮ এপ্রিল (হি.স.): ২৪০০ টাকা বকেয়া বিদ্যুৎ বিল মেটাতে বলায় বাড়ির মালিককে খুনের অভিযোগ ভাড়াটিয়ার বিরুদ্ধে। চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে বর্ধমানের জামালপুর থানার আবুজহাটিতে। মৃতের নাম নীলাদ্রি সরকার। জানা গেছে, এই ঘটনায় ধৃত মূল অভিযুক্ত অমিত বাগদি এবং তাঁর সহযোগী কুবির গড়াই।

## দিলীপ ঘোষকে বিয়ের উপহার ও শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): বিজেপি নেতা দিলীপ ঘোষের বিয়ে উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে ফুলের তোড়া পাঠালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার সঙ্গে দিলীপের নিউ টাউনের বাড়িতে মুখ্যমন্ত্রী পাঠিয়েছেন শুভেচ্ছাবার্তাও।

রাজ্য সরকারের ছাপযুক্ত হলুদ রঙের খাম পৌঁছেছে নিউ টাউনে। তাতে সাদার উপর কালো ছাপার হরফে দিলীপের নাম এবং ঠিকানা লেখা। দিলীপবাবুর বিয়ে ঘিরে রাজ্য রাজনীতি তো বটেই, সর্বত্র আলোড়ন পড়ে গিয়েছে। তাঁর সঙ্গে মমতার রাজনৈতিক মতবিরোধ প্রবল। তৎসত্ত্বেও রাজনীতিকে পাশে সরিয়ে সৌজন্যের নজির দেখিয়ে নিউ টাউনে শুভেচ্ছাবার্তা পাঠালেন মমতা।

## উত্তর প্রদেশে পথ দুর্ঘটনায় মৃত বাইক আরোহী

ফিরোজাবাদ, ১৮ এপ্রিল (হি.স.) : ফিরোজাবাদের বৃহস্পতিবার রাতে এক মর্মান্তিক পথ দুর্ঘটনা ঘটে। পরিবারের সূত্রে জানা গিয়েছে , বাজারে যাওয়ার কথা বলে বাড়ি থেকে বেরিয়েছিলেন নিহত বৃদ্ধ। এক পুলিশ আধিকারিক জানান , রাতের দিকে যখন জাফর আলি (৬০) আরাঁও রোড ব্রিজের কাছে পৌঁছান, তখন একটি গাড়ি তাঁর বাইকে ধাক্কা দেয়। গুরুতর আহত হন তিনি। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। অবস্থার অবনতি হওয়ায় তাঁকে ট্রমা সেন্টারে হস্তান্তর করা হলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।

## সৌজন্যতার জন্য দলীয় নেতাদের প্রতি-উপহার দিলীপের

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): বিয়ের আগেই সৌজন্যতার জন্য দলীয় নেতাদের প্রতি-উপহার দিলেন দিলীপ ঘোষ।

শুক্রবার সকালে দিলীপবাবুর জন্য বিজেপি-র রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার নিয়ে গিয়েছিলেন ফুলের তোড়া, মিষ্টির বাক্স আর ধুতি-পাঞ্জাবি। বিজেপির অন্য নেতারাও ফুল, মিষ্টি নিয়ে গিয়েছিলেন। কারও কারও হাতে তার পাশাপাশি অন্য উপহারও ছিল।

বিকেলে বিয়ের অনুষ্ঠানে যাঁরা থাকবেন না, সকালেই দিলীপবাবু তাঁদের প্রত্যেককে প্রতি-উপহার দিয়েছেন। লকেটকে দিয়েছেন শাড়ি। বাকিদের কাউকে দিয়েছেন পাজামা-পাঞ্জাবির সেট, কাউকে পাঞ্জাবি বানানোর কাপড়। কাউকে দিয়েছেন ধুতি।

দিলীপবাবুর হবু স্ত্রী রিঙ্কু বিজেপির মহিলা মোর্চার নেত্রী। দলের সূত্রেই তাঁদের আলাপ। বিয়ের খবর জানাজানি হতেই শুভেচ্ছার ঢল নেমেছে। সুকান্তবাবুর সঙ্গে সকালে দিলীপবাবুর বাড়িতে গিয়েছিলেন লকেট চট্টোপাধ্যায়, সুনীল বনসল, মঙ্গল পাণ্ডে, অমিতাভ চক্রবর্তী, সতীশ ধরের মতো নেতারা।

## "কেনাকাটা করতে বা ফুচকা খাওয়াতে নিয়ে যেতে পারবেন না", বিয়ের আগেই অনুযোগ রিঙ্কুর

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): "দিলীপ ঘোষ তাঁকে আগে থেকেই স্পষ্ট করে বলে দিয়েছেন, কেনাকাটা করতে বা ফুচকা খাওয়াতে নিয়ে যেতে পারবেন না"। অন্তত সেই অনুযোগ রিঙ্কুর। শুক্রবার সাংবাদিকদের কাছে কবুল করেছেন সেরকমই।

দিলীপ-রিঙ্কুর মধুচন্দ্রিমার গন্তব্য কোথায়? সংবাদমাধ্যমের প্রশ্নের জবাবে নির্দিষ্ট করে কোনও জায়গা বলেননি রিঙ্কু। তবে ইঙ্গিত দিয়েছেন, দু'জনে মিলে নির্জন কোনও পাহাড়ি এলাকায় যেতে চান।

রিঙ্কুর কথায়, "কোনও আইসোলেটেড জায়গায় যেতে চাই। কারণ, উনি (দিলীপ) যেখানেই যান, সেখানেই ভিড় জমে যায়।" প্রাথমিক ভাবে হিমাচল প্রদেশের সিমলা যাওয়ার পরিকল্পনা রয়েছে।

## মালদায় আশ্রয়শিবির ঘুরে দেখলেন জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যেরা

মালদা, ১৮ এপ্রিল (হি.স.): মুর্শিদাবাদে অশান্তির জেরে বাড়ি ছেড়ে অনেকেই পাশের জেলা মালদায় আশ্রয় নিয়েছেন। ঘরছাড়াদের একাংশ আশ্রয় নিয়েছেন বৈষ্ণবনগরের পারলালপুর হাই স্কুলে। শুক্রবার দুপুরে সেই আশ্রয়শিবিরে যান জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যেরা।

শুক্রবার সকাল থেকেই কড়া নিরাপত্তায় মুড়ে ফেলা হয় পারলালপুর হাই স্কুল। কাউকেই ভিতরে ঢুকতে বা বেরোতে দেওয়া হয়নি। আটকে দেওয়া হয় ঘরছাড়াদের সঙ্গে দেখা করতে আসা আত্মীয়স্বজনদেরও।আশ্রয়শিবির ঘুরে দেখেন কমিশনের সদস্যেরা। কথা বলেন ঘরছাড়াদের কয়েক জনের সঙ্গেও।

# সোনারপুরে বিজেপি নেতার বাড়িতে হামলা

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): বৃহস্পতিবার গভীর রাতে বিজেপির নেতা মনোরঞ্জন জোতদারের বাড়িতে হামলার অভিযোগ উঠল। সোনারপুর পৌরসভার চাঁদমারি এলাকায় তাঁর বাড়ি লক্ষ্য করে একের পর এক পাথর ছোঁড়া হয় বলে অভিযোগ। জানা গিয়েছে, সে সময় বাড়িতে ছিলেন মনোরঞ্জন জোতদার, তাঁর স্ত্রী এবং ছেলে। হঠাৎ করে এ রকম হামলার ঘটনায় আতঙ্কে রয়েছে তাঁর পরিবার। এই ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# পার্কস্ট্রিটের বহুতলে আগুন

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): কলকাতায় ফের অগ্নিকাণ্ড। শুক্রবার কুইন্স ম্যানসন বহুতলের একতলায় আগুন লেগেছে বলে জানা গেছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের একাধিক ইঞ্জিন। এই বিল্ডিংয়ে একাধিক নামী সংস্থার আউটলেট রয়েছে।

প্রাথমিকভাবে জানা যাচ্ছে, একটি মিষ্টির দোকানে আগুন লাগে। শহরের ওই জনপ্রিয় মিষ্টির দোকানের আউটলেটটি কালো ধোঁয়ায় ঢেকে যায়।আতঙ্কিত হয়ে পড়েন মানুষজন।

# ঝড়-বৃষ্টিতে দক্ষিণবঙ্গে তাপমাত্রা হ্রাস, অস্বস্তিকর গরমও উধাও

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): ঝড়-বৃষ্টির সৌজন্যে তাপমাত্রা বেশ খানিকটা নেমেছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৯ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৫.২ ডিগ্রি কম। বৃষ্টির সৌজন্যে গরমের দাপটও কমেছে। মনোরম হয়ে উঠেছে শহর ও শহরতলির আবহাওয়া।

তবে, আগামী সোমবার থেকে ঝড়-বৃষ্টির সম্ভাবনা কোথাও থাকবে না। তাপমাত্রা তখনও আবারও বাড়তে শুরু করবে। বুধবারের মধ্যে কলকাতায় সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রির আশপাশে চলে আসতে পারে। পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে তাপমাত্রা আরও বেশি হবে।

# ফ্লোরিডার বিশ্ববিদ্যালয়ে গুলিবিদ্ধ হয়ে দু'জনের মৃত্যু, গুরুতর আহত ৬ জন

ফ্লোরিডা, ১৮ এপ্রিল (হি.স.): ফের বন্দুকবাজের হামলা আমেরিকায়। এ বার ঘটনাস্থল ফ্লোরিডা। বৃহস্পতিবার ফ্লোরিডার টালাহাসিতে ফ্লোরিডা স্টেস্ট বিশ্ববিদ্যালয়ে বন্দুরবাজের এলোপাথাড়ি গুলিতে মৃত্যু হয়েছে দু'জনের। গুরুতর ভাবে জখম হয়ে হাসপাতালে ভর্তি ৬ জন। পুলিশ এবং নিরাপত্তাবাহিনীর গুলিতে জখম হয়েছে বছর কুড়ির বন্দুকবাজও। জানা গিয়েছে, অভিযুক্ত সেখানকার এক ডেপুটি শেরিফের পুত্র এবং ওই বিশ্ববিদ্যালয়েরই প্রাক্তন পড়ুয়া। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, মায়ের পুরনো বন্দুক দিয়েই গুলি চালিয়েছে অভিযুক্ত।

# মুর্শিদাবাদ পরিদর্শনে রাজ্যপাল, মালদায় জাতীয় মহিলা কমিশন

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.): ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে উত্তপ্ত মুর্শিদাবাদে ধীরে ধীরে পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করেছে। শুক্রবার মুর্শিদাবাদে যাচ্ছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এদিন মুর্শিদাবাদের উপদ্রুত এলাকাগুলোর পরিস্থিতি খতিয়ে দেখতে সেখানে যাচ্ছেন তিনি।এদিকে শুক্রবার জাতীয় মহিলা কমিশনের প্রতিনিধি দলের যাওয়ার কথা মালদায়। সেখানকার আশ্রয় কেন্দ্রগুলোতে যাওয়ার কথা রয়েছে মহিলা কমিশনের প্রতিনিধিদের।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# সানি দেওলের বিরুদ্ধে মামলা দায়ের

জলন্ধর, ১৮ এপ্রিল (হি.স.): বলিউড অভিনেতা সানি দেওলের বিরুদ্ধে মামলা দায়ের। সদ্য মুক্তিপ্রাপ্ত ছবি 'জাট'-এর একটি দৃশ্যে ধর্মীয় অনুভূতিতে আঘাত করার অভিযোগে সানি দেওল, রণদীপ হুদা এবং বিনীত কুমার সিং-এর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। জলন্ধর পুলিশ একটি মামলা দায়ের করেছে। জানা গিয়েছে, 'জাট'-এর পরিচালক গোপীচাঁদ মালিনেনি এবং প্রযোজকদের বিরুদ্ধেও মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিনেতা সানি দেওল, রণদীপ হুদা, বিনীত কুমার, পরিচালক গোপীচাঁদ এবং প্রযোজক নবীন মালিনেনির বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা-র ধারায় মামলা রুজু করা হয়েছে। ওই ধারায় উল্লেখ রয়েছেইচ্ছাকৃতভাবে ও বিদ্বেষপ্রসূত কার্যকলাপে কোনও শ্রেণির ধর্মীয় অনুভূতিতে আঘাত করা কিংবা ধর্মীয় বিশ্বাসকে অবমাননা করা দণ্ডনীয় অপরাধ।

# ২৭ এপ্রিল মন কি বাত-এর ১২১—তম পর্ব, নিজের চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৭ এপ্রিল রবিবার মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন কি বাত-এর ১২১—তম পর্ব। এআইআর, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলে মন কি বাত অনুষ্ঠান শোনা যাবে।

উল্লেখ্য, এর আগে ৩০ মার্চ, বেলা ১১টায় দেশজুড়ে সম্প্রচারিত হয়েছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠান। সেটি ছিল এই অনুষ্ঠানের ১২০তম পর্ব।

# ইলন মাস্কের সঙ্গে আলোচনা নরেন্দ্র মোদীর

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): ফের টেসলা কর্তা ইলন মাস্কের সঙ্গে আলোচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোশ্যাল মিডিয়ায় এ কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী নিজেই। বিভিন্ন বিষয় যেমন প্রযুক্তি ক্ষেত্রে সমন্বয়ের মতো বিষয়গুলি নিয়ে তাঁরা আলোচনা করেছেন বলে জানিয়েছেন তিনি।

প্রধানমন্ত্রী জানান, ইলন মাস্কের সাথে কথা বলেছি এবং বিভিন্ন বিষয়ে আলোচনা করেছি, তার মধ্যে ওয়াশিংটন ডিসিতে আমাদের বৈঠকের সময় আমরা যে বিষয়গুলি আলোচনা করেছিলাম সেগুলিও। আমরা প্রযুক্তি এবং উদ্ভাবনের ক্ষেত্রে সমন্বয়ের অপার সম্ভাবনা নিয়ে আলোচনা করেছি। ভারত এই ডোমেইনগুলিতে মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে আমাদের অংশীদারিত্বকে এগিয়ে নিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।

# আইপিএল ২০২৫-এর পয়েন্ট টেবিল আপডেট: মুম্বই ইন্ডিয়ানস তৃতীয় জয় পেয়েছে, সানরাইজার্স হায়দরাবাদ নবম স্থানে রয়েছে

কলকাতা, ১৮ এপ্রিল (হি.স.) : বৃহস্পতিবার ওয়াংখেড়ে স্টেডিয়ামে সানরাইজার্স হায়দরাবাদকে ৪ উইকেটে হারিয়ে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ ২০২৫-এর তৃতীয় জয় তুলে নিয়েছে মুম্বই ইন্ডিয়ানস। সানরাইজার্স আইপিএলে এই নিয়ে ৫টি ম্যাচ হেরে নবম স্থানে থাকল। বুধবার, দিল্লি ক্যাপিটালস রাজস্থান রয়্যালসকে সুপার ওভারে হারিয়ে পয়েন্ট টেবিলের প্রথম স্থানে রয়েছে। গুজরাট টাইটানস, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু এবং পঞ্জাব কিংস পরের ৩ টি স্থানে রয়েছে।

আইপিএল পয়েন্ট টেবিল:

দিল্লি ক্যাপিটালস : ম্যাচ ৬, জয় ৫, পয়েন্ট ১০, নেট রান রেট : ০.৭৪৪
গুজরাট টাইটানস : ম্যাচ ৬, জয় ৪, পয়েন্ট ৮, নেট রান রেট : ১.০৮১
রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু : ম্যাচ ৬, জয় ৪, পয়েন্ট ৮, নেট রান রেট : ০.৬৭২
পঞ্জাব কিংস : ম্যাচ ৬, জয় ৪, পয়েন্ট ৮, নেট রান রেট : ০.১৭২
লখনউ সুপার জায়ান্টস : ম্যাচ ৭, জয় ৪, পয়েন্ট ৮, নেট রান রেট : ০.০৮৬
কলকাতা নাইট রাইডার্স : ম্যাচ ৭, জয় ৩,পয়েন্ট ৬, নেট রান রেট : ০.৫৪৭
মুম্বই ইন্ডিয়ানস : ম্যাচ ৭, জয় ৩, পয়েন্ট ৬, নেট রান রেট : ০.২৩৯
রাজস্থান রয়্যালস : ম্যাচ ৭, জয় ২, পয়েন্ট ৪, নেট রান রেট : -০.৭১৪
সানরাইজার্স হায়দরাবাদ: ম্যাচ ৭, জয় ২, পয়েন্ট ৪, নেট রান রেট : ১.২১৭
চেন্নাই সুপার কিংস : ম্যাচ ৭, জয় ২, পয়েন্ট ৪, নেট রান রেট : -১.২৭৬

# বামেদের বিক্ষোভ মিছিল

● প্রথম পাতার পর

থেকে শুরু করে সেন্ট্রাল রোড, পুরাতন মোটরস্ট্যান্ড, মহাদেব দিঘির পাড়, নিউ টাউন রোড, থানা কর্নার হয়ে জামতলাতে এসে শেষ হয়েছে। এদিনের মিছিলে আওয়াজ উঠেছে সম্প্রতি কেন্দ্রীয় সরকারের ওয়াকফ আইন বাতিল করা,গ্যাস, ঔষধ ও নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম কমানোর।

সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য রতন ভৌমিক বলেন, নয়া ওয়াকফ আইনে স্থগিতাদেশ দেওয়ার জন্য ইতিমধ্যে ৭৩ টি মামলা দায়ের করেছে সুপ্রিম কোর্টে। অবশেষে মাননীয় আদালত নয়া ওয়াকফ আইনে স্থগিতাদেশ দাওয়াতে কিছুটা হলেও সরকার পিছু হটেছে। এই আইন বাতিলের দাবিতে সারাদেশে সিপিআইএম সহ বামপন্থী সংগঠনমূলক আন্দোলন সংঘটিত করে কেন্দ্রীয় সরকারকে বার্তা দিতে চাইছে আইন তোমাকে বাতিল করতে হবে। কারণ এই ভারত বর্ষ সভার। সকল ধর্মের মানুষের সমান অধিকার রয়েছে এই দেশে বসবাস করার।

এদিন তিনি আরও বলেন, সংবিধান স্বীকৃতি দিয়েছে সবাইকে যার যার ধর্ম পালন করার। কারোর অধিকার কেউ ছিনিয়ে নিতে পারেনা এটা সংবিধান বহির্ভূত কাজ। কেন্দ্রীয় সরকার গায়ের জোরে নয়া ওয়াকফ আইন সংশোধনী করে মানুষের অর্জিত অধিকার বিশেষ করে একটি জাতিগোষ্ঠীর অধিকার কে ছিনিয়ে নেওয়া চেষ্টা করছে। এটা কিছুতেই মেনে নেওয়া জায়গা বলে তিনি উল্লেখ করেন।

তিনি আরো বলেন এই সংশোধিত ওয়াকফ আইন বাতিল করতে হবে পাশাপাশি গ্যাস, ওষুধ এবং নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমানো জন্য কেন্দ্র সরকারকে বাধ্য করতে হবে। এইজন্য সব অংশে মানুষকে ঐক্যবদ্ধ আন্দোলনে শামিল হওয়ার আহবান জানিয়েছেন রতন ভৌমিক। এছাড়াও বক্তব্য রাখেন সিপিআইএম গোমতী জেলা কমিটির সম্পাদক পরিমল দেবনাথ ও ওয়াজউদ্দিন আহমেদ।

# ডাক জিতেন্দ্রের

● প্রথম পাতার পর

সিপিএম রাজ্য সম্পাদক জানান, এই ঘটনায় তারা প্রশাসনের দ্বারস্থ হয়ে পূর্ণাঙ্গ তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাবেন। পাশাপাশি অবিলম্বে বৈদ্যনাথ মজুমদারের মূর্তি পুনঃস্থাপনেরও দাবি তোলেন তিনি। বিক্ষোভ সভা থেকে জিতেন্দ্র চৌধুরী আরও বলেন, "এই জুলুমবাজ প্রশাসনের বিরুদ্ধে আইনত ও গণতান্ত্রিক উপায়ে আমাদের লড়াই চলবে। সাধারণ মানুষকে পাশে নিয়ে আমরা আন্দোলন জোরদার করব।"

বিক্ষোভ কর্মসূচিতে কৈলাশহর ছাড়াও আশেপাশের বিভিন্ন এলাকা থেকে আসা শতাধিক দলীয় কর্মী, সমর্থক ও সাধারণ মানুষের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। পার্টির তরফে জানানো হয়েছে, ভবিষ্যতে এমন ঘটনার পুনরাবৃত্তি রুখতে ধারাবাহিক আন্দোলন চালিয়ে যাবে সিপিএম।

# চারধাম যাত্রায় রেকর্ড রেজিস্ট্রেশন, কেদারনাথেই ৫ লক্ষাধিক ভক্তের নিবন্ধন

দেহরাদূন, ১৮ এপ্রিল (হি.স.): আর মাত্র কিছু দিন পর শুরু হতে চলেছে এই বছরের চারধাম যাত্রা, ইতিমধ্যেই সমস্ত প্রস্তুতি সম্পন্ন করেছে উত্তরাখণ্ড সরকার। উত্তরাখণ্ডের পর্যটনমন্ত্রী সতপাল মহারাজ বলেছেন, 'চারধাম যাত্রার জন্য আমরা প্রস্তুত। যমুনোত্রী মন্দির এবং গঙ্গোত্রী মন্দিরের দরজা ৩০ এপ্রিল খোলা হবে। কেদারনাথ মন্দির এবং বদ্রীনাথ মন্দির যথাক্রমে ২ মে এবং ৪ মে জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে। হেমকুণ্ড সাহেব গুরুদ্বার ২৫ মে জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে।' পর্যটনমন্ত্রী সতপাল মহারাজ আরও বলেছেন, 'আমরা যে জেলাগুলির অধীনে চারধাম মন্দিরগুলি পড়ে তার জন্য ১২ কোটি টাকারও বেশি বরাদ্দ করেছি। এখনও পর্যন্ত কেদারনাথ মন্দিরের জন্য ৫,৫১,৭৪৫ জন ভক্ত এবং বদ্রীনাথ মন্দিরের জন্য ৪,৮৪,৪৮০ জন ভক্ত নিবন্ধন করেছেন। এখনও পর্যন্ত, চারধাম যাত্রার জন্য মোট ভক্তের রেজিস্ট্রেশন ১৬,১৯,১৯০ জন।'

# ইউনেস্কোর মেমোরি অফ দ্য ওয়ার্ল রেজিস্টারে গীতা ও নাট্যশাস্ত্রর অন্তর্ভুক্তিকে 'গর্বের মুহূর্ত' আখ্যা প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): ইউনেস্কোর মেমোরি অফ দ্য ওয়ার্ল রেজিস্টারে অন্তর্ভুক্ত হয়েছে শ্রীমদ্ভাগবদগীতা এবং নাট্যশাস্ত্র। শুক্রবার এই বিষয়ে জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। সেই পোস্ট শেয়ার করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'গর্বের মুহূর্ত' বলে সম্বোধন করেছেন।

প্রধানমন্ত্রী জানান, বিশ্বের প্রতিটি ভারতীয়ের জন্য একটি গর্বের মুহূর্ত! ইউনেস্কোর মেমোরি অফ দ্য ওয়ার্ল রেজিস্টারে গীতা এবং নাট্যশাস্ত্রের অন্তর্ভুক্তি আমাদের কালজয়ী জ্ঞান এবং সমৃদ্ধ সংস্কৃতির একটি বিশ্বব্যাপী স্বীকৃতি। গীতা ও নাট্যশাস্ত্র বহু শতাব্দী ধরে সভ্যতা ও চেতনাকে লালন করেছে। তাদের অন্তর্দৃষ্টি বিশ্বকে অনুপ্রাণিত করে চলেছে।

# বাংলাদেশের উচিত তাদের দেশের সংখ্যালঘুদের অধিকার রক্ষায় নজর দেওয়া: রণধীর জয়সওয়াল

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): পশ্চিমবঙ্গের অশান্তি সম্পর্কে বাংলাদেশের মন্তব্য প্রত্যাখ্যান করেছে ভারত। পশ্চিমবঙ্গের ঘটনাবলী সম্পর্কে বাংলাদেশ প্রশাসনের কর্মকর্তারা সম্প্রতি কিছু মন্তব্য করেছেন। সেই সম্পর্কে ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, পশ্চিমবঙ্গের ঘটনা নিয়ে বাংলাদেশের করা মন্তব্য প্রত্যাখ্যান করছি। বাংলাদেশের উচিত তাদের দেশের সংখ্যালঘুদের অধিকার রক্ষায় নজর দেওয়া।

উল্লেখ্য, বাংলাদেশের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম মুর্শিদাবাদের অশান্তির সঙ্গে তাদের দেশের জড়িত থাকার বিষয়টি অস্বীকার করে ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারকে মুসলমানদের নিরাপত্তা নিশ্চিত করতে বলেছিলেন। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন যে, এটি বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হওয়া নিপীড়নের বিষয়ে ভারতের উদ্বেগের সাথে সমতা স্থাপনের একটি ছলনাপূর্ণ প্রচেষ্টা। বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নিপীড়নকারীরা এখনও অবাধে ঘুরে বেড়াচ্ছে। তিনি এও বলেন, অনুপযুক্ত মন্তব্য না করে বাংলাদেশের উচিত সংখ্যালঘুদের অধিকার রক্ষায় মনোযোগ দেওয়া।

# শিখ গুরু তেগ বাহাদুরের জন্মজয়ন্তীতে শ্রদ্ধা অমিত শাহের

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): শিখ গুরু তেগ বাহাদুরের জন্মজয়ন্তীতে শ্রদ্ধা জানালেন অমিত শাহ। তিনি শুক্রবার জানান, শ্রী গুরু তেগ বাহাদুর জি শিখ ধর্মের নবম গুরু হিসাবে অধার্মিকতা, অবিচার এবং অত্যাচারের বিরুদ্ধে সমাজকে সচেতন করে শিখ ধর্মকে আত্ম-সংস্কৃতি রক্ষার সমার্থক করে তোলেন। আজ তাঁর জন্মদিনে, আমি তাঁকে স্মরণ করি এবং শ্রদ্ধা জানাই।

কট্টরপন্থী হানাদারদের মোকাবিলায় নিজের সংস্কৃতি ও আত্মমর্যাদার জন্য অটল থাকা গুরুর আত্মত্যাগ অনন্তকাল ধরে মানব সমাজকে তাদের ধর্ম রক্ষায় অনুপ্রাণিত করবে।

# পবিত্র দিন গুড ফ্রাইডে

● প্রথম পাতার পর

খ্রিষ্টের ক্রুসবিদ্ধকরণ, মৃত্যু ও সমাধিমন্দির থেকে তাঁর পুনরুজ্জীবনের স্মরণে এই উৎসবটি পালিত হয়। পবিত্র সপ্তাহে ইস্টার রবিবারের আগের শুক্রবারে প্যাস্কাল ট্রিডামের অংশ হিসেবে এই উৎসব পালিত হয়। যিশুর বিচারের শাস্ত্রীয় বিবরণীগুলি থেকে জানা যায় যে তাঁকে সম্ভবত শুক্রবারে ক্রুসবিদ্ধ করা হয়েছিল। দুটি ভিন্ন গোষ্ঠীর মতে গুড ফ্রাইডের বছরটি হল ৩৩ খ্রিস্টাব্দ। আইজ্যাক নিউটন বাইবেলীয় ও জুলিয়ান ক্যালেন্ডার এবং অমাবস্যার তিথি বিচার করে গুড ফ্রাইডের যে প্রকৃত সালটি নিরুপণ করেছেন, সেটি হল ৩৪ খ্রিস্টাব্দ। ক্রুসিফিকেশন ডার্কনেস অ্যান্ড একলিপস পদ্ধতি নামে একটি তৃতীয় পদ্ধতি হিসেব করে গুড ফ্রাইডের তারিখ নির্ধারণ করা হয়েছে ৩ এপ্রিল, ৩৩ খ্রিস্টাব্দ।

# করা হবে না ঃ মেয়র

● প্রথম পাতার পর

দিন আগে ইঞ্জিনিয়ারদের কাজ করতে দিচ্ছেন না তিনি। তাই আজ ড্রেন নির্মাণের কাজ পরিদর্শনে গিয়েছেন মেয়র।

এদিন মেয়র প্রাক্তন মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে বলেন, কেউ যদি নিজেকে জাহির করার চেষ্টা করে সরকারি কাজে বাধা দেয়। তাহলে যত বড়ই প্রভাবশালী ব্যক্তি হোক না কেন তোয়াক্কা করা হবে না সরকার। আইনি পথে হাটতে বাধ্য হবেন বলে জানান তিনি।

# হয়েছে ঃ সাংসদ রাজীব

● প্রথম পাতার পর

থেকে নেওয়া। ২০০৮ সালে সংবাদপত্রটির প্রকাশনা বন্ধ হয়ে যায়। সেই অবস্থাতেই সংস্থাটি অধিগ্রহণ করে সনিয়া, রাহুল এবং শীর্ষস্থানীয় কংগ্রেস নেতাদের 'ইয়ং ইন্ডিয়ান প্রাইভেট লিমিটেড' সংস্থা। যার পর ন্যাশনাল হেরাল্ডের কয়েক হাজার কোটি টাকার সম্পত্তি ইয়ং ইন্ডিয়ানের দখলে চলে আসে। ৯০ কোটি টাকা দেনার বোঝাও চাপে তাদের ঘাড়ে। এর কিছু দিন পর 'দেনার টাকা উদ্ধার করা সম্ভব নয়' বলে কারণ দেখিয়ে কংগ্রেসের তরফে ঋণের টাকা মকুব করে দেওয়া হয় বলেও অভিযোগ। এরই প্রতিবাদে গোটা দেশ জুড়ে আন্দোলনে নেমেছে বিজেপি।

তাঁর কটাক্ষ, এত বড়ো আর্থিক কেলেঙ্কারির সাথে যুক্ত হয়েও তাঁদের লজ্জা নেই। গোটা দেশবাসীকে তাঁদেরকে বর্জন করেছে। তাঁদেরকে কেউ বিশ্বাস করে না। তাই নিরুপায় হয়ে সিপিএমের সাথে হাত মিলিয়েছে কংগ্রেস। গোটা ত্রিপুরাবাসী বাম কংগ্রেসের অত্যাচার ভুলেননি।

# ক্ষতি প্রায় ৬ লাখ

● প্রথম পাতার পর

অগ্নিকাণ্ডের সঠিক কারণ খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে প্রশাসন ও দমকল বিভাগ। ঘটনাটি নিয়ে এলাকায় চরম আতঙ্ক ও চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

# শিয়ালদহ দক্ষিণ শাখায় ফের রেল অবরোধ দুর্ভোগে অসংখ্য যাত্রী

ডায়মন্ড হারবার, ১৮ এপ্রিল (হি.স.): শিয়ালদহ দক্ষিণ শাখায় রেল অবরোধ, কারণ সেই একই। অতিরিক্ত মহিলা কামরা বৃদ্ধি। বৃহস্পতিবার সকালে ডায়মন্ড হারবার শাখার উত্তর রাধানগর স্টেশনে স্থানীয় যাত্রীরা রেললাইন অবরোধ করে বিক্ষোভ দেখান। বিক্ষোভ চলে মগরাহাট স্টেশনেও। সকাল পৌনে ৮টা থেকে পৌনে ১০টা পর্যন্ত চলে রেল অবরোধ। এর ফলে শিয়ালদহের দক্ষিণ শাখার আপ এবং ডাউন লাইনে সমস্ত ট্রেন চলাচল কার্যত বন্ধ হয়ে যায়। রেল অবরোধের জেরে ভোগান্তিতে পড়েন সাধারণ যাত্রীরা।

সম্প্রতি ট্রেনে সাধারণ কামরার সংখ্যা কমিয়ে সেখানে অতিরিক্ত মহিলা কামরা যোগ করা হয়েছে। অথচ ট্রেনের সংখ্যা বৃদ্ধি করা হয়নি কিংবা ট্রেনে অতিরিক্ত কোচ যুক্ত করা হয়নি বলে অভিযোগ। এর ফলে প্রতি দিন ট্রেনে ভিড়ের মধ্যে যাতায়াত করতে হচ্ছে সাধারণ যাত্রীদের। এমনই একগুচ্ছ অভিযোগে ও রেল কর্তৃপক্ষের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়ে এদিন সকালে উত্তর রাধানগর স্টেশনে রেল অবরোধ চলে। প্রায় দুই ঘণ্টা পর অবরোধ উঠে যায়।

# রাজধর্ম পালন করেন না মমতা বন্দ্যোপাধ্যায় : গিরিরাজ সিং

পাটনা, ১৮ এপ্রিল (হি.স.): মুর্শিদাবাদে হিংসার ঘটনায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। তাঁর কথায়, মমতা বন্দ্যোপাধ্যায় নিজের "রাজধর্ম" পালন করেননি। তাঁর আশ্রয়ে হিংসা চলছে এবং হত্যার যুগ চলছে।'

বৃহস্পতিবার সকালে পাটনায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, 'তারা "ডিভাইড এন্ড রুলে"-এ বিশ্বাস করে এবং সমগ্র জনগণকে কেবল ভোটব্যাঙ্কের রাজনীতির চশমা দিয়ে দেখে, শুধুমাত্র মুসলিমদের উপর দৃষ্টি নিবদ্ধ করে।'

# দুর্ঘটনার কবলে পড়ল স্কুলবাস ৪-৫ জন পড়ুয়া আহত

গ্রেটার নয়ডা, ১৮ এপ্রিল (হি.স.): উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় দুর্ঘটনার কবলে পড়ল একটি স্কুলবাস। দুর্ঘটনায় আহত হয়েছেন ৪-৫ জন পড়ুয়া। বৃহস্পতিবার সকালে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে একটি গাছে ধাক্কা মারে স্কুলবাসটি। দুর্ঘটনার পরই ঘটনাস্থলে ছুটে যায় পুলিশ। আহত পড়ুয়াদের নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনাটি ঘটেছে গ্রেটার নয়ডা পশ্চিমের বিসরাখ থানা এলাকায়।

পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার সকালে গ্রেটার নয়ডায় পশ্চিমের বিসরাখ থানা এলাকায় একটি স্কুল বাস নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা মারে। দুর্ঘটনায় বাসে থাকা ৪ থেকে ৫ জন পড়ুয়া আহত হয়। পুলিশ দ্রুত ক্ষতিগ্রস্ত বাস থেকে পড়ুয়াদের উদ্ধার করে অন্য একটি বাসে করে নিয়ে যায়। আহত পড়ুয়াদের হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনাস্থলে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

নন্দীগ্রামে গরু পাচার রুখতে গিয়ে আক্রান্ত উর্দিধারীরা

পূর্ব মেদিনীপুর, ১৭ এপ্রিল (হি.স.): বৃহস্পতিবার প্রাণ গেল পুলিশের এক গাড়ি চালকের। ভোর সাড়ে চারটে নাগাদ নন্দীগ্রামে ঘটনাটি ঘটে। পুলিশের দাবি, গরু পাচার রুখতে গিয়ে আক্রান্ত হয়েছে পুলিশ! হাসপাতালে আরও দুই পুলিশ কর্মী। তবে ঘাতক লরিতে গরু ছিল কি না তা পুলিশের তরফে স্পষ্ট করা হয়নি।

এদিন ভোরে দুষ্কৃতীরা একটি লরি নিয়ে পালাচ্ছিল। মনে করা হচ্ছে, সেই লরিতে গরু পাচার করা হচ্ছিল। পুলিশের টহলদারি ভ্যান লরিটিকে ধাওয়া করছিল। সেই সময় লরিটি পুলিশের ভ্যানে ধাক্কা মারে। তখনই গাড়ি থেকে পুলিশ কর্মীরা ও চালক নেমে পড়েন।

অভিযোগ, সেই সময় পুলিশের গাড়ির চালককে পিষে দিয়ে পালিয়ে যায় লরিটি। সঙ্গে সঙ্গে তাঁদের উদ্ধার করে নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তখনই গাড়ির চালককে মৃত বলে ঘোষণা করা হয়। বাকি দুজনের চিকিৎসা চলছে।

ভুয়ো পাসপোর্ট মামলার তদন্তে চাকদায় ইডির তল্লাশি

নদিয়া, ১৭ এপ্রিল (হি.স.): ভুয়ো পাসপোর্ট মামলার তদন্তে এ বার আজাদের সহযোগীর বাড়িতেও হানা দিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। বৃহস্পতিবার সাতসকালে চাকদায় এক ব্যক্তির বাড়িতে গিয়ে তল্লাশি করেন ইডির তদন্তকারী আধিকারিকেরা।

সূত্রের খবর, ধৃত আজাদকে জেরায় ওই ব্যক্তির নাম উঠে এসেছে। অভিযোগ, ওই ব্যক্তিকে দিয়েই ভুয়ো পরিচয়পত্র বানানোর কারবার চালাতেন আজাদ। মঙ্গলবার রাজ্যের একাধিক জায়গায় তল্লাশি চালিয়ে বিরাটি থেকে আজাদ মল্লিক নামে এক জনকে গ্রেফতার করেছিল ইডি। ইডি সূত্রে আগেই জানা গিয়েছিল, বাংলাদেশি নাগরিক আজাদ কাঁচরাপাড়ার একটি ক্যাফে থেকে ১২-১৩ হাজার টাকার বিনিময়ে ভুয়ো পাসপোর্ট বানানোর কাজ করতেন। কখনও কখনও ৩০ থেকে ৪০ হাজার টাকাও দাবি করা হত। পাসপোর্টের পাশাপাশি অন্যান্য নথি ও পরিচয়পত্র বানানোর কাজও করতেন তিনি। তাঁর মোবাইলেও এ সংক্রান্ত তথ্যপ্রমাণ পাওয়া গিয়েছে বলে দাবি ইডির। আজাদের দু'টি মোবাইল বাজেয়াপ্ত করা হয়েছে।

# আটক দুই যুবতী

● প্রথম পাতার পর

দুইজন বাংলাদেশি নাগরিক আগরতলা রেলস্টেশনে এসে পৌছাঁবেন। সেই খবরের ভিত্তিতে রেলস্টেশনে অভিযান চালিয়ে জিআরপি। ওই সময় রেল স্টেশনে দুইজন মহিলাকে পুলিশের সন্দেহ হলে তাদেরকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। পুলিশী জিজ্ঞাসাবাদে তারা ত্রিপুরায় অবৈধভাবে প্রবেশের বিষয়টি স্বীকার করেছেন। ধৃতরা হলেন, বাংলাদেশের বাসিন্দা রুপালি আক্তার এবং নদিয়া আক্তার।

এদিন তিনি আরও জানিয়েছেন, তারা কলকাতা হয়ে মুম্বাইয়ে যাওয়ার উদ্দেশ্যে রওয়ানা দিয়েছিল। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। আজ পুলিশ রিমান্ড চেয়ে তাদেরকে আদালতে সোপর্দ করা হবে বলে জানান তিনি।

# পড়ল ৭০ লাখের মেশিন

● প্রথম পাতার পর

পুলিশের উপর সম্পূর্ণ আস্থা রাখেন বলেও জানান। এই ঘটনার জেরে এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। কৈলাশহরের পূর্ত অফিস চত্বরে মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ বাহিনী। ঘটনা নিয়ে উদ্বিগ্ন শহরের সচেতন নাগরিকরা। তাঁদের আশঙ্কা, প্রশাসন দ্রুত ব্যবস্থা না নিলে কৈলাশহরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করতে পারে।

# নাড্ডার দরবারে মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

বি.এল. সন্তোষের কাছ থেকে মূল্যবান দিকনির্দেশনা ও পরামর্শ পাওয়া তাঁর জন্য অত্যন্ত গর্বের বিষয়। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, বি.এল. সন্তোষের সুচিন্তিত পরামর্শ ও গভীর সংগঠনিক অভিজ্ঞতা বিজেপির সাংগঠনিক কাঠামোকে আরও মজবুত ও ফলপ্রসূ করে তুলবে।

তিনি আরও উল্লেখ করেন, দলের কর্মপদ্ধতির উৎকর্ষ সাধনে এই ধরনের মেধাবী ও প্রজ্ঞাবান নেতৃত্ব সবসময়ই অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে। দলের ভবিষ্যৎ কার্যক্রমে এই দিকনির্দেশনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে জানান মুখ্যমন্ত্রী।

# অঙ্গন

## এ-ডিভিশন ক্রিকেট : চলমানকে হারিয়ে সাফল্যের লক্ষ্যে এগুচ্ছে কসমোপলিটন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আরও একটা দুর্দান্ত জয় কসমোপলিটন ক্লাবের। এ নিয়ে ষষ্ঠ ম্যাচের মাথায় পঞ্চম জয়। আজ, শুক্রবার হারিয়েছে চলমান সংঘকে। তাও ১৩৪ রানের বড় ব্যবধানে। দারুন পারফরম্যান্স। ব্যাটিংয়ে সৌরভ থুব্রিকারের দুর্দান্ত সেঞ্চুরির সঙ্গে শংকর পালের বিধ্বংসী বোলিং। একাই পাঁচ উইকেট দখল। অলরাউন্ড পারফরম্যান্স চন্দন রায়ের। যেমন ব্যাটিং তেমন বোলিং। এক কথায় টিসিএ আয়োজিত এ-ডিভিশন ক্রিকেট টুর্নামেন্টে কসমোপলিটন ক্লাব ১৩৪ রানের ব্যবধানে চলমান সংঘ কে হারিয়ে ফিরেছে। ৮ দলীয় টুর্নামেন্টের পয়েন্ট তালিকায় এখন পর্যন্ত শীর্ষস্থান দখলে রেখেছে কসমোপলিটন। টিআইটি গ্রাউন্ডে শুক্রবার সকালে ম্যাচ শুরুতে চলমান সংঘ প্রথমে ফিল্ডিং এর সিদ্ধান্ত নেয়। ব্যাটিং এর সুযোগ পেয়ে কসমোপলিটন নির্ধারিত পঞ্চাশ ওভারে নয় উইকেট হারিয়ে ৩২৮ রান সংগ্রহ করে। দলের পক্ষে সৌরভ থুব্রিকারের দুর্দান্ত ১১৮ রান এবং রিয়াজউদ্দিনের ৬৮ রান বেশ উল্লেখ করার মতো। সৌরভ ১০৫ বল খেলে নটি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ১১৮ রান সংগ্রহ করে। রিয়াজ উদ্দিন ৮৪ বল খেলে সাতটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি মেরে আটষট্টি রান পায়। চন্দন রায়ের মারকুটে ব্যাটিং এবং ২৪ বলে ৪টি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি সহযোগে অপরাজিত ৪৮ রান দারুন নজর কেড়েছে। চলমান সংঘের দেবোত্তম ঘোষ, রকি এবং প্রণবিন্দু সাহা প্রত্যেকের দুটি করে উইকেট পেয়েছে। জবাবে চলমান সংঘ ব্যাট করতে নামলে ৪০.২ ওভার খেলে ১৫৪ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে বিশু রাজ সর্বাধিক ৬৭ রান এবং জয়দেব দেব ৩৬ রান পেলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা হয়নি। কসমোপলিটনের অধিনায়ক শংকর পাল ২৯ রানের বিনিময়ে একাই পাঁচটি উইকেট তুলে নেয়। তাছাড়া চন্দন রায় পেয়েছে তিনটি উইকেট ৩২ রানের বিনিময়ে। দারুন অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে চন্দন রায় পেয়েছে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব।

## সন্তোষ মেমোরিয়াল এ-ডিভিশন ক্রিকেটে বিসিসি-র বিরুদ্ধে সহজ জয় ওপিসি-র

### বি সি সি - ১০৬/৬ ও পি সি -১১০/৫

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। বৃষ্টি বিঘ্নিত ম্যাচে দুরন্ত জয় পেলো ও পি সি। পরাজিত করলো অপেক্ষাকৃত দুর্বল বি সি সি কে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সন্তোষ স্মৃতি প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে। শহীদ কাজল ময়দানে অনুষ্ঠিত ম্যাচে ও পি সি ৫ উইকেটে জয় লাভ করে। বৃষ্টির জন্য নির্ধারিত সময়ের অনেক পরে খেলা শুরু হওয়ায় ওভার কমিয়ে আনা হয় ২৩ এ। তাতে বি সি সি-র গড়া ১০৬ রানের জবাবে ও পি সি ৫ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। আসরে চার ম্যাচ খেলে তিনটিতে জয় পেয়ে খেতাব জয়ের দৌড়ে টিকে রইলো ও পি সি।

এদিন সকালে ও পি সি-র অধিনায়ক শুভম ঘোষ টসে জয়লাভ করে প্রথমে বি সি সি-কে ব্যাট করার আমন্ত্রণ জানান। ও পি সি-র বোলারদের সাঁড়াশি আক্রমণের মুখে বি সি সি নির্ধারিত ২৩ ওভারে ৬ উইকেট হারিয়ে ১০৬ রান করে। দলের পক্ষে অভিষেক সিং ৫৭ বল খেলে পাঁচটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৯, গোবিন্দ সাহা ৪৭ বল খেলে চারটি বাউন্ডারির সাহায্য ২৯ এবং কৃতিদীপ্ত দাস ১৫ বল খেলে তিনটি বাউন্ডারি সাহায্যে ১৯ রান করেন।

দল অতিরিক্ত খেতে পায় ১২ রান। জবাবে খেলতে নেমে ও পি সি ১২ ওভার ব্যাট করে ৫ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে সপ্তজিৎ দাস ১৫ বল খেলে চারটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ৩১, শ্যাম শাকিল গণ ১৭ বল খেলে একটি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারির সাহায্যে ২৩, অর্জুন ভরদ্বাজ ২১ বল খেলে দুটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ২৩ এবং রাহুল চন্দ্র সাহা ১১ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৩ রান করেন। বি সি সি-র পক্ষে সুভাষ চক্রবর্তী ৩৮ রানের দুটি উইকেট দখল করেন।

## আইপিএলে পিচ-বিতর্ক বাড়ছে

আইপিএলে একের পর এক ক্রিকেটার ঘরের মাঠের পিচ নিয়ে মুখ খুলছেন। পিচ-বিতর্ক কমার লক্ষণ নেই। এ বার ঘরের মাঠের পিচ নিয়ে মুখ খুললেন ভুবনেশ্বর কুমার। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর পেসার চিন্নাস্বামীর পিচ বুঝতে পারছেন না।

শুক্রবার পঞ্জাব কিংসের বিরুদ্ধে ঘরের মাঠে খেলতে নামবে বেঙ্গালুরু। তার আগে ভুবনেশ্বর জানিয়েছেন, এ বার চিন্নাস্বামীর উইকেট অন্য বারের থেকে আলাদা।

তিনি বলেন, “আমরা দেখেছি চিন্নাস্বামীতে ব্যাটারেরা সুবিধা পায়। অনেক রান ওঠে। কিন্তু এ বারের পিচ অন্য বারের থেকে আলাদা। আমি জানি না কেন। এ বারের পিচ আমরা বুঝতে পারছি না। তাই প্রথমে ব্যাট করি বা বল, কয়েক ওভার দেখার পর বুঝতে পারি কী করব। তখন সেই অনুযায়ী পরিকল্পনা করি।”

এ বারের আইপিএলে ছ’টি ম্যাচ খেলেছে বেঙ্গালুরু। চারটি জিতেছে তারা। চারটিই অ্যাওয়ে ম্যাচে।

যে দু’টি ম্যাচ তারা ঘরের মাঠে খেলেছে, সেই দু’টিই হেরেছে। একটি দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে। অপরটি গুজরাত টাইটান্সের বিরুদ্ধে। দু’টি ম্যাচেই প্রথমে ব্যাট করেছে বেঙ্গালুরু। ১৭০ রানও করতে পারেনি তারা। গুজরাত টাইটান্সের বিরুদ্ধে ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৬৯ ও দিল্লির বিরুদ্ধে ৭ উইকেট হারিয়ে ১৬৩ রান করেছেন বিরাট কোহলিরা। সেই কারণেই হয়তো পিচকে কাঠগড়ায় তুলেছেন ভুবনেশ্বর।

বেঙ্গালুরুর মেন্টর দীনেশ কার্তিকও এর আগে পিচ নিয়ে অভিযোগ করেছেন। দিল্লির কাছে হারের পর কার্তিক বলেন, “প্রথম দুটো ম্যাচে আমরা ভাল পিচ চেয়েছিলাম। কিন্তু এমন উইকেট দেওয়া হল, যেখানে ব্যাট করা কঠিন। ব্যাটারেরা সুবিধা পাচ্ছে না। দুটো ম্যাচের রান দেখলেই সেটা বোঝা যাচ্ছে। টি-টোয়েন্টিতে ব্যাটিং ভাল না হলে জেতা মুশকিল। ঘরের মাঠে দুটো ম্যাচেই একই ঘটনা ঘটেছে। আমরা পিচ প্রস্তুতকারকের সঙ্গে কথা বলব। ওঁর উপর আমাদের বিশ্বাস আছে।” তার পরেও অভিযোগ চলছে।

এ বারের আইপিএলে পিচ নিয়ে প্রথম অভিযোগ করেছিলেন অজিঙ্ক রাহানে। ইডেন গার্ডেন্সে বেঙ্গালুরুর কাছে হারের পর কেকেআরের অধিনায়ক জানিয়েছিলেন, তাঁরা স্পিন সহায়ক পিচ চান। সেই আর্জি উড়িয়ে দিয়েছিলেন ইডেনের পিচ প্রস্তুতকারক সুজন মুখোপাধ্যায়। সেই ঘটনায় বিতর্ক হয়েছিল। পরে লখউয়ের মেন্টর জাহির খান ও চেন্নাইয়ের প্রধান কোচ স্টিফেন ফ্লেমিংও ঘরের মাঠে পিচ নিয়ে অভিযোগ করেছিলেন। বেঙ্গালুরুও সেই তালিকায় যোগ হয়েছে।

এই বিতর্কের মাঝে ভারতীয় ক্রিকেট বোর্ডের এক আধিকারিক জানিয়েছেন, প্রতিটি দলের উচিত আইপিএল শুরু হওয়ার আগে পিচ প্রস্তুতকারকের সঙ্গে আলোচনা সেরে নেওয়া। প্রতিযোগিতা শুরু হওয়ার পর অভিযোগ করা উচিত নয়। কিন্তু অভিযোগ কমছে না। প্রতি দিন তা আরও বেড়ে চলেছে।

## ‘স্বার্থপর’ রাহুলকে নিশানা পুজারার

এ বারের আইপিএলে দিল্লি ক্যাপিটালসের হয়ে খেলছেন লোকেশ রাহুল। প্রথম কয়েকটি ম্যাচেই নজর কেড়েছেন তিনি। ওপেন থেকে শুরু করে মিডল অর্ডার, সবেতেই স্বচ্ছন্দ এই ডানহাতি ব্যাটার। রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে অবশ্য একটু সমস্যায় পড়েছেন রাহুল। দ্রুত রান করতে পারেননি। ৩২ বলে ৩৮ রান করেছেন। তাঁর ব্যাটিংয়ের সমালোচনা করেছেন চেতেশ্বর পুজারা। তাঁর মতে, রাহুল শুধু নিজের উইকেট বাঁচানোর চেষ্টা করছিলেন। দিল্লি-রাজস্থান ম্যাচের পর পুজারা বলেন, “রাহুল সিনিয়র ক্রিকেটার। আমার মনে হয় প্রথম ১৫-২০টা বল খেলার পর ও হাত খোলার পরিকল্পনা নিয়ে নামে। কিন্তু আমার মতে, তার মাঝেই ওকে হাত খুলতে হবে। উইকেটে এক বার থিতু হয়ে যাওয়ার পর ওকে বড় ইনিংস খেলতে হবে। কারণ, পরের ব্যাটারদের পক্ষে শুরু থেকে হাত খোলা সম্ভব হবে না।”

পুজারার মতে, বার বার ব্যাটিং অর্ডারে বদলের ফলে সমস্যা হচ্ছে রাহুলের। ভারতীয় ব্যাটার বলেন, “রাহুলের ব্যাটিং অর্ডার বার বার বদলাচ্ছে। আমার মনে হয়, ওর মানিয়ে নিতে একটু সমস্যা হচ্ছে। পাওয়ার প্লে-তে রাহুল শুরু থেকে আক্রমণাত্মক ব্যাট করে। কিন্তু রাজস্থানের বিরুদ্ধে ওর খেলা দেখে মনে হয়েছে, নিজের উইকেট বাঁচানোর চেষ্টা করছিল। দলের জন্য খেলেনি রাহুল। নিজের জন্য খেলছিল। তাতে দিল্লি সমস্যায় পড়তে পারত।”

পুজারার কথা থেকে স্পষ্ট, রাহুল রাজস্থানের বিরুদ্ধে স্বার্থপর ব্যাট করেছেন। প্রথমে ব্যাট করতে নেমে ২০ ওভারে ১৮৮ রান করেছিল দিল্লি। রাহুল একটু দ্রুত রান তুললে দলের রান ২০০ পার হতে পারত। ১৮৯ রান তাড়া করতে নেমে একটা সময় জেতার মতো জায়গায় পৌঁছে গিয়েছিল রাজস্থান। শেষ ৬ বলে ৯ রান করতে পারেনি তারা। খেলা গড়ায় সুপার ওভারে। সেখানে রাজস্থানের বিরুদ্ধে ১২ রান তাড়া করতেও রাহুলই শুরুতে নেমেছিলেন। ট্রিস্টান স্টাবসের সঙ্গে মিলে দলকে জিতিয়ে মাঠ ছাড়েন তিনি।

দিল্লি জিতে যাওয়ায় রাহুলের ইনিংসের কেউ সমালোচনা করেননি। তবে যদি দিল্লি হারত, তা হলে হয়তো রাহুলের সমালোচনা দলের অন্দরেই হত। দল জিতলে সাজঘরের পরিবেশ ফুরফুরে থাকে। সেটাই হয়তো রাখতে চাইছে দিল্লি। তবে পুজারার কথা থামাতে পারেনি তারা। রাহুলের সমালোচনা করেছেন তিনি। পাল্টা অবশ্য রাহুল এখনও পর্যন্ত মুখ খোলেননি।

## আইপিএলে নাটক!

ক্যাচ আউট হলেন ব্যাটার। তবু বেঁচে গেলেন তিনি। না, বোলার নো-বল করেননি। ক্যাচ ধরতেও কোনও সমস্যা হয়নি। তা হলে? আসলে উইকেটরক্ষকের একটি ভুল বাঁচিয়ে দিল ব্যাটারকে। মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ম্যাচ চলাকালীন শিশুসুলভ ভুল করলেন হাইনরিখ ক্লাসেন। সানরাইজার্স হায়দরাবাদের উইকেটরক্ষকের ভুল মুম্বই ইন্ডিয়ান্সকে ম্যাচে ফিরিয়ে দিল।

হায়দরাবাদের বিরুদ্ধে ১৬৩ রান তাড়া করতে নেমে সপ্তম ওভারের পঞ্চম বলে ভুল শট খেলেন মুম্বইয়ের রায়ান রিকেলটন। জিশান আনসারির বলে জোরালো শট মারতে যান তিনি। ঠিকমতো ব্যাটে-বলে হয়নি। বল সোজা কভারে দাঁড়িয়ে থাকা প্যাট কামিন্সের হাতে যায়। ক্যাচ ধরতে ভুল করেননি হায়দরাবাদের অধিনায়ক। আউট হয়ে ডাগআউটের দিকে হাঁটা শুরু করেন রিকেলটন। তার পরেই নাটক।

রিকেলটনকে অপেক্ষা করার নির্দেশ দেন তৃতীয় আম্পায়ার। তখনও বোঝা যাচ্ছিল না কী হয়েছে। তার পরে রিপ্লে-তে দেখা যায়, রিকেলটন যখন বল মেরেছেন তখন উইকেটরক্ষক ক্লাসেনের দস্তানা উইকেটের সামনে রয়েছে। ক্রিকেটের নিয়ম, ব্যাটার বল মারার আগে পর্যন্ত উইকেটরক্ষককে দস্তানা উইকেটের পিছনে রাখতে হয়। বল মারার পর তিনি দস্তানা সামনে আনতে পারেন। কিন্তু এ ক্ষেত্রে ক্লাসেনের দস্তানা বল মারার আগেই উইকেটের সামনে ছিল। ফলে নো-বল ডাকেন আম্পায়ার। বেঁচে যান রিকেলটন।

সেই সময় ১৯ বলে ২২ রান করে খেলছিলেন রিকেলটন। তার পরে আরও চারটি বল খেলেন তিনি। পরের ওভারে যখন হর্ষল পটেলের বলে রিকেলটন আউট হয়ে ফিরছেন তখন ৩১ রান করেছেন তিনি। আগে আউট হয়ে গেলে কিছুটা হলেও চাপে পড়ত মুম্বই। কিন্তু ক্লাসেনের শিশুসুলভ ভুলে তারা খেলায় ফেরে।

এ বারের আইপিএলে আরও একটি ম্যাচে উইকেটরক্ষকের দস্তানা পরীক্ষা করে দেখেছেন আম্পায়ারেরা।

## বৃষ্টিতে পরিত্যক্ত বিলোনিয়া সিনিয়র ক্রিকেটের ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে চলছে এখন সিনিয়র ক্লাব লীগ ক্রিকেট টুর্নামেন্ট। টুর্নামেন্টের পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী শুক্রবার ছিল ব্লাড মাউথ বনাম স্বামী বিবেকানন্দ স্পোর্টিং ক্লাবের ম্যাচ। স্থানীয় বিদ্যাপীঠ স্কুল মাঠে নির্ধারিত সময়ের দুই দলের লড়াই যথারীতি শুরু হলেও শেষ পর্যন্ত উভয় দলের ম্যাচটি বৃষ্টির কারণে পরিত্যক্ত ঘোষণা করতে বাধ্য হন আম্পায়াররা।এদিন সকালে স্বামী বিবেকানন্দ ক্লাব টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে ১৩ ওভারে তিনজন ব্যাটসম্যানকে হারিয়ে ৬৭ রান রান সংগ্রহ করার পর ম্যাচে বাধা হয়ে দাঁড়ায় প্রকৃতি। বেশ কিছু সময় বৃষ্টি চলতে থাকায় মাঠের আউটফিল্ড খেলার অনুপযুক্ত হয়ে পড়ায় শেষ পর্যন্ত দুই দলের ম্যাচটি পরিত্যক্ত ঘোষণা করে আম্পেয়ার। বৃষ্টির আগে পর্যন্ত স্বামী বিবেকানন্দ ক্লাবের ব্যাটসম্যানদের মধ্যে রাজ মজুমদার ২৯ রানে ও অমিত ঘোষ ৯ রানে থাকে অপরাজিত।

## মুম্বই-হায়দরাবাদ ম্যাচে নো বল হতেই ক্ষুব্ধ কলকাতার বরুণ!

উইকেটরক্ষক ভুল করলে তার খেসারত কেন বোলারকে দিতে হবে? এই প্রশ্নই তুলছেন বরুণ চক্রবর্তী। কলকাতা নাইট রাইডার্সের স্পিনারের মতে নিয়ম বদলানো উচিত। বৃহস্পতিবার হেইনরিখ ক্লাসেনের ভুলের খেসারত দিতে হয়েছে সানরাইজার্স হায়দরাবাদের স্পিনার জিশান আনসারিকে। তাতেই বিরক্ত বরুণ।

সানরাইজার্স হায়দরাবাদ বনাম মুম্বই ইন্ডিয়ান্সের ম্যাচের একটি ঘটনার প্রেক্ষিতে সমাজমাধ্যমে লেখেন বরুণ। সেখানে তিনি লেখেন, “উইকেটরক্ষকের গ্লাভস যদি উইকেটের সামনে চলে আসে, তা হলে ডেড বল ঘোষণা করা উচিত। উইকেটরক্ষককে সতর্ক করা উচিত। নো বল এবং ফ্রি হিট দেওয়া উচিত নয়। বোলারের দোষ কোথায়? আমার তো এটাই মনে হচ্ছে। আপনাদের কী মত?”

হায়দরাবাদের বিরুদ্ধে ১৬৩ রান তাড়া করতে নেমে সপ্তম ওভারের পঞ্চম বলে ভুল শট খেলেন মুম্বইয়ের রায়ান রিকেলটন। জিশান আনসারির বলে জোরালো শট মারতে যান তিনি। ঠিকমতো ব্যাটে-বলে হয়নি। বল সোজা কভারে দাঁড়িয়ে থাকা প্যাট কামিন্সের হাতে যায়। ক্যাচ ধরতে ভুল করেননি হায়দরাবাদের অধিনায়ক। আউট হয়ে ডাগআউটের দিকে হাঁটা শুরু করেন রিকেলটন। তার পরেই নাটক।

রিকেলটনকে অপেক্ষা করার নির্দেশ দেন তৃতীয় আম্পায়ার। তখনও বোঝা যাচ্ছিল না কী হয়েছে। তার পরে রিপ্লে-তে দেখা যায়, রিকেলটন যখন বল মেরেছেন তখন উইকেটরক্ষক ক্লাসেনের দস্তানা উইকেটের সামনে রয়েছে। ক্রিকেটের নিয়ম, ব্যাটার বল মারার আগে পর্যন্ত উইকেটরক্ষককে দস্তানা উইকেটের পিছনে রাখতে হয়। বল মারার পর তিনি দস্তানা সামনে আনতে পারেন। কিন্তু এ ক্ষেত্রে ক্লাসেনের দস্তানা বল মারার আগেই উইকেটের সামনে ছিল। ফলে নো-বল ডাকেন আম্পায়ার। বেঁচে যান রিকেলটন। আম্পায়ারের এই নো বলের সিদ্ধান্তই মানতে নারাজ বরুণ।

## তৃতীয় ডিভিশন ঘরোয়া ক্লাব ফুটবল টুর্নামেন্ট শুরু ৪ মে

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের উদ্যোগে এবছর ঘরোয়া তৃতীয় ডিভিশন ক্লাব লীগ ফুটবল টুর্নামেন্ট দিয়ে শুরু হতে চলেছে ফুটবল মরশুম। আগামী ৪ মে থেকে আগরতলা উমাকান্ত মিনি স্টেডিয়ামে শুরু হবে এই ফুটবল টুর্নামেন্ট।এবারের এই টুর্নামেন্টে মোট অংশ নেবে ১৬ টি দল। দলগুলিকে ইতিমধ্যেই দুটি গ্রুপে ভাগ করা হয়েছে।

এ গ্রুপে রয়েছে বিবেকানন্দ ক্লাব, ইয়থ ক্লাব, ইউ বি এস টি, কদমতলা যুব সংস্থা, আনন্দ ভবন, কেশব সংঘ, উমাকান্ত কোচিং সেন্টার ও ইকফাই। অপরদিকে বি গ্রুপে রয়েছে সিমনা তমাকারী, জম্পুইজলা প্লে সেন্টার, আমরা কজনা, স্বামী বিবেকানন্দ ক্লাব, ভারতরত্ন সংঘ, পানতুই স্পোটিং সোসাইটি, সাই এস টি সি ও সবুজ সংঘ।

টুর্নামেন্টের প্রথম দিন অনুষ্ঠিত হবে দুটি ম্যাচ।

৪ মে উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল ৪ টায় উদ্বোধনী ম্যাচে লড়বে বিবেকানন্দ ও ইয়থ ক্লাব। সন্ধ্যা ছয়টায় দ্বিতীয় ম্যাচে অংশ নেবে সিমনা তমাকারী ও জম্পুইজলা।এই সংবাদ জানান ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের যুগ্ম সচিব তপন সাহা।

## আইপিএলের মাঝে আদালতে বেঙ্গালুরু

দিল্লি হাই কোর্টের দ্বারস্থ হয়েছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। অ্যাপ ক্যাব সংস্থা উবরের বিরুদ্ধে মামলা দায়ের করেছে তারা। উবরের বিরুদ্ধে মানহানির মামলা করেছে বিরাট কোহলিদের দল।

হায়দরাবাদে নিজেদের বাইক ট্যাক্সি পরিষেবার প্রচার করছে উবর। সেই কাজে আইপিএলকে বেছে নিয়েছে তারা। একটি বিজ্ঞাপন তারা করেছে। সেখানে দেখা যাচ্ছে, বেঙ্গালুরু বনাম হায়দরাবাদ ম্যাচের আগে বেঙ্গালুরুর স্টেডিয়ামে লুকিয়ে ঢুকে পড়েছেন ট্রেভিস হেড। স্টেডিয়ামে যেখানে বেঙ্গালুরু বনাম হায়দরাবাদ লেখা সেখানে গিয়ে তিনি বেঙ্গালুরুর উপরে ‘রয়্যালি চ্যালেঞ্জড’ কথাটি লিখেছেন।

ঠিক তখনই স্টেডিয়ামের এক নিরাপত্তারক্ষী হেডকে দেখে ফেলেন। তাঁকে দেখে উবর বাইকে চেপে স্টেডিয়াম থেকে বেরিয়ে যান হেড। তাঁকে নিরাপত্তারক্ষীরা ধরতে পারেননি। উবর বাইকের পরিষেবা কত দ্রুত সেটা দেখাতেই এই বিজ্ঞাপন করা হয়েছে।

বেঙ্গালুরুর অভিযোগ, এই বিজ্ঞাপন কেবলমাত্র প্রচারের জন্য হয়নি। তার মাধ্যমে বেঙ্গালুরুর মানহানি করার চেষ্টা হয়েছে। ১৩ মে বেঙ্গালুরু বনাম হায়দরাবাদ ম্যাচ রয়েছে। তার আগে এই ধরনের বিজ্ঞাপন করে বেঙ্গালুরুর সমর্থকদের ভাবাবেগে আঘাত করা হয়েছে। তাই বিজ্ঞাপন তুলে নেওয়ার দাবি করেছে বেঙ্গালুরু।

দিল্লি হাই কোর্টের বিচারপতি সৌরভ বন্দ্যোপাধ্যায়ের এজলাসে শুনানি হয়েছে। সেখানে দুই পক্ষের আইনজীবীর কথা শুনেছেন তিনি। সৌরভের মনে হয়েছে, বেঙ্গালুরুর অভিযোগের সারবত্তা রয়েছে। বিজ্ঞাপনে কিছু বদল করা উচিত বলে মনে করেন তিনি। তবে এখনই কোনও রায় ঘোষণা করেননি বিচারপতি। যত দিন না রায় ঘোষণা হচ্ছে তত দিন এই বিজ্ঞাপন বন্ধ রাখার অনুরোধ করেছিল বেঙ্গালুরু। সেই অনুরোধ অবশ্য শোনেননি বিচারপতি।

## সাদা বলে থুতু লাগালে কোনও লাভই হয় না! স্টার্ক

বুধবার আইপিএলে ভাল বল করে দিল্লি ক্যাপিটালসকে সুপার ওভারে জিতিয়েছেন তিনি। শেষ ওভারে ৯ রানও নিতে দেননি রাজস্থানকে। ম্যাচের পর সেই মিচেল স্টার্ক সাফ জানালেন, সাদা বলে থুতু লাগিয়ে কোনও লাভ হয় না। কারণ লাল বলের থেকে এটি অনেক আলাদা।

বুধবার স্টার্ক বলেছেন, “আমি সাদা বলে থুতু লাগাই না। ওটা একটা ভ্রান্ত ধারণা। অনেকে জোর করে সেটা সেটা বিশ্বাস করার চেষ্টা করে। আমি জানি না ঘাম এবং থুতু লাগানোর মধ্যে পার্থক্য কোথায়। আমার মনে হয় না কোথাও ফারাক রয়েছে। লাল বলের ক্ষেত্রে পার্থক্য গড়ে দেয় এটা ঠিক। কিন্তু সাদা বলে থুতু লাগিয়ে কোনও লাভ হয় না।”

এ বারের আইপিএলে বোলারদের কিছুটা সাহায্য করতে চেয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড। বিভিন্ন নিয়মের কারণে ক্রিকেট এখন অনেকটাই ব্যাটারদের খেলা। তার মাঝেই ভারতীয় বোর্ড কিছুটা শিথিল হয়েছে। চালু হয়েছে বলে থুতু লাগানোর নিয়ম।

চ্যাম্পিয়ন্স ট্রফিতে অস্ট্রেলিয়াকে হারিয়ে ফাইনালে ওঠার পর জোরে বোলার মহম্মদ শামি বলেছিলেন, “আমরা রিভার্স সুইং করার চেষ্টা করছি। কিন্তু সেটা করতে গেলে বলে থুতু লাগাতে হবে।

তার জন্য আইসিসির কাছে বার বার আর্জি জানাচ্ছি। রিভার্স সুইং বোলারদের একটা বড় অস্ত্র। এটা না থাকলে পুরনো বলে আউট করা কঠিন।” শামির সেই আবেদন বোর্ডের কানে পৌঁছেছে। আইসিসি এখনও কোনও অনুমতি না দিলেও ভারতীয় ক্রিকেট বোর্ড আইপিএলে বলে থুতু লাগানোর অনুমতি দিয়েছে।

আইপিএলের আগে সব দলের অধিনায়কের কাছে পরামর্শ চাওয়া হয়েছিল। শামিকে সমর্থন জানিয়েছিলেন বেশির ভাগ অধিনায়কই। কেউ কেউ মৃদু আপত্তি তুলেছিলেন। কিন্তু সেটা ধোপে টেকেনি।

বলে থুতু লাগানোর মূল উদ্দেশ্য রিভার্স সুইং করানো। সাদা বলে রিভার্স সুইং করানো কঠিন। ফলে আইপিএলে বোলারেরা থুতু লাগানোর সুযোগ পেলেও তাতে খুব বেশি লাভ হবে বলে মনে করা হচ্ছিল না।

নতুন সাদা বল কিছুটা হালকা। সেখানে থুতু না লাগিয়ে ক্রিকেটারেরা ঘাম ব্যবহার করেন। স্টার্কও সে দিকেই ভোট দিয়েছেন।

## আইপিএল ফাইনালের পরদিনই মুম্বই লিগে খেলতে হবে সূর্য-শ্রেয়সদের

ফিরছে মুম্বই লিগ। টি-টোয়েন্টি ফরম্যাটের এই লিগ শুরু হবে আইপিএল ফাইনালের ঠিক পরের দিন, ২৬ মে। তবে, ফাইনালের পরের দিনই মুম্বই লিগ শুরু বলে ছাড় পাবেন না সিনিয়র ক্রিকেটাররা। তাঁদের এই প্রতিযোগিতায় ‘বাধ্যতামূলকভাবে’ খেলতে হবে। এই নির্দেশ দিয়েছে মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন। অর্থাৎ সূর্যকুমার যাদব, অজিঙ্ক রাহানেদের ফের মাঠে নামতে দেখা যেতে চলেছে। জানা গিয়েছে, সূর্য-রাহানে ছাড়া পৃথ্বী শ, শার্দূল ঠাকুর, শ্রেয়স আইয়ার, শিবম দুবে, তুষার দেশপাণ্ডের মতো তারকাদেরও ইতিমধ্যেই এ ব্যাপারে জানানো হয়েছে।

আইপিএলের পরেই জুন মাসে টিম ইন্ডিয়া যাবে ইংল্যান্ডে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ খেলতে। তাই প্রশ্ন উঠছে, তারকা ক্রিকেটাররা আদৌ মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশনের ডাকে সাড়া দেবে কিনা? সূত্রের খবর, ইংল্যান্ড সফরে দলে সুযোগ না পেলে মুম্বই লিগে খেলতেই হবে।

এখানেই শেষ নয়। রোহিত শর্মাকে ‘মুম্বই লিগের মুখ’ করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উল্লেখ্য, সূর্যকুমার, শ্রেয়স, শিবম দুবের মতো ভারতীয় ক্রিকেটাররা ইতিমধ্যেই এই লিগে খেলার ব্যাপারে ইচ্ছা প্রকাশ করেছেন। এমসিএ’র এক কর্মকর্তা বলেন, “আইপিএলের পর শুরু হতে চলেছে টি-টোয়েন্টি মুম্বই লিগ। ইতিমধ্যেই মুম্বইয়ের সমস্ত ভারতীয় ক্রিকেটারকে এই লিগে খেলার ব্যাপারে জানানো হয়েছে। এটা বাধ্যতামূলক। তবে কেউ ভারতীয় দলে সুযোগ পেয়ে থাকলে বা কারওর চোট লাগলে আলাদা ব্যাপার।”

জানা গিয়েছে, ভারতীয় দলের যেসব ক্রিকেটার এই লিগে খেলবেন, তাঁরা ১৫ লক্ষ টাকা করে পাবেন। তবে নিলামে ন্যূনতম মূল্য কত রাখা হবে, তা এখনও জানা যায়নি। নিলাম অনুষ্ঠিত হবে মে মাসে। সূত্রের খবর, মুম্বই লিগে খেলার জন্য প্রায় ২৮০০ জন স্থানীয় ক্রিকেটার নাম লিখিয়েছেন। ২৬ মে থেকে ৫ জুন পর্যন্ত চলবে এই টি-টোয়েন্টি লিগ।

## নিরাপত্তার তোয়াক্কা না করেই অনুরাগীর সঙ্গে সেলফি ধোনির

তিনি মাঠে নামলে গ্যালারিতে ঢেউ খেলে। মাঠের বাইরেও তাঁকে একবার দেখার জন্য হিড়িক পড়ে যায়। তিনি মহেন্দ্র সিং ধোনি। সুব্যবহারেই যিনি পরিচয় রাখেন বারবার। মাহির এই মহানুভবতার পরিচয় আবারও ভাইরাল হয়েছে নেটদুনিয়ায়। সেখানে নিরাপত্তার বেড়া টপকে হুইলচেয়ারে বসে থাকা এক অনুরাগীর কাছে যেতে দেখা যায় ধোনিকে। ঠিক কী ঘটেছে? আঁটসাঁট নিরাপত্তার মধ্যে সিএসকে দলের সঙ্গে বিমানবন্দর থেকে বেরিয়ে আসছিলেন ধোনি। ধোনির চোখে পড়ে এক বৃদ্ধা ভক্ত হুইলচেয়ারে বসে। তাঁর আবদার, ধোনির সঙ্গে সেলফি তুলবেন। ধোনিও নিরাপত্তার তোয়াক্কা না করে ওই ভক্তের সঙ্গে সেলফি তুলতে এগিয়ে যান। অনুরাগীর ফোন নিজ হাতে নিয়ে আবদার মেটান তিনি। সোশাল মিডিয়ায় এই ভিডিও দ্রুত ছড়িয়ে পড়তে ধোনির প্রশংসায় পঞ্চমুখ নেটিজেনরা। এক নেটিজেন লেখেন, ‘অসাধারণ মানুষ ধোনি।’ কেউ আবার তাঁকে ‘আদর্শ’ বলে উল্লেখ করে লেখেন, ‘তাঁর ভক্ত হতে পেরে সবসময় গর্বিত।’ একজন তাঁকে ‘বিশুদ্ধ মনের মানুষ’ও বলেন। যদিও মাহির এমন আচরণ নতুন কিছু নয়। প্রায়শই তাঁকে অনুরাগীদের আবদার মেটাতে দেখা যায়। তাঁর শহর রাঁচিতে কখনও তাঁদের সঙ্গে ছবি তোলেন। শুভেচ্ছাও জানাতে দেখা যায় তাঁকে। ক্যাপ্টেন কুলের ভদ্রতা ও নম্রতা সবসময়ই নজর কাড়ে। তাই হয়তো তিনি ‘ভক্তের ভগবান’। বিমানবন্দরের ঘটনাও এর ব্যতিক্রম নয়। উল্লেখ্য, চেন্নাই সুপার কিংসের পরবর্তী ম্যাচ ২০ এপ্রিল। প্রতিপক্ষ মুম্বই ইন্ডিয়ান্স।



নতুন দিল্লিতে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সর্বভারতীয় সাধারণ সম্পাদক (সংগঠন) বি.এল. সন্তোষের সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ড. মানিক সাহা।

# সোনামুড়া থানার চোখ ধাঁধানো গাঁজা বিরোধী অভিযান, উদ্ধার ৩২৫ কেজি

সোনামুড়া, ১৮ এপ্রিল: দীর্ঘদিন পর ফের চাঞ্চল্যকর গাঁজা বিরোধী অভিযান চালিয়ে সোনামুড়া থানা এক বড় সাফল্য অর্জন করল। থানার অন্তর্গত কমলনগর আনন্দপুর গ্রামের ঘাটিগড়ে মঞ্জিল হোসেন (৩৮)-এর বাড়িতে গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালায় পুলিশ।

শুক্রবার দুপুরে সোনামুড়া থানার ওসি জয়ন্ত কুমার দে-র নেতৃত্বে পুলিশ দল অভিযানে নামে। অভিযানে বসতবাড়ির উঠানে মাটি খুঁড়ে দুটি গর্ত থেকে উদ্ধার করা হয় সাতটি বড় ড্রামে ভরা গাঁজা। উদ্ধার হওয়া গাঁজার পরিমাণ প্রায় ৩২৫ কেজি, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ১১-১২ লক্ষ টাকা বলে জানিয়েছে পুলিশ।

গোপনীয়তার সাথে বেআইনি গাঁজা ব্যবসার উদ্দেশ্যে মাটির নিচে ড্রাম ভরে এই গাঁজা মজুদ করা হয়েছিল বলে পুলিশের প্রাথমিক অনুমান। অভিযুক্ত মঞ্জিল হোসেনকে গ্রেফতার করা হয়েছে। শনিবার তাকে আদালতে তোলা হবে এবং মাদক বিরোধী আইনে মামলা রুজু করে একাধিক দিনের পুলিশ রিমান্ডের আবেদন জানানো হবে বলেও জানানো হয়েছে।

পুলিশের ধারণা, ওই বাড়িতে বা অন্য কোথাও আরও গাঁজা মজুত থাকতে পারে। সেই অনুযায়ী তদন্ত চলছে। এ বিষয়ে সোনামুড়া থানার ওসি জয়ন্ত কুমার দে জানান, 'এই ধরনের অভিযান আগামীতেও চলবে। বেআইনি মাদক চক্রের বিরুদ্ধে আমাদের অভিযান জারি থাকবে।'

এই অভিযানে অংশ নেন ডেপুটি ম্যাজিস্ট্রেট ও কালেক্টরস সোনামুড়া প্রবীর কুমার সাহা, সোনামুড়া থানার ওসি জয়ন্ত কুমার দে, ইন্সপেক্টর বিপ্লব দেববর্মা, সাব-ইন্সপেক্টর তপন কুমার দাস, মহিলা অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর রত্না দাস সহ অন্যান্য পুলিশ ও টি এস আর কর্মীরা।

## রাজ্য সরকার ভাষা সংস্কৃতি ও শিক্ষার উন্নয়নে কাজ করছে: সমবায়মন্ত্রী

আগরতলা, ১৮ এপ্রিল : রাজ্য সরকার সবকা সাথ সবকা বিকাশের পাশাপাশি রাজ্যের মানুষের ভাষা, সংস্কৃতি ও শিক্ষার উন্নয়নে কাজ করছে। রাজ্যের মানুষের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ণ করা হচ্ছে। উন্নয়নের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য চাই শান্তি ও সম্প্রীতির পরিবেশ। রাজ্যে শান্তি ও সম্প্রীতি রক্ষায় ভগবান বুদ্ধের দেখানো পথ অনুসরণ করতে হবে। গতকাল শান্তিরবাজারের দেবদারু মহামুনি বুদ্ধবিহার প্রাঙ্গণে ২ দিনব্যাপী অষ্টম রাজ্যভিত্তিক সাংগ্রাই উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখেন এডিসি''র কার্য্যনির্বাহী সদস্য সুহেল দেববর্মা। তাছাড়া বক্তব্য রাখেন বুদ্ধ ধর্মগুরু চৌন্দা ওয়াইনসা মহাথেরু, এমডিসি দেবজিৎ ত্রিপুরা, বিশিষ্ট সমাজসেবী গৌরব মগ চৌধুরী প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মগ সোসিওকালচার্যাল কেন্দ্রীয় কমিটির সভাপতি কংডারি মগ চৌধুরী। সাংগ্রাই উৎসব উপলক্ষে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছিল। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে দু''দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

## শান্তি ও ঐক্যের কামনা করে গুড ফ্রাইডের শুভকামনা প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): গুড ফ্রাইডে উপলক্ষ্যে শুভকামনা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শান্তি ও ঐক্যের কামনা করেছেন প্রধানমন্ত্রী মোদী। শুক্রবার সকালে সামাজিক মাধ্যম এক্স-এ প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, 'গুড ফ্রাইডেতে আমরা যীশু খ্রিস্টের আত্মত্যাগকে স্মরণ করি। এই দিনটি আমাদের দয়া, করুণার পাশাপাশি সর্বদা উদার হৃদয়ের হতে অনুপ্রাণিত করে। শান্তি এবং ঐক্যের চেতনা সর্বদা বিরাজমান থাকুক।'

মাত্র ৩৩ বছর বয়সে ক্রুশবিদ্ধ করা হয়েছিল যিশুকে। দিনটি ছিল এক শুক্রবার। কিন্তু যে দিনটির সঙ্গে এমন বেদনাদায়ক ইতিহাস সেই দিনটিকে গুড ফ্রাইডে হিসেবে পালন করা হয়। যিশুর আত্মবলিদানকেই এই দিনে স্মরণ করা হয়। মনে করা হয়, পবিত্র শুক্রবারের দিনটি তিনি সত্যের জয়ের বাণী প্রচার করেছিলেন।

## জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ দ্রুত শেষ করতে মন্ত্রীর নির্দেশ

আগরতলা, ১৮ এপ্রিল : রাজ্যের সার্বিক উন্নয়ন, সড়ক যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণ ও জনগণের সুবিধার্থে জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। আসাম-আগরতলা জাতীয় সড়ক (এনএইচ-৮) সম্প্রসারণের কাজ রাজ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই প্রকল্প বাস্তবায়ণের জন্য যেসব সমস্যা রয়েছে সেগুলি অগ্রাধিকারের ভিত্তিতে চিহ্নিত করে নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ শেষ করতে হবে। আসাম-আগরতলা জাতীয় সড়ক (এনএইচ-৮) এর সম্প্রসারণের কাজ বিশেষত চম্পকনগর থেকে খয়েরপুর পর্যন্ত অংশ যাতে আরও দ্রুত গতিতে সম্পন্ন হয় তার জন্য আজ জিরানীয়া মহকুমা শাসকের কার্য্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এক বিশেষ সভায় পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। সভায় পরিবহণ মন্ত্রী সড়ক নির্মাণকারী সংস্থাকে রাজ্য প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে কাজ করতে ও কাজের গতি বাড়াতে নির্দেশ দেন। এই কাজে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। পরিবহণ মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তিরঞ্জন চাকমা, অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ ধর, ডিসি জন্মেজয় চাকমা, পার্থ সাহা, সমাজসেবী রঞ্জিত রায় চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া সভায় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, জাতীয় সড়ক নির্মাণকারী সংস্থার প্রতিনিধি ও ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন।

## উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণ ও পরিকল্পনা গ্রহণ করতে তেলিয়ামুড়া ব্লক সভা অনুষ্ঠিত

তেলিয়ামুড়া, ১৮ এপ্রিল : তেলিয়ামুড়া ব্লক এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের বিষয়ে গতকাল ব্লকের কনফারেন্স হলে ব্লক সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব। সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া ব্লক পরামর্শদাতা কমিটির চেয়ারম্যান ভানলাল রাংখল, খোয়াই জেলা পরিষদের সহাকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নির্মল সূত্রধর, তেলিয়ামুড়া বিএসি''র ভাইস চেয়ারম্যান প্রসন্নহরি জমাতিয়া, তেলিয়ামুড়া ব্লকের বিডিও বিপ্লব আচার্য্য, পঞ্চায়েত সমিতির সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, উপ প্রধানগণ।

তেলিয়ামুড়া ব্লক সভার শুরুতে বিডিও বিপ্লব আচার্য্য ২০২৪-২৫ অর্থবছরে তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতি এবং তেলিয়ামুড়া বিএসি''র জন্য পিডিএফ এবং পঞ্চদশ অর্থকমিশন থেকে পাওয়া অর্থে কি কি কাজ করা হয়েছে তার বিস্তারিত তথ্য তুলে ধরেন। বিডিও জানান, গত অর্থবছরে তেলিয়ামুড়া বুক এলাকায় ১৭টি গ্রামপঞ্চায়েতের জন্য পিডিএফ-এ ১১ লক্ষ ৭৮ হাজার ৮৬৬ টাকা এবং পঞ্চদশ অর্থ কমিশন থেকে ৮৪ লক্ষ ১০ হাজার ৬৪৬ টাকা পাওয়া গিয়েছিল। এর মধ্যে ৫৭ লক্ষ ৫৮ হাজার ৬৯৪ টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হয়েছে। ২৬ লক্ষ ৪১ হাজার ৮০৬ টাকা প্রস্তাবিত ব্যয়ে বিভিন্ন প্রকল্প রূপায়ণের কাজ চলছে। অবশিষ্ট অর্থ ব্যয় করার জন্য বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিডিও জানান, প্রাপ্ত অর্থ দিয়ে ইতিমধ্যেই বিভিন্ন গ্রামপঞ্চায়েত এলাকায় সোলার লাইট লাগানো হয়েছে, জল সংরক্ষণের ট্যাংক তৈরী করা হয়েছে। গ্রামীণ রাস্তা নির্মাণ ও পাকা ড্রেন নির্মাণ করা হয়েছে, জল নিষ্কাষণের জন্য বিভিন্ন জায়গায় বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। তাছাড়া বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্র সংস্কার করা হয়েছে। নেশামুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে সচেতনতা বাড়াতে ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সচেতনতামূলক প্রচার করা হয়েছে।

বিডিও সভায় জানান, তেলিয়ামুড়া ব্লকের অন্তর্গত ৮টি ভিলেজ কমিটির জন্য পিডিএফ ও পঞ্চদশ অর্থ কমিশন থেকে ৬৭ লক্ষ ৮৮ হাজার ৩০৯টাকা পাওয়া গেছে। এর মধ্যে ৪৫ লক্ষ ৪১ হাজার ৪৫৩ টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করা হয়েছে। বর্তমানে যেসব প্রকল্প রূপায়ণের কাজ চলছে তাতে ব্যয় ধরা হয়েছে ২৩ লক্ষ ৬৮ হাজার ১৭০ টাকা। অবশিষ্ট অর্থ ব্যয়ে বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। সভায় তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতি এবং তেলিয়ামুড়া বিএসি''র জন্য চলতি অর্থবছরে বিভিন্ন উন্নয়নমূলক কাজের পরিকল্পনা গ্রহণ করা হয়। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ নিজ নিজ দপ্তরের গত অর্থবছরের বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্য সভায় পেশ করেন এবং চলতি অর্থবছরে কাজের পরিকল্পনা বিষয়ে অবহিত করেন।

## কালবৈশাখী ঝড়ে লন্ডভন্ড গোটা অমরপুর মহকুমা

আগরতলা, ১৮ এপ্রিল : কালবৈশাখী ঝড়ে লন্ডভন্ড হয়েছে গোটা অমরপুর মহকুমা। মহকুমা জুড়ে বিভিন্ন প্রান্তে ঘটেছে অপ্রীতিকর কিছু ঘটনা। চন্ডীবাড়ি সংলগ্ন এলাকায় গাছ পড়ে একটি অটো ভেঙে যায় তবে হতাহতের কোন খবর নেই।

অন্যদিকে মাতামঙ্গল চন্ডী ময়দানে লাগানো চৌলার লাইটের খাম্বা ভেঙ্গে পড়ে এবং অমরপুর নগর পঞ্চায়েতের ৯ নং ওয়ার্ডের রাংকাং দাসপাড়ায় রাস্তায় গাছ পরে চলাচল ব্যাহত। অপরদিকে সমস্ত ঘটনার খবর পেয়ে দ্রুত মহকুমা দুর্য্যোগ মোকাবিলার সদস্যরা ঝাঁপিয়ে পড়েন উদ্ধার কাজে। সাধারণ মানুষের চলাচলা স্বাভাবিক করতে কাজ করে যাচ্ছেন অমরপুর মহকুমা প্রশাসনের তত্ত্বাবধানে দুর্য্যোগ মোকাবিলার সদস্যরা।

## শান্তিরবাজার শহরকে যানজটমুক্ত ও পরিচ্ছন্ন রাখতে পুর পরিষদের বিশেষ উদ্যোগ

শান্তিরবাজার : শান্তিরবাজার শহরকে যানজটমুক্ত ও পরিচ্ছন্ন রাখতে বিশেষ উদ্যোগ গ্রহণ করল শান্তিরবাজার পুর পরিষদ। বর্ষা আসন্ন, তার আগেই শহর এলাকায় জলাবদ্ধতা রোধ ও সুষ্ঠু যান চলাচল নিশ্চিত করতে শুক্রবার সকালে শান্তিরবাজার পুর পরিষদের ভাইস-চেয়ারম্যান সত্যব্রত সাহার নেতৃত্বে এক বিশেষ অভিযান পরিচালিত হয়। অভিযানে অংশ নেন শান্তিরবাজার মহকুমাশাসক তথা পুর পরিষদের সিইও মনোজ কুমার সাহা।

অভিযানের মূল লক্ষ্য ছিল বাজার এলাকায় রাস্তা দখল করে বসা ব্যবসায়ীদের সতর্ক করা এবং যান চলাচলে বাধা সৃষ্টি করা যানবাহনগুলিকে সরিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া। জাতীয় সড়কের ওপর যেখানে-সেখানে গাড়ি দাঁড় করিয়ে রাখা গাড়িচালকদের কড়া বার্তা দেয় প্রশাসন। একইসঙ্গে বর্ষা মৌসুমে শহর জলমগ্ন না হয়, সে বিষয়ে নিকাশি ব্যবস্থার উন্নয়ন নিয়ে প্রাথমিক আলোচনা করা হয়। অভিযানে জানানো হয়, আগামী দিনে যারা প্রশাসনিক নির্দেশ অমান্য করবে, তাদের বিরুদ্ধে কড়া আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

এই বিশেষ অভিযানে উপস্থিত ছিলেন শান্তিরবাজার এপিএমসির চেয়ারম্যান দুলাল দেবনাথ, শান্তিরবাজার বিজেপির মণ্ডল সভাপতি দেবাশিষ ভৌমিক সহ অন্যান্য প্রশাসনিক কর্মকর্তা ও পুর পরিষদের সদস্যরা।

মহকুমাশাসক মনোজ কুমার সাহা ও ভাইস-চেয়ারম্যান সত্যব্রত সাহা সংবাদমাধ্যমকে জানান, "শান্তিরবাজার শহরের বাসিন্দাদের সুরক্ষা ও স্বস্তির কথা মাথায় রেখেই এই উদ্যোগ। আমরা চাই, শহর পরিচ্ছন্ন থাকুক এবং যানজট থেকে মুক্ত হোক।" এ ধরনের সচেতনতামূলক অভিযান নিয়মিত চলবে বলেও জানান তাঁরা।

## কাকড়াবন বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড

নিজস্ব সংবাদদাতা : আজ সকালবেলা কাকড়াবন বাজারে একটি রেস্টুরেন্টে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ফলে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের বক্তব্য অনুযায়ী, বিস্ফোরণের তীব্র শব্দে গোটা এলাকা কেঁপে ওঠে এবং মুহূর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশেপাশের দোকানগুলিতে।

দমকলের একাধিক ইঞ্জিন দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। আগুনে অন্তত ২ থেকে ৩টি দোকান সম্পূর্ণভাবে ভস্মীভূত হয়েছে বলে জানা গেছে।

প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, এই অগ্নিকাণ্ডে প্রায় ৫ থেকে ৬ লক্ষ টাকার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। অগ্নিকাণ্ডের সঠিক কারণ খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে প্রশাসন ও দমকল বিভাগ। ঘটনাটি নিয়ে এলাকায় চরম আতঙ্ক ও চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## ইউনেস্কোর মেমোরি অফ দ্য ওয়ার্ল রেজিস্টারে স্থান শ্রীমদ্ভাগবদগীতা ও নাট্যশাস্ত্র—র

নয়াদিল্লি, ১৮ এপ্রিল (হি.স.): ইউনেস্কোর মেমোরি অফ দ্য ওয়ার্ল রেজিস্টারে অন্তর্ভুক্ত হল শ্রীমদ্ভাগবদগীতা এবং নাট্যশাস্ত্র। শুক্রবার এই বিষয়ে জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। তিনি জানান, ভারতের ঐতিহ্যবাহী সভ্যতার জন্য এক ঐতিহাসিক মুহূর্ত! শ্রীমদ্ভাগবদগীতা এবং ভরত মুনির নাট্যশাস্ত্র এখন ইউনেস্কোর মেমোরি অফ দ্য ওয়ার্ল রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই বৈশ্বিক সম্মান ভারতের শাশ্বত জ্ঞান এবং শৈল্পিক প্রতিভা উদযাপন করে। এই নিরন্তর কাজগুলি সাহিত্যের ভান্ডারের চেয়েও বেশি কিছু- এগুলির দার্শনিক এবং নান্দনিক ভিত্তি যা ভারতবর্ষের বৈশ্বিক দৃষ্টিভঙ্গি এবং আমাদের চিন্তাভাবনা, অনুভব, জীবনযাপন এবং প্রকাশের উপায়কে রূপ দিয়েছে।

## পানিসাগরে পুষ্টি সচেতনতামূলক 'পোশন পখোওড়া' কর্মসূচি অনুষ্ঠিত

পানিসাগর : উত্তর ত্রিপুরার পানিসাগর মহকুমার অন্তর্গত উত্তর গঙ্গানগর গ্রাম পঞ্চায়েতের পূর্ব গঙ্গানগর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সফলভাবে অনুষ্ঠিত হলো 'পোশন পখোওড়া ২০২৫'। পানিসাগর সিডিপিও অফিসের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল শিশু এবং গর্ভবতী মহিলাদের পুষ্টির গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং স্বাস্থ্য সুরক্ষার বার্তা পৌঁছে দেওয়া।

অনুষ্ঠানে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশু এবং গর্ভবতী মহিলাদের মধ্যে ফলমূল ও সবুজ শাকসবজি বিতরণ করা হয়। পাশাপাশি টিকাকরণ, ভিটামিন গ্রহণ এবং স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস সম্পর্কে সচেতনতামূলক বার্তা তুলে ধরা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর গঙ্গানগর গ্রাম পঞ্চায়েতের প্রধান নির্জলা দাস, বিশেষ অতিথি প্রসেনজিৎ দেববর্মা, উপপ্রধান রসময় ঘোষ এবং পানিসাগর সিডিপিও ইনচার্জ গোবিন্দলাল দাস।

আশা কর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের নিয়ে এক সচেতনতা সভাও অনুষ্ঠিত হয়, যেখানে ভবিষ্যৎ প্রজন্মের সুস্বাস্থ্যের লক্ষ্যে কীভাবে কাজ করা যায়, সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

প্রধান অতিথির বক্তব্যে নির্জলা দাস বলেন, "স্বাস্থ্যই সম্পদএই বার্তা আমরা ঘরে ঘরে পৌঁছে দিতে চাই। মাতৃ ও শিশুর সুস্থতা নিশ্চিত করতে আমাদের সকলকে সচেতন ও দায়িত্বশীল হতে হবে।"

## বিদ্যুৎ কেড়ে নিল শ্রমিকের প্রাণ

আগরতলা, ১৮ এপ্রিল: কাজ করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। ওই ঘটনায় কামালঘাট এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

ঘটনার বিবরনে জানা গিয়েছে, আজ কামালঘাট এলাকায় অপু বিশ্বাসের বাড়িতে বিদ্যুতের কাজ করতে গিয়েছিলেন সেকেরকোট এলাকার বাসিন্দা প্রসেনজিৎ দাস ( ৪৫)। কিন্তু কাজ করার সময় বিদ্যুৎ পরিবাহী তারের সংস্পর্শে আসেন তিনি। বিদ্যুৎপৃষ্ঠ হয়ে ঘটনাস্থলে প্রান হারায় তিনি। সাথে সাথে সহকর্মীরা এবং বাড়ির মালিক তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন। মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারে লোকজনের হাতে তুলে দেওয়া হবে।

# আগুনে পুড়লো নিবেদিতা স্কুলের অফিস রুম, চাঞ্চল্য

আগরতলা, ১৮ এপ্রিল: আগুনে পুড়ে ছাই হয়ে গেছে কুমারঘাট নিবেদিতা ইংলিশ মিডিয়াম স্কুলের অফিস কক্ষের দুটি রুম। ওই অগ্নিকাণ্ডে ঘরের ভেতরে থাকা বিভিন্ন বইপত্র, নথিপত্র, আলমারি, ইলেকট্রিকের জিনিসপত্র সহ অন্যান্য সামগ্রী ছাই হয়ে যায়। বড়সড়ো দুর্ঘটনা থেকে অল্পেতে রক্ষা পেয়েছে বিদ্যালয়ের আশপাশের বহু বাড়িঘর। কিন্তু কিভাবে আগুনের সূত্রপাত হয়েছে এখনো পর্যন্ত জানা যায় নি।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, গতকাল রাতে আচমকাই কুমারঘাট নিবেদিতা ইংলিশ মিডিয়াম স্কুলের ভেতরে আগুন দেখতে পান এলাকাবাসীরা। সাথে সাথে তাঁরা চিৎকার চেঁচামেচি শুরু করে। এদিকে, খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে দমকলবাহিনী। দমকলবাহিনী এবং এলাকাবাসীর সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। তাতে বড়সড়ো দুর্ঘটনা থেকে অল্পেতে রক্ষা পেয়েছে বিদ্যালয়ের আশপাশের বহু বাড়িঘর। কিন্তু কিভাবে আগুনের সূত্রপাত হয়েছে এখনো পর্যন্ত জানা যায় নি। ওই ঘটনায় গোটা এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।

প্রসঙ্গত, স্কুলের ভর্তি ফ্রী একাধিক ইস্যু নিয়ে অভিভাবকরা একের পর এক আন্দোলন করে যাচ্ছে। কিন্তু বৃহস্পতিবার গভীর রাতে স্কুলের ভেতরে কিভাবে আগুন লেগেছে তা নিয়ে লাখ টাকার প্রশ্ন উঠতে শুরু করেছে। আজ সকাল থেকে বিভিন্ন অংশের মানুষ বিভিন্ন রকমের প্রশ্ন তুলতে শুরু করেছে। এবিষয়ে স্কুল কমিটির সভাপতি প্রতিক্রিয়া ব্যক্ত করেন, পুলিশ প্রশাসন যেন সঠিকভাবে তদন্ত করে আসল রহস্যটা বের করে।

# ঐতিহ্যবাহী দুর্গাবাড়ি বৈশাখী মেলায় জমজমাট উৎসব, জুয়া রুখে মেলা কমিটির দৃঢ় অবস্থান

আগরতলা, ১৮ এপ্রিল: বামুটিয়া বিধানসভার অন্তর্গত ঐতিহ্যবাহী দুর্গাবাড়ি বৈশাখী মেলা এবারও পহেলা বৈশাখ থেকে শুরু হয়ে ৩রা বৈশাখ পর্যন্ত প্রাণবন্তভাবে উদযাপিত হয়েছে। শহর থেকে গ্রামসব শ্রেণির জাতি-উপজাতির মানুষ এই মেলায় এসে মিলিত হন, ফলে এটি হয়ে ওঠে এক বহুজাতিক সংস্কৃতির মিলনমেলা।

দুর্গাবাড়ি মেলাকে ঘিরে এলাকায় উৎসবের আবহ তৈরি হয়। চা বাগানের প্রাকৃতিক শোভা ও সবুজের মাঝে বসে এই মেলা। মেলাতে ছিল গৃহস্থালির সামগ্রী, কাঠ, বাঁশ, বেতের তৈরি সামগ্রী, খেলনা, লোহার ও কাঁচের জিনিসপত্র থেকে শুরু করে খাবার ও বিনোদনের নানা আয়োজন। আট থেকে আশিসব বয়সের মানুষ মেলায় এসে উপভোগ করেছেন আনন্দঘন পরিবেশ। এ বছর মেলার সফল ব্যবস্থাপনার জন্য গঠিত হয় একটি শক্তিশালী কমিটি। কমিটির সভাপতি ছিলেন দীপক বর্ধন, সহ-সভাপতি দীপেন সাহা, সম্পাদক সুভাষ ভড়, কোষাধ্যক্ষ রাজীব দেব। এছাড়াও বংশী তাঁতী সহ অনেকেই ছিলেন কমিটির গুরুত্বপূর্ণ সদস্য। তবে ২রা ও ৩রা বৈশাখে বৃষ্টির কারণে মেলায় কিছুটা বিঘ্ন ঘটে। ফলে বিক্রেতাদের ক্ষতির কথা বিবেচনা করে মেলা কমিটি সিদ্ধান্ত নেয় ৪ঠা বৈশাখ পর্যন্ত মেলার সময়সীমা বাড়ানোর। এতে বিক্রেতারা কিছুটা স্বস্তি পান বলে জানান আয়োজকেরা। অন্যদিকে, মেলাকে ঘিরে একটি কুচক্রী মহল জুয়ার আসর বসানোর চেষ্টা চালায়। তবে এয়ারপোর্ট থানার তৎপরতায় গত দুইদিনে ৭ জন জুয়াড়িকে গ্রেফতার করা হয়, বাজেয়াপ্ত হয় নগদ ২,০০০ টাকা সহ জুয়াড় সামগ্রী। পুলিশ জানিয়েছে, ধৃতদের বিরুদ্ধে আইন অনুযায়ী পদক্ষেপ নেওয়া হবে।

মেলা কমিটির পক্ষ থেকে সভাপতি, সহ-সভাপতি ও কোষাধ্যক্ষ সাংবাদিকদের জানান, তারা জুয়ামুক্ত মেলা আয়োজনের ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ। কমিটির সদস্যদের সহযোগিতায়ই জুয়াড়িদের চিহ্নিত করে পুলিশে সোপর্দ করা হয়েছে বলে দাবি করেন তারা। সেইসঙ্গে প্রশাসনের কাছে জুয়াড়িদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়েছে। মেলা কমিটির দাবি, মেলার সুনাম ক্ষুণ্ণ করতেই কিছু অসাধু মহল বারবার এই ধরনের অপচেষ্টা চালাচ্ছে। তবে প্রশাসন ও কমিটির যৌথ উদ্যোগে এবারও মেলাকে শান্তিপূর্ণ ও জুয়ামুক্ত রাখা সম্ভব হয়েছে। আগামী দিনেও এই ঐতিহ্য ধরে রাখতে জনগণের সহযোগিতা কামনা করেছেন মেলা আয়োজকরা।

## রঙ্গিয়াটিলায় পানীয় জলের সংকট প্রশাসন নীরব, এলাকাবাসী ক্ষুব্ধ

তেলিয়ামুরা : ত্রিপুরার মুঙ্গিয়াকামী আর.ডি ব্লকের অধীন রঙ্গিয়াটিলা এলাকার জনগণ আজও পরিস্কার এবং স্বাস্থ্যসম্মত পানীয় জল থেকে বঞ্চিত। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, যদিও সরকারি উদ্যোগে বিভিন্ন প্রকল্পের আওতায় পানীয় জলের ব্যবস্থা করার কথা বলা হয়েছে, তবে আসছে জল অত্যন্ত অপরিষ্কার ও স্বাস্থ্যসম্মত নয়। আইরন মিশ্রিত হওয়ার কারণে পানির গুণগত মান অত্যন্ত নিম্ন, যা মানুষের জন্য পানের অযোগ্য হয়ে পড়েছে। এলাকার বাসিন্দারা জানান, নিয়মিত জল আসলেও তা পানযোগ্য নয়, এবং এই জল ব্যবহারের ফলে এলাকায় বিভিন্ন জলবাহিত রোগব্যাধির আশঙ্কা বাড়ছে। এছাড়াও, এলাকাবাসীদের দাবি, এখনো পর্যন্ত রঙ্গিয়াটিলায় পানীয় জলের চাহিদা পূর্ণরূপে মেটানো হয়নি।

এলাকা পরিদর্শন করলে দেখা যায়, অতীতে ওই এলাকায় কিছু পানীয় জল ট্যাঙ্ক বসানো হয়েছিল, কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে অধিকাংশ ট্যাঙ্কই এখন আর যথাস্থানে নেই। কোথায় গিয়েছে ওই ট্যাঙ্কগুলি, তা কেউ জানে না। প্রশাসনের তরফ থেকে এ বিষয়ে কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি, ফলে বর্তমানে এলাকার সাধারণ মানুষ বাধ্য হয়ে অপরিষ্কার, আইরন যুক্ত জল ব্যবহার করতে হচ্ছে। এমন পরিস্থিতিতে এলাকাবাসী চরম অস্বস্তির মধ্যে দিনযাপন করছে। এবার অপেক্ষা, প্রশাসন কি এই প্রতিবেদনের পর সু-উদ্যোগ গ্রহণ করবে এবং রঙ্গিয়াটিলার জনগণের জন্য পর্যাপ্ত ও পরিষ্কার পানীয় জল নিশ্চিত করবে কিনা।

Date: 18/04/2025

**Wanted: Civil Engineer & Supervisor for Urgent Joiner**

Mitsumi Housing Pvt Ltd. are seeking a qualified and dynamic Civil Engineer & Supervisor to join our team. The ideal candidate should have strong experience in Site Execution, Labour management, and site supervision.

**Job Title: Civil Engineer(AE/JE)**

- **Experience Required:** 2- 5 years of Site experience in Building Sector.
- **Qualification:** B.E./B-Tech in Civil Engineering or Diploma with (4-8 years exp.)
- **Key Skills:** MS Office, AutoCAD proficiency, Quan ty es ma on, strong analytical abilities, etc...
- **Salary:** "As per industry standards".

**Responsibilities:**

- Planning and execution as per the standard & drawings, Quantity take off, Daily reporting ensuring compliance with safety norms, etc.

**Job Title: Civil Site Supervisor**

- **Experience Required :** 4 - 8 years of relevant experience.
- **Qualification:** Graduate/ Diploma in Civil Engineering.

**The Above requirement for our Light House Project, Agartala, Tripura location only**

**How to Apply:-**

**Interested candidates can send their resumes to** hr@mitsumihousing.com, pm.agartala@mitsumihousing.com **or WhatsApp on 7008865910 by Last Date for Applications 23/04/2025.**

**For Mitsumi Housing Private Limited**

**Authorized Signatory**

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas